banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতায় সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
এখন প্রতি মঙ্গলবার

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

www.ekarmakshetra.com

Best Training For
WBCS, SSC
(CGL, CHSL, MTS),
PSC, BANK, RAIL
7427927701
grassroot
Dunlop, Gariahat, Sonarpur, Tamluk

বর্ষ ৩৯ সংখ্যা ২২ কলকাতা বুধবার, ২ জানুয়ারি ২০১৯/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৭ পৌষ ১৪২৫ দাম ৫.০০ টাকা ২৪ পাতা R. N. 37120/80

# রাজ্য বিদ্যুৎ বিতরণ নিগমে ১১৭৯

## অফিস এক্সিকিউটিভ ও জুনিয়র অপারেটর টেকনিশিয়ান-কাম-টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট

১,১৭৯ জন অফিস এক্সিকিউটিভ ও জুনিয়র অপারেটর টেকনিশিয়ান-কাম-টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট নেবে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বিতরণ নিগম। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: MPP/ 2018/05.

শূন্যপদের বিন্যাস: **অফিস এক্সিকিউটিভ:** ৭৪৫টি (সাধারণ ৩৪৯, তফসিলি জাতি ১৫৯, তফসিলি উপজাতি ৪৫, ও বি সি-এ ৭৭, ও বি সি-বি ৫৪, দৈহিক প্রতিবন্ধী ২৩, প্রাক্তন সমরকর্মী ৩৮)। এক্সেম্পটেড ক্যাটেগরির জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক এবং যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে নিম্নলিখিত যে-কোনও একটি কম্পিউটার কোর্স করে থাকতে হবে— ন্যাশনাল ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি (পূর্বতন ডোয়েক) অনুমোদিত ও' লেভেল, অথবা ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল এডুকেশন বা ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট অনুমোদিত এক বছরের কম্পিউটার অ্যাপ্লিকেশন কোর্স বা এক বছরের মডার্ন অফিস প্র্যাক্টিস অ্যান্ড ম্যানেজমেন্টের ডিপ্লোমা কোর্স, অথবা কেন্দ্রীয় সরকার অনুমোদিত রিজিওনাল ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট থেকে কম্পিউটার অপারেশন অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট কোর্স বা সেক্রেটারিয়াল প্র্যাক্টিসেস কোর্স। ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশ করে থাকলেও আবেদন করা যাবে। সেক্ষেত্রে কম্বিনেশন সাবজেক্ট হিসেবে কম্পিউটার ফান্ডামেন্টালস অ্যান্ড প্রোগ্রামিং ও কম্পিউটার অ্যাসেম্বলি অ্যান্ড মেইন্টেন্যান্স অথবা আই টি

এরপর বাইশের পাতায়

# ইলেক্ট্রনিক কর্পোরেশনে ২১০০

## জুনিয়র টেকনিক্যাল অফিসার ও জুনিয়র কনসাল্ট্যান্ট

জুনিয়র টেকনিক্যাল অফিসার ও জুনিয়র কনসাল্ট্যান্ট পদে ২,১০০ জনকে নেবে ইলেক্ট্রনিক্স কর্পোরেশন অব ইন্ডিয়া। এটি কেন্দ্রের অ্যাটমিক এনার্জি দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। সংস্থার কলকাতা জোনাল অফিসে নিয়োগ করা হবে ৬৫০ জনকে। প্রাথমিকভাবে ৩ মাসের (কর্তৃপক্ষ মনে করলে আরও ২ মাস) চুক্তিতে নিয়োগ হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ৫০/২০১৮।

**কলকাতায় শূন্যপদের বিবরণ: জুনিয়র টেকনিক্যাল অফিসার:** শূন্যপদ: ৪৫৫টি (সাধারণ ২৩১, তফসিলি জাতি ৬৮, তফসিলি উপজাতি ৩৪, ও বি সি ১২২)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা মেকানিক্যাল বা কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং বা ইনফর্মেশন টেকনোলজিতে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ বি ই বা বি টেক ডিগ্রি। **বেতন:** নির্দিষ্ট মাসিক ১৯,১৮৮

এরপর বাইশের পাতায়

ভেতরের পাতায়

**কাজের নয়া দিশা দেখাচ্ছে অডিও-ভিস্যুয়াল জগৎ**
দ্রুত বাড়ছে ভারতের অডিও-ভিশুয়াল শিল্পের জগৎ। প্রচুর কাজের সুযোগ রয়েছে এক্ষেত্রে। সার্টিফায়েড টেকনোলজি স্পেশ্যালিস্ট (সি টি এস) অডিও-ভিশুয়াল শিল্পের পেশাদারি যোগ্যতা। এই সার্টিফিকেশন গ্রাহ্য হয় সারা বিশ্বেই। বিশদ প্রতিবেদন। ...পৃঃ ৯

**ফার্মাকোভিজিল্যান্সের পেশাদারদের চাহিদা বাড়ছে**
ওষুধপত্রের প্রতিক্রিয়ার উপর নজরদারির পেশা ফার্মাকোভিজিল্যান্স। ফার্মাকোভিজিল্যান্স ও ক্লিনিক্যাল রিসার্চের কোর্স পড়া যায় যাদবপুর বিশ্ববিদ্যালয়ে। ভর্তির জন্য আবেদন করা যাচ্ছে। ...পৃঃ ১২

**সাইবার অপরাধ দমন ও নিরাপত্তার কোর্স**
সাইবার ক্রাইম ও সিকিউরিটির সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের লাইফলং লার্নিং বিভাগ। উচ্চমাধ্যমিক উত্তীর্ণ হলেই আবেদন করা যাবে। ...পৃঃ ১৩

**আধুনিক কর্মজগতে প্রবেশের আগে ঝালিয়ে নিন নিজেকে**
কমিউনিকেশন স্কিল ও প্রফেশনাল ডেভেলপমেন্ট-সংক্রান্ত কোর্সে ভর্তি নিচ্ছে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এডুকেশন। স্নাতক প্রার্থীরা আবেদন করতে পারেন এখনই। ...পৃঃ ১৩

# রেলে ১৪০৩৩ ইঞ্জিনিয়ার, সায়েন্স গ্র্যাজুয়েট

## পশ্চিমবঙ্গের তিন আর আর বি-র শূন্যপদের খুঁটিনাটি

১৪,০৩৩ জুনিয়র ইঞ্জিনিয়ার, জুনিয়র ইঞ্জিনিয়ার (ইনফর্মেশন টেকনোলজি), ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট ও কেমিক্যাল অ্যান্ড মেটালার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট নেবে রেল। জুনিয়র ইঞ্জিনিয়ার নিয়োগ হবে রেলের বিভিন্ন বিভাগে। আবেদন করা যাবে ৩১ জানুয়ারি পর্যন্ত। বিভিন্ন ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনের ডিগ্রি ও ডিপ্লোমাধারীরা এই পদে আবেদন করতে পারবেন। দেশ জুড়ে বিভিন্ন রেল ও রেল ওয়ার্কশপগুলিতে নিয়োগ হবে। ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড (আর আর বি) একযোগে প্রার্থী বাছাই করবে। সুতরাং, যে-কোনও একটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের আওতাধীন শূন্যপদে আবেদন করা যাবে। শিক্ষাগত যোগ্যতা অনুসারে অনলাইন দরখাস্তে পদের অপশন দেওয়া যাবে। উল্লেখ্য, কর্মক্ষেত্র-র ২৬ ডিসেম্বর সংখ্যায় 'রেলে ১৪০৩৩ ডিগ্রি ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ার, সায়েন্স গ্র্যাজুয়েট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত আগাম খবর জানানো হয়েছিল। এবার থাকছে খুঁটিনাটি তথ্য।

নিয়োগ হবে দেশের বিভিন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের (আর আর বি) আওতাধীন শূন্যপদে। এখানে পশ্চিমবঙ্গের তিনটি আর আর বি তথা কলকাতা, মালদা ও শিলিগুড়ি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের আওতাধীন শূন্যপদগুলির সম্পর্কে বিশদে জানানো

এরপর সাতের পাতায়

# মধ্যপ্রদেশ হাইকোর্টে ১৯০ সিভিল জজ

## ২০১৯-এর ২০ জানুয়ারির মধ্যে এল এল বি ডিগ্রির সার্টিফিকেট হাতে পেয়ে থাকতে হবে

১৯০ জন সিভিল জজ (ক্লাস-টু) নিয়োগ করবে মধ্যপ্রদেশ হাইকোর্ট। পশ্চিমবঙ্গের যে-কোনও ক্যাটেগরির প্রার্থী শুধু সাধারণ ক্যাটেগরির প্রার্থী হিসেবে আবেদন করতে পারবেন। সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদ ৯৫টি। 'সিভিল জজ ক্লাস-টু (এন্ট্রি লেভেল) এক্সামিনেশন-২০১৯'-এর মাধ্যমে প্রার্থী বাছাই হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** আইনের গ্র্যাজুয়েট। ২০১৯-এর ২০ জানুয়ারির মধ্যে এল এল বি ডিগ্রির সার্টিফিকেট হাতে পেয়ে থাকতে হবে।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

এরপর তেইশের পাতায়

# দিল্লি ডেভেলপমেন্ট অথরিটিতে ১৭৩

প্ল্যানিং অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার, অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (প্ল্যানিং)-সহ বিভিন্ন পদে ১৭৩ জনকে নিয়োগ করবে দিল্লি ডেভেলপমেন্ট অথরিটি। ২ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/2019/Rectt. Cell. /Pers./DDA.

**শূন্যপদের বিবরণ:** পোস্ট কোড ০৪: **অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (প্ল্যানিং):** ১৯টি (সাধারণ ১২, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **শিক্ষাগত যোগ্যতা:** প্ল্যানিং বা আর্কিটেকচার বা সিভিল বা মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক অথবা জিওগ্রাফি বা সোশিওলজি বা ইকনমিক্সে স্নাতকোত্তর ডিগ্রি। এর পাশাপাশি টাউন বা সিটি বা আর্বান বা হাউজিং বা ট্রান্সপোর্ট বা এনভায়রনমেন্টাল প্ল্যানিংয়ে স্পেশ্যালাইজেশন-সহ প্ল্যানিংয়ে পোস্ট-গ্র্যাজুয়েশন করে থাকতে হবে।

এরপর বাইশের পাতায়

# নেভিতে খেলোয়াড়

বেশ কিছু খেলোয়াড় নেবে ভারতীয় নৌবাহিনী। ট্রেনিং দিয়ে সেলর র‍্যাঙ্কে নিয়োগ করা হবে বিভিন্ন এন্ট্রির মাধ্যমে। ট্রেনিং হবে ০১/২০১৯ ব্যাচে। শুধুমাত্র অবিবাহিত তরুণরাই আবেদন করবেন।

**যেসব ক্রীড়াক্ষেত্র থেকে নিয়োগ হবে:** অ্যাথলেটিক্স, অ্যাকোয়াটিক্স, বাস্কেটবল, বক্সিং, ক্রিকেট, ফুটবল, জিমন্যাস্টিক্স, হ্যান্ডবল, হকি, কবাডি, ভলিবল, ওয়েটলিফটিং, রেসলিং,

এরপর তেইশের পাতায়

# যোধপুর এইমসে ১১৭ গ্রুপ বি ও সি

স্টোর কিপার-কাম-ক্লার্ক, ক্যাশিয়ার এবং স্টোর কিপার পদে ১১৭ জনকে নেবে যোধপুরের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। ২ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর Admn/Estt/ 02/2018-AIIMS.JDH.

**শূন্যপদের বিবরণ: স্টোর কিপার-কাম-ক্লার্ক (গ্রুপ সি):** ৮৫টি (সাধারণ ৪৫, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২২)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে স্টোর হ্যান্ডলিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মেটেরিয়ালস ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা থাকলে অগ্রাধিকার। বয়স: ৩-২-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ১৯,৯০০ টাকা।

**ক্যাশিয়ার (গ্রুপ সি):** ১১টি (সাধারণ ৯, তফসিলি জাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: কমার্সে স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে কোনও সরকারি সংস্থায় ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে এবং কম্পিউটার অ্যাপ্লিকেশন ব্যবহারে দক্ষতা থাকতে হবে। বয়স: ২-২-২০১৯ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ২৫,৫০০ টাকা।

**স্টোরকিপার (গ্রুপ বি):** ২১টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে মেটেরিয়ালস ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা। অথবা মেটেরিয়ালস ম্যানেজমেন্টে স্নাতক, সঙ্গে স্টোর হ্যান্ডলিংয়ের কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মেডিক্যাল স্টোর্সে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ২-২-২০১৯ তারিখে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৩৫,৪০০ টাকা।

তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, বিবাহবিচ্ছিন্ন, আইনত স্বামীবিচ্ছিন্ন মহিলা প্রার্থীরা পুনরায় বিবাহ না করে থাকলে ও ৩৫ বছরের মধ্যে বয়স থাকলে স্টোর কিপার-কাম-ক্লার্ক এবং ক্যাশিয়ার পদে আবেদন করতে পারেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল ইন্টেলিজেন্স, জেনারেল অ্যাওয়ারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ

এরপর তেইশের পাতায়

শীঘ্রই প্রকাশিত হচ্ছে



banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



কর্মক্ষেত্র
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in
বর্ষ ৩৯ সংখ্যা ২২ ☐ ২ জানুয়ারি ২০১৯

ই-মেল ঠিকানা
সম্পাদকীয় বিভাগ: karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ: advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ: circulation@swarnakshar.in

## কর্মখালি

### চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা

বেতন: 10,600/- – 28700/-

শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

☐

Service Engineer প্রয়োজন। যোগ্যতা: Electrical Diploma / Certificate কোর্স। বয়স: 18-25 বছর। যোগাযোগ: 84200-04051. EASTERN POINT, BORAL MAIN ROAD, BADAMTALA, P.O.: BORAL, KOLKATA-700 154.

☐

### স্টার হোটেলে চাকরি

ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি, ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- + থাকা + খাওয়া + টিপস। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

☐

### BANK KYC -তে 27 জন

চাকরির জন্য কোনও ডোনেশন লাগে না। স্থায়ী অফিসিয়াল পদে কম্পিউটারে Database Update করতে ন্যূনতম H.S পাশ (18-32) ব্যাঙ্ক অফিস Executive নিয়োগ। বেতন: 8,345/- – 11,780/- Itech, Dunlop, Kol-108. কলকাতা: 83368-25988, বারাসাত: 83368-25979.

☐

### এয়ারপোর্ট ও মেট্রো

গ্যারান্টি সহকারে সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 16,500/- – 49,300/- এছাড়া PF, ESI, OT-সহ অন্যান্য সুবিধা। বয়স: 18-40, D.J.S, হাওড়া, শিবপুর, (M): 83719-21244.

☐

### URGENT VACANCY
### জাহাজ ও এয়ারপোর্টে চাকরি
PREMIRE PLACEMENT CO.
GOVT. REGD NO.-1342/14

কন্ট্রাক্টরের অধীনে জাহাজ ও এয়ারপোর্টে জরুরিভিত্তিক নিয়োগ চলছে। যোগ্যতা: অষ্টম-স্নাতক। বয়সসীমা: ১৮-৪২-এর মধ্যে। যোগ্যতানুযায়ী পদ ও বেতন যথাক্রমে ১২,৮০০/- – ৫৮,০০০/-। আগ্রহী কর্মপ্রার্থীরা বায়োডাটা, ডকুমেন্ট ও অভিভাবক-সহ সত্বর যোগাযোগ করুন। S. K. B. S, Kol-30. (M): 96095-55776.

☐

## কর্মখালি

### বিবেকানন্দ ছাত্রাবাস

স্নাতক/ স্নাতকোত্তর যোগ্যতাসম্পন্ন MATHS, PHYSICS, CHEMISTRY, BIOLOGY, ENGLISH, GEOGRAPHY, HISTORY এবং COMPUTER-এর আবাসিক শিক্ষক/ শিক্ষিকা প্রয়োজন। ব্যারাকপুর, কোল-১২১, 70030-25231.

☐

### Pvt. ব্যাঙ্কে চাকরি

ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে অফিসিয়াল পদে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672
শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904
শ্যামবাজার ও শিয়ালদহ: 74497-02185
ব্যারাকপুর ও সোদপুর: 84202-17726
নৈহাটি ও কল্যাণী: 86975-95918
সোনারপুর ও গড়িয়া: 86976-16060
বজবজ ও বালিগঞ্জ: 86976-16100
বারাসাত ও বনগাঁ: 84208-88113
বসিরহাট ও এয়ারপোর্ট: 86975-95917
Need Counseling. ডানলপ-108.

☐

### আর্জেন্ট ভ্যাকান্সি

Airport ও মেট্রোতে পার্মানেন্ট জব। স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 45,900/-, এছাড়া PF, ESI, OT-সহ থাকা-খাওয়ার সুব্যবস্থা। বয়স: 18-40, D.J.S.C. বালিগঞ্জ ফাঁড়ি মোড়, কোল-19, (M): 83718-73424.

☐

### আর্জেন্ট রিক্রুটমেন্ট
### এয়ারপোর্ট ও মেট্রোতে
### স্পট জয়েনিং

গঃ ভঃ লাইসেন্সপ্রাপ্ত অফিসের মাধ্যমে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,300/- – 48,700/- এছাড়া PF, ESI, OT-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা। সত্বর যোগাযোগ করুন। D. L.C, সল্টলেক, কলি-64, (M): 83709-56124.

☐

### Airport মেট্রোতে Pvt. ব্যাঙ্কে স্থায়ী জব

সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিনা ডোনেশনে Airport ও মেট্রোতে ও ব্যাঙ্ক DSA-তে কন্ট্রাক্টরের অধীনে নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48600/-. বয়স: 18-40 বছর। অন্যান্য সুবিধা: D. L. C, শিয়ালদহ, কলি-09, 83709-54324.

☐

### হোটেলে চাকরি

কেন্দ্র ও রাজ্য সরকার অনুমোদিত, ISO স্বীকৃত ও University Affiliated সংস্থার মাধ্যমে হোটেলে গ্যারান্টি-সহ ৮,০০০/- আয় + থাকা + খাওয়া + মেডিক্যাল ফ্রী। www.bahm.co.in M: 92316-80651.

☐

হুগলি জেলার ডানকুনিতে স্মার্ট Computer Faculty (Office, C++, VB, PHP) প্রয়োজন। Biodata Send to email: gsghosh@gmail.com

☐

ATM গার্ড ও টাওয়ার টেকনি-এর কাজের জন্য কর্মী চাই। বেতন: 13,500/- – 18,500/-. M: 74773-12519. R. J. S. R. B. L. Kol-9.

☐

## কর্মখালি

Jio / Vodafone / SBI কার্ড: কেয়ারে বাংলা ভাষা জানা ছেলেমেয়ে সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 11,800/-. Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91, হাওড়া ও হুগলি: 98301-20692, উঃ ও দঃ 24 পরগনা: 96747-95345, মেদিনীপুর ও বর্ধমান: 70440-49492.

☐

### JOB VACANCY

Govt. Reg-L/No-1860A, সম্পূর্ণ বিনা ডোনেশনে 3-4 দিনের মধ্যে প্রতিটি জেলায় Pvt. BANK, টাওয়ার, ATM, শপিংমল, Dish TV ও MNC বিভিন্ন Official পদে (৪র্থ-উচ্চশিক্ষিত) টার্গেট ছাড়া Direct জয়েনিং। বেতন: (11,200/- – 29,500/-)। কর্মপ্রার্থীর আবেদনের মুহূর্তে Joining Date জানানো হবে। DJS, ডালহৌসি, কলি-১। (M): 97343-13638 / 86954-99063.

☐

### বিনা ডোনেশনে সুনিশ্চিত ভবিষ্যৎ গড়তে ফোন করুন

গভঃ লাইসেন্সপ্রাপ্ত (L. No-EWK 70082) অফিস দিচ্ছে সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রোরেল ও P.V.T BANK DSA) সংস্থায় সরাসরি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ M/F নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক, বেতন: (8,900/- – 37,800/-), এছাড়া OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা খাওয়া সম্পূর্ণ ফ্রি। যোগাযোগ: B. C., ব্যান্ডেল, হুগলি। M: 70766-75198.

☐

### আর্জেন্ট ভ্যাকান্সি

জেলায় জেলায় A.T.M গার্ড, টাওয়ার Co, শোরুম ও ফ্যাক্টরি Co-তে বিভিন্ন অফিসিয়াল পদের জন্য Male কর্মী চাই। বেতন: (12,500/- – 18,500/-), M. J. S. R. B. L, Kol-9. M: 81458-37367.

## স্কুল-কলেজ শিক্ষা

কম্বাইন্ড কোর্স (WBCS, PSC, SSC, ব্যাঙ্ক, রেল, স্পোকেন ইংলিশ ইত্যাদি) প্রশিক্ষণ নিয়ে বহু স্টুডেন্ট সুপ্রতিষ্ঠিত। কেবলমাত্র ছাত্রীরাই যোগাযোগ করবে। পি. মুখার্জি, হাওড়া শিবপুর। 90075-34791, 90731-76083.

## ব্যবসা-বাণিজ্য

### !শিল্পোদ্যোগীদের জন্য এখন ভারত সরকারের (NSIC) সঙ্গে যৌথ উদ্যোগে!

অল্প পুঁজিতে মহিশোর আগরবাতি, কাঁচা ধূপ, মোমবাতি, ডিটারজেন্ট সাবান, ফিনাইল, ব্লু, শ্যাম্পু, শেভিং ক্রিম, আফটার শেভ, মেহেন্দি, নেলপালিশ, সিঁদুর, আলতা, স্নো-পাউডার, ক্রিম, বিন্দি, হেয়ার অয়েল, বাম, কসমেটিক্স ইত্যাদি। এছাড়া বিভিন্ন নতুন ধরনের আইটেম তৈরির পরামর্শের জন্য N.S.I.C. PRAGATI, বালি হল্ট, হাওড়া, 2671-0292. Website: www.pragatinic.org

☐

শিল্প উদ্যোগ: 'সমৃদ্ধি'-নৈহাটি: 85369 56358 ফিনাইল, ডিটারজেন্ট, টয়লেট ক্লিনার, বাম, শ্যাম্পু, সেন্ট, হ্যান্ড + ফেস + ডিশ ওয়াশ, জেলি, সস, ভিনিগার সরাসরি কারখানা থেকে নিয়ে নিজের ব্যবসা শুরু করে স্বনির্ভর হউন।

কর্মক্ষেত্র কার্যালয়ে যোগাযোগের ঠিকানা
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:
অর্পণ দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
ঝুমা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

DISCLAIMER

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

# ভাবা অ্যাটমিক রিসার্চে প্রশিক্ষণ দিয়ে চাকরি

ইঞ্জিনিয়ারিংয়ের স্নাতক এবং বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রিধারীদের প্রশিক্ষণ দিয়ে সায়েন্টিফিক অফিসার পদে নিয়োগ করবে ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার। এটি কেন্দ্রের অ্যাটমিক এনার্জি দপ্তরের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। ওরিয়েন্টেশন কোর্স ফর ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েটস অ্যান্ড সায়েন্স পোস্ট-গ্র্যাজুয়েটস (ও সি ই এস) এবং ডিপার্টমেন্ট অব অ্যাটমিক এনার্জি (ডি এ ই) গ্র্যাজুয়েট ফেলোশিপ স্কিম ফর ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েটস অ্যান্ড ফিজিক্স পোস্ট-গ্র্যাজুয়েটস (ডি জি এফ এস) কোর্সে ট্রেনিং দেবে ভাবা অ্যাটমিক রিসার্চ ট্রেনিং স্কুল। কোর্স চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

**শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিং শাখা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল, কেমিক্যাল, মেটালার্জিক্যাল, মেটেরিয়ালস, সিভিল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বা নিউক্লিয়ার সায়েন্স অ্যান্ড টেকনোলজির মধ্যে যে-কোনও একটি বিষয়ে বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) বা ইন্টিগ্রেটেড এম টেক। **বিজ্ঞান শাখা:** ফিজিক্স বা অ্যাপ্লায়েড ফিজিক্স বা কেমিস্ট্রি বা বায়োসায়েন্সেস বা জিওফিজিক্স বা অ্যাপ্লায়েড জিওফিজিক্সে এম এসসি অথবা জিওলজি বা অ্যাপ্লায়েড জিওলজি বা অ্যাপ্লায়েড জিওকেমিস্ট্রিতে এম এসসি বা এম টেক অথবা জিওলজিক্যাল টেকনোলজি বা জিওফিজিক্যাল টেকনোলজিতে ইন্টিগ্রেটেড এম টেক অথবা ইঞ্জিনিয়ারিং ফিজিক্সে বি ই বা বি টেক অথবা ফুড টেকনোলজিতে বি ই বা বি টেক বা বি এসসি টেক। সব ক্ষেত্রেই অন্তত ৬০ শতাংশ নম্বর থাকতে হবে।

সেইসঙ্গে সব ক্ষেত্রেই গেট-২০১৮ বা গেট-২০১৯ পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে উত্তীর্ণ হতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

**বয়স:** ১-৮-২০১৯ তারিখে ২৬ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ৩৫,০০০ টাকা। এছাড়াও বইয়ের খরচ বাবদ এককালীন দেওয়া হবে ১০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা, গেট পরীক্ষায় প্রাপ্ত স্কোর এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা নেওয়া হবে ৯ থেকে ১৫ মার্চের মধ্যে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা ও দুর্গাপুর।

**অনলাইন** আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.barconlineexam.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের আগে রেজিস্ট্রেশন করতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ৩১ জানুয়ারি। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জেপিজি ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। ফি জমা দিতে হবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। এছাড়াও অফলাইনে ফি জমা দেওয়া যাবে চালানের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী প্রার্থী এবং কর্মরত অবস্থায় মৃত সমরকর্মীদের সন্তানদের কোনও ফি লাগবে না।

আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। এর পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

বিস্তারিত শিক্ষাগত যোগ্যতা, পরীক্ষার সিলেবাস এবং অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

স্বর্ণাক্ষরে
বেড়াবার বই
ছোটদের বই

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
দুচাকায় দুনিয়া
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹ ৩০০

শঙ্খ ঘোষের ইছামতীর মশা
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

বেড়াতে যাবার সিঁড়ি ₹১২০

নবনীতা দেব সেনের
ভ্রমণের নবনীতা
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
বন্ধুভরা বসুন্ধরা
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
বাঁধা পথের বাঁধন ছেড়ে
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
চিন তিব্বত মোঙ্গোলিয়া
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

সেরা ভ্রমণ কাহিনী
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-কবিদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭৫০ পাতা। ৩য় মুদ্রণ ₹৫০০
৩য় খণ্ড ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
তুতুল তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
বকবকম ₹১৫
খুদে ছেলেদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
চলো দেখে আসি
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
চড়ুইয়ের সঙ্গে ₹১৫
কুমির হয়ে জলে গেল ₹৩০
পবিত্র সরকারের
কথামালা: ছড়ায় ঢালা ₹১৫
মৈত্রেয়ী নাগের
বাঘ বেড়ালের ছড়া ছবি ₹৩০
আষাঢ়ে গল্প ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
ছোটদের বই
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
গরিলার চোখ ₹৮০
লিচুবাগানের চৌকিদার ₹৮০
বরফের বাগান ₹১২০
ছেঁড়াকাঁথার গল্প ₹৭৫
আমাজনের জঙ্গলে
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
হীরু ডাকাত
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে। অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দুঘণ্টার অখণ্ড MP3 সিডি
গৌর যাযাবর
বিদ্যাসাগরীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত
পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
শাদা ঘোড়া ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
টিয়াগ্রামের ফিঙেনদী
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
ঋষিকুমার ₹২০ পাখির খাতা ₹২০
ভূতের বাঁশি ₹৪০
তালগাছের ভোজী ₹২০

স্বর্ণাক্ষর
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# মুড়ি তৈরির মেশিন

'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।



নিজস্ব প্রতিনিধি: সারাবছরই মুড়ির চাহিদা থাকে। মেশিনের সাহায্যে মুড়ি তৈরি করে বস্তায় বা প্যাকেটে ভরে বিক্রি করতে পারেন। মুড়ি তৈরির রোস্টার মেশিনে প্রতি ঘন্টায় ৩০০ কেজি মুড়ি উৎপাদন সম্ভব। উৎপাদন ক্ষমতার তারতম্য অনুযায়ী মেশিনের সাইজেরও তারতম্য হয়।

**কীভাবে করবেন:** মুড়ির চাল প্রথমে খুব ভালোভাবে ধুয়ে নিতে হবে। এবার লবণমিশ্রিত ওই মুড়ির চাল সূর্যালোকে শুকিয়ে নিতে হবে। এরপর রোস্টার মেশিনের হপারে তা ঢেলে দিয়ে মেশিন চালু করলে নিজে থেকেই তা বালিতে ভাজা হয়ে জালের চালনি দিয়ে বালি ছেঁকে মুড়ি তৈরি হয়ে বেরিয়ে আসবে। এই মেশিনে মুড়ি ছাড়াও ছোলা, বাদাম প্রভৃতিও বালিতে ভাজা যায়। রোস্টার গরম করতে প্রতি ঘন্টায় ২০ কেজির মতো ধানের কুঁড়ো বা কাঠ জ্বালানি হিসেবে ব্যবহৃত হয়। এছাড়া প্রতি ঘন্টায় ৩ থেকে ৫ লিটার ডিজেলেও এই কাজটি করা যায়।

উৎপাদন ক্ষমতা অনুযায়ী রোস্টার মেশিনটি চালাতে ২ থেকে ৩ হর্সপাওয়ার মোটর লাগবে এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

এছাড়া ব্লোয়ার মেশিনের জন্য মোটর লাগবে ১ হর্সপাওয়ার।

**কোন মেশিনের কী দাম:** উৎপাদন ক্ষমতার তারতম্য অনুযায়ী এই মেশিনের দামেরও তারতম্য হয়। মোটরসমেত ঘন্টায় ৩০০ কেজি পর্যন্ত মুড়ি উৎপাদনক্ষম রোস্টার মেশিনের দাম ১,২৫,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পেতে যোগাযোগ করুন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata- 700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।

□ *আমি একজন হস্তশিল্পী। টেরাকোটার বিভিন্ন সামগ্রী তৈরি করি। রাজ্য ও জাতীয় স্তরের হস্তশিল্প মেলাগুলিতে অংশগ্রহণ করতে চাই। এর জন্য সচিত্র পরিচয়পত্রের দরকার হবে। কীভাবে এই পরিচয়পত্র পাওয়া যাবে? —কল্যাণ নন্দী, কৃষ্ণনগর, নদিয়া।*

□□ আপনি ওয়েস্ট বেঙ্গল এক্সপোর্ট কাউন্সিলে যোগাযোগ করতে পারেন। কাউন্সিলের ওয়েবসাইট থেকে সচিত্র পরিচয়পত্রের জন্য আবেদনের ফর্ম সরাসরি ডাউনলোড করে নিতে পারেন। পূরণ করা আবেদনপত্র জমা দিতে হবে কাউন্সিলের অফিসে। ঠিকানা: ওয়েস্ট বেঙ্গল এক্সপোর্ট প্রমোশন সোসাইটি, ২, চার্চ লেন, রুম নম্বর-৪০১, পঞ্চম তল, কলকাতা-১। ফোন: (০৩৩) ২২৪৩-৯১৮৮। ওয়েবসাইট: www.wbseps.com

তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন আপনার জেলার শিল্পকেন্দ্রেও। ঠিকানা: ডি আর ডি এ বিল্ডিং, পোঃ বালুরঘাট, ফোন: (০৩৫২২) ২৫৫-৯৭৫।

□ *ব্যবসা-সংক্রান্ত প্রশিক্ষণ নেওয়ার জন্য শিলিগুড়িতে কোনও সরকারি প্রতিষ্ঠানের সহায়তা পাওয়া যেতে পারে কি? প্রশিক্ষণ ও তথ্য-পরামর্শের জন্য কোথায় যোগাযোগ করা যেতে পারে জানালে খুব উপকার হয়। —অরুণ সেনগুপ্ত, রবীন্দ্র সরণী, শিলিগুড়ি-৭৩৪ ০০৬।*

□□ আপনি ভারত সরকারের সংস্থা মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইসেস ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের শিলিগুড়ি কেন্দ্রে যোগাযোগ করতে পারেন। ঠিকানা: সেবক রোড, শিলিগুড়ি-৭৩৪ ৪০১। ফোন: (০৩৫৩) ২৫৪-২৪৮৭।

যোগাযোগ করতে পারেন এই ঠিকানাতেও: জেলা শিল্প কেন্দ্র, ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, কমার্শিয়াল কমপ্লেক্স (তৃতীয় তল), সি-ডি ব্লক, সেকেন্ড মাইল, সেবক রোড, শিলিগুড়ি-৭৩৪ ০০১।

□ *ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনে যোগাযোগ করতে চাই জি এস টি বিষয়ক তথ্যের জন্য। ঠিকানা জানালে উপকৃত হব। —সুদর্শন পাল, বনহুগলি, কলকাতা।*

□□ সংস্থার কলকাতাস্থিত নোডাল অফিসের ঠিকানা: ২০-বি, আব্দুল হামিদ স্ট্রিট (অষ্টম তল), কলকাতা-৬৯। ফোন: ২২১৩-৭০৮৪।

□ *মুদ্রা যোজনার আওতায় কত পরিমাণ টাকার ঋণ পাওয়া যায়? —সঙ্গীতা মাইতি, বেনাচিতি, বর্ধমান।*

□□ ঋণ পাওয়া যায় তিনটি ক্যাটেগরিতে। ক্ষুদ্র ব্যবসার জন্য সর্বোচ্চ ৫০ হাজার টাকা পর্যন্ত ঋণ পাওয়া যেতে পারে। একটু বড় আকারের ব্যবসার জন্য দ্বিতীয় ক্যাটেগরিতে ৫০ হাজার থেকে সর্বোচ্চ ৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণ পাওয়ার সুযোগ আছে। আরও বড় আকারের ব্যবসার জন্য ৫ লক্ষ থেকে সর্বোচ্চ ১০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ পাওয়া যেতে পারে।

□ *আঞ্চলিক বাজারে সরষের তেল বিক্রির জন্য ঘানি তৈরি করতে চাই। কী কী মেশিনের দরকার হবে এবং মেশিনের দরদাম জানালে উপকৃত হব। —তরুণ হাঁসদা, কাঁথি, পূর্ব মেদিনীপুর।*

□□ সরষে ভাঙানোর জন্য দরকার হবে অয়েল এক্সপেলার মেশিন। ভাঙানোর পরে তেল ছেঁকে নেওয়ার জন্য দরকার হবে ফিল্টার প্রেস মেশিনের। ঘণ্টায় ৪০ কেজি পর্যন্ত তেল উৎপাদনের উপযোগী এক্সপেলার মেশিনের দাম কমবেশি ৮৫ হাজার টাকা। সঙ্গে অন্তত ১০ হর্সপাওয়ারের মোটরের দরকার হবে। দাম ২০-২৫ হাজার টাকা। ফিল্টার প্রেস মেশিনের দাম কমবেশি ৬০ হাজার টাকা।


THE UNIVERSITY OF BURDWAN

DEPARTMENT OF LIFELONG LEARNING

Admission Notification No. 2/2018

For Certificate Course in Cyber Crime & Security please visit www.buruniv.ac.in. Contact No. 0342-2634975 Extn - 286.

Director

দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট

ESTD.-1920

ট্রেনিং পার্টনার অফ

ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (N.S.D.C)

Skill India

# TEXMACO GEORGE TELEGRAPH Centre Of Excellence BELGHARIA : 9830780280

DAIKIN Centre Of Excellence SEALDAH : 8336939682

AUTOMOBILE ENGINEERING Centre of Excellence SALAP (Howrah) : 9903967142 • RAJARHAT : 9903967146

■* COURSES JOINTLY WITH NETAJI SUBHAS OPEN UNIVERSITY (RECOGNISED BY UGC-DEB)

- ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
- কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড অ্যাডভান্সড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং #
- নেটওয়ার্ক এক্সপার্ট *
- রাউটিং সুইচিং এক্সপার্ট *
- ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং *
- মোবাইল অ্যান্ড টেলিফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- স্মার্টফোন রিপেয়ারিং টেকনিশিয়ান *
- অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং
- এসি অ্যান্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং #
- ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান
- সিভিল কনস্ট্রাকশন টেকনোলজি
- সিভিল ড্রাফটসম্যানশিপ (ক্যাড সহ)
- সিসিটিভি টেকনিশিয়ান *

যোগ্যতা ক্লাস X/XII বোর্ড পরীক্ষা

- চিপ লেভেল ল্যাপটপ রিপেয়ারিং *
- অফিস ম্যানেজমেন্ট (ফ্রন্ট অ্যান্ড ব্যাক) *
- প্রফেশনাল এক্সিকিউটিভ সেক্রেটারী #
- সার্টিফায়েড প্রফেশনাল অ্যাকাউন্ট্যান্ট * (Tally.ERP9 সহ) (গ্রাজুয়েট)
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যান্ড প্রোগ্রামিং #
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যান্ড অফিস ম্যানেজমেন্ট *#
- স্টেনোগ্রাফি *
- অ্যাডভান্সড এক্সেল *
- ডট নেট টেকনোলজি *
- ডিপ্লোমা কোর্স ইন রিটেল ম্যানেজমেন্ট
- সার্টিফিকেট কোর্স ইন রিটেল ম্যানেজমেন্ট
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন কসমেটোলজি *
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন বিউটি *
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন মেকআপ *
- ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবোরেটরি টেকনিশিয়ান
- ডিপ্লোমা ইন রিনাল ডায়েলেশিস টেকনিশিয়ান
- ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনিশিয়ান

} স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি, পঃ বঃ সরকার দ্বারা অনুমোদিত

- ইন্টিরিয়র ডিজাইন, ডেকোরেশন অ্যান্ড সাইট সুপারভাইজার (Godrej Interio)
- ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন

} পার্ক স্ট্রিট কেন্দ্র

- আই এফ বি ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং (IFB দ্বারা পরিচালিত)
- টিভিএস অটোমোবাইল টেকনিসিয়ান (TVS Motor Co. Ltd. দ্বারা পরিচালিত)
- গোদরেজ অ্যাডভান্স কোর্স ইন এসি, রেফ্রিজারেশন অ্যান্ড ওয়াশিং মেশিনস (Godrej দ্বারা পরিচালিত)
- ক্যারিয়র মাইডিয়া এয়ার কন্ডিশনারস এণ্ড এ্যাপ্লায়েন্সেস কোর্স (Carrier Midea, India দ্বারা পরিচালিত)
- অটোমোবাইল ইলেকট্রনিক্স এসি অ্যান্ড ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান (BOSCH দ্বারা পরিচালিত)
- ডাইকিন এয়ার কন্ডিশনিং ইঞ্জিনিয়ারিং (DAIKIN দ্বারা পরিচালিত)

অনলাইন অ্যাডমিশনে স্কলারশিপ www.georgetelegraph.org

6/12/24 EMI, Zero Processing Fee (Only Sealdah Centre) BAJAJ FINSERV

Dhaka(Bangladesh) : 01709380048

প্রধান ট্রেনিং সেন্টার শিয়ালদা 8336939682/83/84/85, 033 22272605/24851214 অ্যাডমিশন হেল্পলাইন : 9836428285 • WhatsApp 8336939684

CENTRES

| | |
|---|---|
| আগরতলা | 9436139307 |
| ■ আলিপুর দুয়ার | 9836408027 |
| ■ আন্দুল | 8334975533 |
| ■ আসানসোল | 0341 2302897 |
| বেলঘড়িয়া (টেক্সম্যাকো) | 9830780280 |
| ■ বাগনান | 9051110638 |
| ■ বালুরঘাট | 9674165418 |
| ■ বোলপুর | 9073333262 |
| ■ বারাসাত (টাকী রোড) | 9674165589 |
| ■ বারাসাত (যশোর রোড) | 8336911041 |
| ■ বেহালা | 9836616668 |
| ■ বহরমপুর | 9674165587 |
| ■ বনগাঁ | 9836717783 |
| বাঁকুড়া | 9932870010 |
| ব্যারাকপুর (ফিউচার হোপ) | 9830596844 |
| বর্ধমান | 0342 2560398 |
| ■ কন্টাই | 9674165582 |
| ■ কুচবিহার | 9674165586 |
| কটক | 0671 2312666 |
| ■ দুর্গাপুর | 9051111246 |
| ডাকঘর | 8017522288 |
| ডায়মণ্ড হারবার | 8017522287 |
| গুয়াহাটি | 9127066277 |
| গার্ডেনরিচ | 9230613574 |
| ■ হরিপাল | 9874136799 |
| হাবরা | 9093037766 |
| হলদিয়া | 9732727609 |
| ■ জয়নগর | 9836666773 |
| জলপাইগুড়ি | 9434154082 |
| ■ কল্যাণী | 9674165588 |
| ■ কৃষ্ণনগর | 9674162462 |
| কোন্নগর | 9007129736 |
| খোসবাগ (বাঁকুড়া) | 9635735382 |
| কাকদ্বীপ | 9830077802 |
| ■ খড়গপুর | 9073610876 |
| ■ লিলুয়া (হাওড়া) | 9830136688 |
| ■ মালবাজার | 9674165584 |
| ■ মালদা | 9674165585 |
| ■ মেদিনীপুর | 8335062606 |
| মেমারি | 8777687853 |
| পাণ্ডুয়া | 9831840004 |
| ■ পুরুলিয়া | 9051110498 |
| ■ রায়গঞ্জ | 9830680900 |
| রাজারহাট | 6290271014 |
| ■ শিলিগুড়ি | 8335051715 |
| ■ সোনারপুর | 9830720005 |
| সিউড়ি | 9475074332 |
| তমলুক | 9735521383 |
| ঠাকুরপুকুর | 8017522286 |
| **Interior Design** | |
| পার্ক স্ট্রিট | 9073610877 |
| **Beauty** | |
| ■ ভবানীপুর | 9073952154 |
| গার্ডেনরিচ | 6290939559 |
| জলপাইগুড়ি | 8158806115 |
| নাকতলা (গড়িয়া) | 9831166575 |
| **Paramedical** | |
| বারাসাত | 9073952156 |
| ■ বেহালা | 8336911653 |
| কামারকুণ্ডু | 9434021033 |
| সোনারপুর | 9073727474 |
| ■ লিলুয়া | 9830136688 |
| **Smart Centre** | |
| দমদম | 9748999933 |
| গড়িয়া (বড়াল) | 9903660200 |
| ■ শ্রীরামপুর | 9073610884 |
| ■ বর্ধমান | 8335053588 |
| নাকতলা (গড়িয়া) | 9831166575 |

e-mail : queries@georgetelegraph.org Website : www.georgetelegraph.org

Franchise enquiry : 9051921190 • e-mail: atcoperations@georgetelegraph.org

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

১৯ ডিসেম্বর-২৪ ডিসেম্বর

**১৯ ডিসেম্বর** মধ্যপ্রদেশ ও ছত্তীসগড়ের পর রাজস্থানেও কৃষিঋণ মকুব করল কংগ্রেস সরকার। সে রাজ্যের কৃষকদের ২ লক্ষ টাকা পর্যন্ত কৃষিঋণ শোধ করতে হবে না বলে জানিয়েছে রাজ্য সরকার। এর জন্য সরকারের খরচ হবে প্রায় আঠারো হাজার কোটি টাকা। প্রাথমিক হিসেব-নিকেশ অনুযায়ী মধ্যপ্রদেশ সরকারের কৃষি ঋণ মকুব বাবদ খরচ হবে ৩৫ থেকে ৩৮ হাজার কোটি টাকা। আর ছত্তীসগড়ের ক্ষেত্রে এই অর্থের পরিমাণ ৬ হাজার কোটি টাকা। কংগ্রেস সভাপতি রাহুল গান্ধী বলেছেন, 'আমরা দশ দিন সময় চেয়েছিলাম। দু'দিনে করে দিয়েছি।' কিন্তু দেশের অর্থনীতিবিদরা জানিয়েছেন, দেশের চার ভাগের তিন ভাগ চাষিই ব্যাঙ্ক থেকে ঋণ পান না। ফলে এই ঋণ মকুবে ধনী চাষীরাই লাভবান হবেন। অথচ এই ভাবে টাকা খরচে রাজ্যগুলির হাতে পরিকাঠামো তৈরিতে খরচ করার অর্থ থাকবে না।

## আমেরিকায় ফের শাটডাউন




**২২ ডিসেম্বর:** আমেরিকায় বিভিন্ন গুরুত্বপূর্ণ দপ্তরের কাজ ফেব্রুয়ারি পর্যন্ত চালাতে মার্কিন কংগ্রেসে অন্তবর্তী বাজেট বিল পাশ হলেও প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সেই বিলে সই না করায় শাটডাউন নেমে এল মার্কিন মুলুকে। শাটডাউনের অর্থ হল এক ধরনের অচলাবস্থা। বিভিন্ন সরকারি দপ্তরের খরচ চালানোর অর্থ বরাদ্দ করার ব্যাপারে মার্কিন কংগ্রেস যখন বিল পাশ করতে ব্যর্থ হয় বা বিল পাশ হলেও প্রেসিডেন্ট নিজে সেই বিলে স্বাক্ষর করতে রাজি না হন তখনই থমকে যায় সরকারি কাজকর্ম। জটিলতার সূত্রপাত মেক্সিকো সীমান্তে পাঁচিল তোলা নিয়ে বিতর্ক থেকে। মেক্সিকো এই পাঁচিল তোলার জন্য কোনও অর্থ দিতে রাজি হয়নি। তাই ট্রাম্প দাবি করেন, পাঁচিল তুলতে ৫০০ কোটি ডলার বরাদ্দ করতে তাঁকে অনুমোদন দিক মার্কিন কংগ্রেস। ডেমোক্র্যাটরা জানান, ট্রাম্পের খামখেয়ালি সিদ্ধান্তে মার্কিন জনতার টাকা এভাবে খরচ করতে দেবেন না তাঁরা।

**সারোগেসি নিয়ন্ত্রণ বিল পাশ হল** লোকসভায়। বিলটির মূল কথা হল, গর্ভ 'ভাড়া' (সারোগেসি) দেওয়ার ক্ষেত্রে বাণিজ্যকরণ চলবে না। কেবলমাত্র নিকটাত্মীয়রাই সারোগেসিতেই অংশ নিতে পারবেন। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা বিল নিয়ে আলোচনা শুরু করেন। কংগ্রেস ও এআইএডিএমকে বিলের নানা বিষয় নিয়ে প্রতিবাদ করলেও গোলমালের মধ্যেই পাশ হয় বিলটি।

**২০ ডিসেম্বর** বিজেপি নেতৃত্ব-কে 'গণতন্ত্র বাঁচাও যাত্রা' (রথযাত্রা) করার অনুমতি দিল কলকাতা হাইকোর্ট। রাজ্য সরকারের সিদ্ধান্ত খারিজ করে ওই অনুমতি দিয়ে বিচারপতি তপোব্রত চক্রবর্তী রথযাত্রার জন্য পর্যাপ্ত বাহিনী মোতায়েন করার নির্দেশ দিয়েছেন। তবে যাত্রার অনুমতি দেওয়ার পাশাপাশি বিজেপির উপর কিছু শর্তও আরোপ করেছেন বিচারপতি। কোন জেলায় কোন সময় যাত্রা ঢুকবে তা ১২ ঘণ্টা আগে সংশ্লিষ্ট পুলিশ সুপারকে জানাতে হবে। তাছাড়া সরকার ও জনগণের সম্পত্তির ক্ষতি হলে তার দায়ও বিজেপির।

**বাংলাদেশে ভারতের নতুন হাইকমিশনার** হলেন রিভা গঙ্গোপাধ্যায় দাস। তিনি হর্ষবর্ধন শ্রিংলার জায়গায় এলেন। বিদেশমন্ত্রক হর্ষবর্ধনকে মার্কিন যুক্তরাষ্ট্রে ভারতীয় রাষ্ট্রদূত করেছে। ১৯৮৬ ব্যাচের আইএফএস রিভা এর আগে আইসিসিআর-এর ডিরেক্টর জেনারেল ছিলেন।

**মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের** ঘনিষ্ঠ বলে পরিচিত প্রতিরক্ষা সচিব জিম ম্যাটিস ইস্তফা দিলেন। ফেব্রুয়ারির পর থেকে তিনি আর পদে থাকবেন না বলে জানিয়েছেন। হোয়াইট হাউস সূত্রে বলা হয়েছে, ট্রাম্পকে এক চিঠিতে তিনি লিখেছেন, 'মতের মিল হচ্ছে না। যাঁর সঙ্গে আপনার চিন্তা-ভাবনা মিলবে, তাঁকেই পরবর্তী প্রতিরক্ষা সচিব করা উচিত।' উল্লেখ্য, সিরিয়া থেকে সেনা সরানো নিয়ে অসন্তোষ থেকেই ম্যাটিস পদত্যাগ করছেন বলে মনে করা হচ্ছে। তার উপর ২১ ডিসেম্বর ট্রাম্প প্রশাসন আফগানিস্তান থেকেও অর্ধেকের বেশি সেনা সরানোর কথা ঘোষণা করেছে।

## রিজার্ভ ব্যাঙ্কের স্বাধীনতা প্রশ্নে সরব কৌশিক বসু



**১৯ ডিসেম্বর:** প্রাক্তন মুখ্য আর্থিক উপদেষ্টা কৌশিক বসু জানালেন, সঞ্চিত অর্থের ভাগ শেষ পর্যন্ত কেন্দ্রকে দেওয়া ঠিক হবে কি না, সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার এক্তিয়ার শুধু রিজার্ভ ব্যাঙ্কের হাতেই থাকা উচিত। এই ব্যাপারে কেন্দ্র যদি নাক গলায় এবং শীর্ষ ব্যাঙ্কের স্বাধীনতায় কোনওরকম হস্তক্ষেপ করার চেষ্টা করে, তা হলে বড়সড় বিপদের মুখে পড়তে পারে অর্থনীতি। তাঁর কথায়, 'রিজার্ভ ব্যাঙ্কের তহবিলের উদ্বৃত্ত কেন্দ্রকে দেওয়ার সুযোগ হয়তো আছে। কিন্তু তা একেবারেই শীর্ষ ব্যাঙ্কের সিদ্ধান্ত। যদি তারা 'না' বলে, বোঝা উচিত যে, কেন এমন বলছে। যদি স্বাধীনতা কেড়ে নেওয়ার চেষ্টা হয়, তবে তা অর্থনীতির পক্ষে বড় ঝুঁকি।'



"যে ভাবে ট্রাম্প ইরাক ঘুরে গেলেন, তা কূটনৈতিক নিয়ম বিরোধী এবং কোনও সার্বভৌম রাষ্ট্রের সঙ্গে এমনটা করা যায় না। এর ফলে ইরাক-আমেরিকা দ্বিপাক্ষিক সম্পর্কই ক্ষতিগ্রস্ত হবে।"

**হায়দার আল-আবাদি**, *ইরাকি প্রধানমন্ত্রী*

ইরাকে মোতায়েন মার্কিন সেনাদের সঙ্গে দেখা করতে বড়দিনে মার্কিন প্রেসিডেন্ট ইরাকে গেলেও সে দেশের প্রধানমন্ত্রীর সঙ্গে মুখোমুখি সাক্ষাৎ না করায়

## প্রয়াত দ্বিজেন মুখোপাধ্যায়



**২৪ ডিসেম্বর:** বাংলা গানের স্বর্ণযুগের জনপ্রিয় শিল্পীদের অন্যতম দ্বিজেন মুখোপাধ্যায় (৯১) প্রয়াত হলেন। রবীন্দ্রসদনে সকলের শ্রদ্ধা নিবেদনের জন্য তাঁর দেহ রাখার পর সন্ধ্যায় কেওড়াতলায় পুলিশের ২১টি গান স্যালুটের পরে শিল্পীর শেষকৃত্য সম্পন্ন হয়। মহালয়ার বিখ্যাত 'জাগো দুর্গা'-র পাশাপাশি রবীন্দ্র-সঙ্গীত ও আধুনিক গানে নিজের স্বাক্ষর রেখেছেন তিনি। পেয়েছেন 'পদ্মবিভূষণ', 'বঙ্গবিভূষণ' ও আরও অসংখ্য সম্মান।

## প্রয়াত নিরুপম সেন



**২৪ ডিসেম্বর:** পশ্চিমবঙ্গের প্রাক্তন শিল্পমন্ত্রী তথা সিপিএমের প্রাক্তন পলিটব্যুরো সদস্য নিরুপম সেন (৭২) প্রয়াত হলেন। বাম জমানায় রাজ্যে শিল্পায়নের প্রচেষ্টার সঙ্গে অবিচ্ছেদ্য-ভাবে জড়িত নিরুপমবাবুর মৃত্যুতে শোক প্রকাশ করেছেন রতন টাটা। বর্তমান ও প্রাক্তন দুই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও বুদ্ধদেব ভট্টাচার্যও শোক জানিয়েছেন। বাম জমানার শেষ দশ বছর রাজ্যের শিল্প ও বাণিজ্যমন্ত্রী ছিলেন নিরুপমবাবু। সিঙ্গুরে টাটার মতো বড় বিনিয়োগ ছাড়াও বেশ কিছু লগ্নি নিয়ে আসা, রুগ্ন সংস্থার পুনরুজ্জীবন ও অলাভজনক কিছু সংস্থা গুটিয়ে দেওয়ার ক্ষেত্রে বড় ভূমিকা নেন তিনি।

**২১ ডিসেম্বর** দেশদ্রোহী সন্দেহে যে-কোনও ল্যাপটপ, কম্পিউটারে আড়ি পাততে পারবে আই বি, ইডি, পুলিশ-সহ ১০টি তদন্তকারী সংস্থা। নিরাপত্তার খাতিরে আমজনতার কম্পিউটারে থাকা সব তথ্য দেখে নিতে পারবে তারা। এ দিন এক সরকারি বিজ্ঞপ্তি জারি করে এ কথা জানিয়েছে কেন্দ্রের মোদী সরকার। বিরোধীদের দাবি— জাতীয় নিরাপত্তার অজুহাতে এটা আসলে ব্যক্তিপরিসরে হস্তক্ষেপ। যদিও পাল্টা যুক্তি দিয়ে কেন্দ্র জানিয়েছে, এই আইন নতুন নয়। কোন সংস্থা নজরদারি ও তদন্ত করতে পারবে মোদী সরকার কেবল সেটাই স্পষ্ট করে দিয়েছে। বিরোধীদের মতে এই বিজ্ঞপ্তির ফলে লোকসভা ভোটের মুখে আমনাগরিক থেকে বিরোধী সকলের উপরই যথেচ্ছ নজরদারি করতে পারবে মোদী সরকার। কংগ্রেস সভাপতি রাহুল গান্ধী বলেন, 'প্রধানমন্ত্রী আসলে যে ভীত একনায়ক, তা দেশের মানুষের কাছে স্পষ্ট হয়ে গেল।'

**গুজরাটে নরেন্দ্র মোদী মুখ্যমন্ত্রী** থাকাকালীন সোহরাবুদ্দিন শেখ ভুয়ো সংঘর্ষ মামলায় সব অভিযুক্তই বেকসুর খালাস পেয়ে গেলেন। ২০০৫ সালের নভেম্বরে গুজরাটের তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী ও বর্তমান বিজেপি সভাপতি অমিত শাহই পুলিশকে মিথ্যে 'এনকাউন্টার'-এ সোহরাবুদ্দিনকে খুনের নির্দেশ দিয়েছিলেন বলে অভিযোগ ওঠে। গুজরাট পুলিশ সোহরাবুদ্দিনকে 'লস্কর জঙ্গি' বলে দাবি করে বলে মোদীকে খুনের ছক কষেছিলেন সোহরাবুদ্দিন। অমিত-সহ ১৬ অভিযুক্তকে ২০১৪-র ডিসেম্বরেই বেকসুর খালাস করে দিয়েছিল মুম্বইয়ের বিশেষ সিবিআই আদালত। এ দিন বাকি ২২ জনকেও বেকসুর খালাস করে দিয়ে বিশেষ আদালতের বিচারক এস জে শর্মা বলেন, 'আমি অসহায়। আদালত তিন জনের পরিবারের জন্য দুঃখিত। তিন জনকে খুন করা হয়েছিল। কিন্তু সিবিআই এমন কোনও সাক্ষ্যপ্রমাণ দেয়নি, যার ভিত্তিতে এই ২২ জনকে দোষী সাব্যস্ত করা যায়। ষড়যন্ত্র হয়েছে, এমন প্রমাণও দিতে পারেনি সিবিআই।'

## অসহিষ্ণুতা নিয়ে মুখ খুললেন নাসিরউদ্দিন



**২০ ডিসেম্বর:** দেশ জুড়ে অসহিষ্ণুতার আবহ নিয়ে এ বার মুখ খুললেন বিশিষ্ট অভিনেতা নাসিরউদ্দিন শাহ। বুলন্দশহরের ঘটনার পরিপ্রেক্ষিতে নাসির বললেন এ দেশে এখন তাঁর নিজের সন্তানদের নিরাপত্তা নিয়ে তিনি চিন্তিত। নাসিরের বক্তব্যের একটি ভিডিয়ো প্রকাশিত হয়েছে। সেখানে তিনি বলেন, 'যারা লাগাতার আইন নিজের হাতে নিচ্ছে, তাদের কিছুই বলা হচ্ছে না। আমরা তো দেখতেই পাচ্ছি, নিহত পুলিশ অফিসারের চেয়ে এখন গরুর গুরুত্ব বেশি।' এই প্রসঙ্গেই সন্তানদের কথা তুলে তিনি বলেন, 'আমার রীতিমত দুশ্চিন্তা হয়— আমার সন্তানদের ঘিরে ধরে যদি উন্মত্ত জনতা প্রশ্ন করে, তোমরা হিন্দু না মুসলিম, ওরা উত্তরই দিতে পারবে না। কারণ আমরা সচেতন ভাবেই ওদের কোনও ধর্মীয় শিক্ষা দিইনি।'

**২২ ডিসেম্বর** আলাপন বন্দ্যোপাধ্যায় রাজ্যের নতুন শিল্পসচিব হচ্ছেন বলে ঘোষণা করা হল। প্রাক্তন শিল্পসচিব সঞ্জীব চোপড়া আইএএস অ্যাকাডেমির ডিরেক্টর হওয়ায় ক্ষুদ্র ও মাঝারি শিল্প দপ্তরের সঙ্গে অতিরিক্ত দায়িত্ব হিসেবে শিল্প দপ্তরের কাজও দেখবেন আলাপন বাবু। রাজ্যের অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রেনিং ইনস্টিটিউটের (এটিআই) ডিজি-র অতিরিক্ত দায়িত্ব পাচ্ছেন দিল্লিতে রাজ্যের ক্যাবিনেট সচিবালয়ের প্রধান সচিব চন্দন সিনহা।

## নাসিরের সপক্ষে মোদীকে বাউন্সার ইমরানের



**২২ ডিসেম্বর:** নাসিরুদ্দিন শাহ বিতর্কে মন্তব্য করে নরেন্দ্র মোদীর সমালোচনা করলেন পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান। মোদীকে উদ্দেশ্য করে ইমরান বলেন, 'মোদী সরকারকে আমরা শেখাব, কী করে সংখ্যালঘুদের সমানাধিকার দেওয়া যেতে পারে। ভারতে লোকে বলে, সংখ্যালঘুরা সমান গুরুত্ব পান না।' পাক সরকারের একশো দিন পূর্তি উপলক্ষে বক্তব্য রাখতে গিয়ে ইমরান আরও বলেন, 'ভারতে অসহিষ্ণুতার জন্যই পাকিস্তান তৈরি হয়েছিল। ভারতে এক জন পুলিশ অফিসারের মৃত্যুর চেয়ে একটি গোরুর মৃত্যুকে বেশি গুরুত্ব দেওয়া হয়।' মোদীর সমালোচনা করতে গিয়ে পূর্ব-পাকিস্তানে যে ন্যায় বিচার হয়নি সেটাও মেনে নেন ইমরান। তাঁর কথায়, 'দুর্বলরা ন্যায়বিচার না পেলে বিদ্রোহের জন্ম হয়। যে ভাবে সাবেক পূর্ব পাকিস্তানবাসী ন্যায়বিচার না পেয়ে বাংলাদেশের জন্ম দিয়েছিলেন।'

**পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী নওয়াজ** শরিফকে দোষী সাব্যস্ত করে সাত বছরের কারাদণ্ড দিল সে দেশের দুর্নীতি দমন আদালত। সঙ্গে ২৫ লক্ষ ডলার জরিমানাও দিতে হবে নওয়াজকে। আল-আজিজিয়া ইস্পাত কারখানার দুর্নীতি মামলায় দোষী সাব্যস্ত হলেন তিনি।

**আফগানিস্তান থেকে এখনই সেনা** প্রত্যাহারের সম্ভাবনা নেই বলে জানালেন আফগানিস্তানে ন্যাটোর শীর্ষ কম্যান্ডার স্কট মিলার। তিনি জানিয়েছেন, সেনা প্রত্যাহার সংক্রান্ত কোনও নির্দেশ তিনি পাননি। যদিও এক সপ্তাহ আগেই মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছিলেন, আফগানিস্তানে মোতায়েন অর্ধেক সেনা প্রত্যাহার করে নেওয়া হবে।

## ইন্দোনেশিয়ায় ফের ভয়াল সুনামি



**২৩ ডিসেম্বর:** ইন্দোনেশিয়ার সুন্দা প্রণালী বরাবর ফের ভয়াল সুনামিতে ৪২৯ জনের প্রাণহানি হল। সুনামির পাঁচদিন পরও মৃতের সঠিক সংখ্যা নির্ধারণ করা সম্ভব হয়নি। সমুদ্র থেকে জেগে ওঠা আগ্নেয়গিরি 'আনাক ক্রাকাতোয়া' থেকে অগ্ন্যুৎপাতের ফলে সুনামির সৃষ্টি হয়। আন্তর্জাতিক সুনামি তথ্যকেন্দ্রের দাবি, অগ্ন্যুৎপাতের ফলে সুনামি হওয়ার ঘটনা বিরল। এই ক্ষেত্রে কোনও আগাম সতর্কবার্তাও দেওয়া সম্ভব নয়। এ দিনও তাই কোনও কিছু বোঝার আগেই বান্তেন প্রদেশের তানজাং লেসাংয়ে ১৫ থেকে ২০ মিটার পর্যন্ত উঁচু ঢেউয়ে ভেসে যান কয়েকশো মানুষ। সেই সময় ওই সৈকতে চলছিল পপ ব্যান্ড 'সেভেনটিন'-এর অনুষ্ঠান। প্রশান্ত মহাসাগরীয় 'অগ্নিবলয়ে' অবস্থিত বলে ইন্দোনেশিয়া বরাবরই দুর্যোগপ্রবণ দেশ। গত সেপ্টেম্বরেই সুলাওয়েসি দ্বীপের পালু শহরে ভূকম্প ও সুনামির বলি হন দু'হাজারেরও বেশি মানুষ। এর আগে ২০০৪ সালের ২৬ ডিসেম্বর সুমাত্রার উপকূলে পশ্চিম ইন্দোনেশিয়ায় সমুদ্রের নীচে ৯.৩ মাত্রার ভূমিকম্পে ভারত মহাসাগরের আশপাশের দেশগুলি মিলিয়ে প্রাণ হারিয়েছিলেন অন্তত আড়াই লক্ষ মানুষ। শুধু ইন্দোনেশিয়াতেই ১ লক্ষ ৭০ হাজার মানুষের প্রাণ গিয়েছিল।

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

## ভোপালের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ফরেস্ট ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স



ফরেস্ট্রি ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ভোপালের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ফরেস্ট ম্যানেজমেন্ট। এটি কেন্দ্রীয় পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা।

**কোর্সের বিবরণ:** পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ফরেস্ট্রি ম্যানেজমেন্ট: আসনসংখ্যা: ১২০টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে ২০১৮-র ক্যাট (কমন অ্যাডমিশন টেস্ট) বা ২০১৯-র জেভিয়ার্স অ্যাপ্টিটিউড টেস্টে স্কোর করে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ২০১৯-র ৩০ জুনের মধ্যে ফাইনাল মার্কশিট দাখিল করতে হবে।

মেধাবী ছাত্রছাত্রীদের জন্য স্কলারশিপের সুযোগ রয়েছে।

**কোর্স ফি:** উভয় কোর্সের ক্ষেত্রেই মোট ৬,২৪,০০০ টাকা। তফসিলিদের ক্ষেত্রে ৩,৭৪,৪০০ টাকা।

প্রাথমিকভাবে ক্যাট বা জেভিয়ার্স অ্যাপ্টিটিউড টেস্টে প্রাপ্ত স্কোরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে লিখিত পরীক্ষা এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা মার্চ বা এপ্রিলে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iifm.ac.in ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে ই-রিসিপ্ট নিয়ে নেবেন। অনলাইনে আবেদন করে পূরণ করা আবেদনপত্রের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে পাঠাতে হবে। অনলাইন আবেদনপত্রের প্রিন্ট আউট ও ই-রিসিপ্ট ২০ ফেব্রুয়ারির মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Chairperson, Admissions, Indian Institute of Forest Management, Nehru Nagar, Bhopal-462 003.

অনলাইন আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০৭৫৫-২৭৬৩৪৬৬।

## বর্ধমান বিশ্ববিদ্যালয়ে রাশিয়ান ভাষার কোর্স




রাশিয়ান ভাষার সার্টিফিকেট, ডিপ্লোমা এবং অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে বর্ধমান বিশ্ববিদ্যালয়। প্রতিটি কোর্সের মেয়াদ ১ বছর।

**শিক্ষাগত যোগ্যতা:** সার্টিফিকেট কোর্সের ক্ষেত্রে যে-কোনও শাখার স্নাতকরাই আবেদন করতে পারেন। ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক-সহ সংশ্লিষ্ট ভাষায় সার্টিফিকেট কোর্স পাশ। অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক ডিগ্রির পাশাপাশি সংশ্লিষ্ট ভাষায় সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্স পাশ করে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে। বাছাই করা প্রার্থীতালিকা প্রকাশিত হবে ২১ জানুয়ারি।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.buruniv.ac.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓ফি বাবদ ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ১৫০ টাকা। ড্রাফটটি 'The Finance Officer, the University of Burdwan'-এর অনুকূলে 'SBI, Burdwan University Branch'-এ প্রদেয় হতে হবে।
✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৩টের মধ্যে সরাসরি জমা দিতে হবে এই ঠিকানায়: Office of the Secretary, Faculty Council (Arts etc.), 3rd floor, Composite Arts Building, Golapbag, B.U. দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ১১ জানুয়ারি।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট।

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে শারীরশিক্ষার স্নাতক কোর্সে ভর্তি

শারীরশিক্ষার স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন কোর্সটির মেয়াদ ২ বছর।

**আসনসংখ্যা:** ৫০টি। এর মধ্যে ৩৮টি আসন পুরুষ প্রার্থীদের জন্য এবং ১২টি আসন মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। সরকারি নিয়মানুসারে তফসিলি এবং ও বি সি প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ান ইউনিভার্সিটিজ বা ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশন বা স্কুল গেমস ফেডারেশন অব ইন্ডিয়া দ্বারা স্বীকৃত কোনও আন্তঃকলেজ বা আন্তঃআঞ্চলিক বা জেলা বা স্কুল স্তরের ক্রীড়া-প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকতে হবে। অথবা ৪৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। স্নাতক স্তরে প্রার্থীকে আবশ্যিক বা ঐচ্ছিক বিষয় হিসেবে ফিজিক্যাল এডুকেশন পড়ে থাকতে হবে। অন্যথায়, স্বীকৃত কোনও জাতীয় বা আন্তঃবিশ্ববিদ্যালয় বা আন্তরাজ্য ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকতে হবে অথবা স্বীকৃত কোনও আন্তঃকলেজ বা আন্তঃআঞ্চলিক বা জেলা বা স্কুল স্তরের ক্রীড়া-প্রতিযোগিতায় প্রথম বা দ্বিতীয় বা তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে। অথবা যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে স্বীকৃত কোনও জাতীয় বা আন্তঃবিশ্ববিদ্যালয় স্তরের ক্রীড়া প্রতিযোগিতায় প্রথম বা দ্বিতীয় বা তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে। অথবা ৪৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ৪৫ নম্বর-সহ ফিজিক্যাল এডুকেশনে ব্যাচেলর্স ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।

সরকারি নিয়মানুসারে তফসিলি জাতিভুক্ত প্রার্থীরা মোট নম্বরে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে প্র্যাক্টিক্যাল টেস্ট, শিক্ষাগত যোগ্যতা এবং লিখিত পরীক্ষার মাধ্যমে। নির্বাচিত প্রার্থীদের তালিকা ৩০ জানুয়ারি প্রকাশিত হবে। পুরুষ প্রার্থীদের প্র্যাক্টিক্যাল টেস্ট ৫ ও ৬ ফেব্রুয়ারি এবং মহিলা প্রার্থীদের প্র্যাক্টিক্যাল টেস্ট ৭ ফেব্রুয়ারি। পরীক্ষার সময় সকাল ৬টা। প্র্যাক্টিক্যাল টেস্ট নেওয়া হবে বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্রের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.jaduniv.edu.in

### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓প্রার্থীর চার কপি পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে ১টি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে তার ওপর সই করবেন। বাকি তিনটি ফটো আবেদনপত্রের সঙ্গে গেঁথে দেবেন। ✓ফি বাবদ ১০০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি 'Registrar, Jadavpur University'-র অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার প্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য)। ✓প্রার্থীর বার্ষিক পারিবারিক আয়ের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।

পূরণ করা আবেদনপত্র ২৪ জানুয়ারির মধ্যে যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে সরাসরি গিয়ে জমা দিতে হবে এই ঠিকানায়: Office of the Dean & Secretary, Faculty Council of Arts (U.G. Arts Building), Jadavpur University, 188, Raja S.C. Mullick Road, Kolkata 700 032.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।



## স্কলারশিপের খোঁজখবর

### স্বামী বিবেকানন্দ সিঙ্গল গার্ল চাইল্ড স্কলারশিপ ফর রিসার্চ ইন সোশ্যাল সায়েন্স ২০১৮-১৯

বাবা-মায়ের একমাত্র কন্যাসন্তান সোশ্যাল সায়েন্সে পি এইচ ডি করতে চাইলে, তাঁদের স্কলারশিপ দিচ্ছে ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন।

**স্কলারশিপের পরিমাণ:** পি এইচ ডি-র প্রথম দু'বছরে প্রতি মাসে ২৫,০০০ টাকা। এর পর প্রতি মাসে ২৮,০০০ টাকা। এছাড়াও কন্টিনজেন্সি অ্যামাউন্ট বাবদ প্রথম দু'বছরে দেওয়া হবে প্রতি মাসে ১০,০০০ টাকা। এর পর প্রতি মাসে ২০,৫০০ টাকা।

বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীরা ৫ বছরের বয়সের ছাড় পাবেন। রূপান্তরকামীরাও আবেদন করতে পারেন।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/Karma/SVS7 আবেদনের শেষ তারিখ ৬ জানুয়ারি।

### টপ ক্লাস এডুকেশন স্কিম ফর শিডিউলড কাস্ট স্টুডেন্টস ২০১৮

পূর্ণ সময়ের ডিগ্রি কোর্সে পাঠরত তফসিলি জাতিভুক্ত ছাত্রছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে কেন্দ্রীয় সরকারের সামাজিক ন্যায় ও সশক্তিকরণ মন্ত্রক। প্রার্থীর পরিবারের বার্ষিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** ছাত্রছাত্রীদের আই আই এম, আই আই টি, এইমস, এন আই টি, এন আই ডি, আই আই এইচ এম, ন্যাশনাল ল ইউনিভার্সিটি এবং কেন্দ্রের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক দ্বারা ঘোষিত জাতীয় মর্যাদাপ্রাপ্ত প্রতিষ্ঠানে পাঠরত হতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** বেসরকারি প্রতিষ্ঠানে পাঠরতদের ক্ষেত্রে বছর প্রতি সর্বাধিক ২ লাখ টাকা, বেসরকারি ফ্লাইং ক্লাবে কমার্শিয়াল পাইলট ট্রেনিং নিতে আগ্রহীদের ক্ষেত্রে বছর প্রতি সর্বাধিক ৩ লাখ ৭২ হাজার টাকা। এ ছাড়াও দেওয়া হবে কম্পিউটার কেনার জন্য এককালীন ৪৫,০০০ টাকা। থাকা এবং বইয়ের খরচ বাবদ দেওয়া হবে প্রতি মাসে যথাক্রমে ২,২২০ টাকা এবং ৩,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/Karma/TCE1 আবেদনের শেষ তারিখ ১৫ জানুয়ারি।

### ইউনিভার্সিটি অব এসেক্স মেরিট স্কলারশিপ ফর সেপ্টেম্বর ২০১৯

স্নাতক ও স্নাতকোত্তর স্তরে পড়াশোনা করতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দেবে ইংল্যান্ডের এসেক্স বিশ্ববিদ্যালয়। স্কলারশিপ বাবদ দেওয়া হবে স্নাতক স্তরের ক্ষেত্রে ৩,০০০ ব্রিটিশ পাউন্ড এবং স্নাতকোত্তর স্তরের ক্ষেত্রে ৫,০০০ টাকা। স্নাতকোত্তর স্তরের ছাত্রছাত্রীরা শর্তসাপেক্ষে ইন্টার্নশিপের সুযোগ পাবেন।

**আবেদনের যোগ্যতা:** আন্ডারগ্র্যাজুয়েটদের ক্ষেত্রে অন্তত ৮০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ, সঙ্গে আই ই এল টি এস পরীক্ষায় অন্তত ৬.০ স্কোর করে থাকতে হবে। পোস্ট-গ্র্যাজুয়েটদের ক্ষেত্রে ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে আই ই এল টি এস পরীক্ষায় অন্তত ৬.৫ স্কোর করে থাকতে হবে। উভয় ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে ইংরেজিতে ৭৫ শতাংশ নম্বর পেয়ে থাকলে আই ই এল টি এস পরীক্ষার স্কোরে ছাড় দেওয়া হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/Karma/UOE4 আবেদনের শেষ তারিখ ১৫ জানুয়ারি।

### কলেজ বোর্ড ইন্ডিয়া স্কলারস প্রোগ্রাম

২০১৯-এর মার্চে স্কলাসটিক অ্যাসেসমেন্ট টেস্ট (স্যাট) পরীক্ষা দিতে আগ্রহী আর্থিকভাবে পিছিয়ে পড়া উচ্চমাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কলেজ বোর্ড অব ইন্ডিয়া। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখের নীচে।

**আবেদনের যোগ্যতা:** উচ্চমাধ্যমিক।

বার্ষিক পারিবারিক আয় ৬ লাখের নীচে হলে পরীক্ষার ফি বহন করবে কলেজ বোর্ড অব ইন্ডিয়া। এ ছাড়া বার্ষিক পারিবারিক আয় ৪ লাখের নীচে হলে এবং স্যাট পরীক্ষায় ভাল স্কোর করে থাকলে বিশ্ববিদ্যালয়ে পড়ার সব খরচ বহন করবে কলেজ বোর্ড অব ইন্ডিয়া।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/Karma/CB11 আবেদনের শেষ তারিখ ৮ ফেব্রুয়ারি।

*(তথ্য সহায়তা:* buddy4study*)*

## এ ক ন জ রে

### ইন্ডিয়ান ইনস্টিটিউট অব কেমিক্যাল বায়োলজিতে চাকরি

ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র রিসার্চ ফেলো এবং রিসার্চ অ্যাসিস্ট্যান্ট নেবে কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চের অধীনস্থ ইন্ডিয়ান ইনস্টিটিউট অব কেমিক্যাল বায়োলজি। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ৪ জানুয়ারি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R&C/516/2018.

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.iicb.res.in

### সেন্ট্রাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউটে চাকরি

ল্যাবরেটরি টেকনিশিয়ান, মাল্টি টাস্কিং অ্যাটেন্ড্যান্ট এবং সিনিয়র রিসার্চ ফেলো পদে ৪ জনকে নেবে কলকাতার সেন্ট্রাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট ফর ড্রাগ ডেভেলপমেন্ট। প্রাথমিকভাবে ছয় মাসের চুক্তিতে নিয়োগ করা হবে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ৪ জানুয়ারি।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.ccras.nic.in

## কবে কোন পরীক্ষা

**বিজ্ঞপ্তি নম্বর R/SN/53(1)/1/2018 অনুসারে** ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ড দ্বারা পরিচালিত স্টাফ নার্স গ্রেড-টু পদে নিয়োগের ইন্টারভিউ শুরু হবে ৯ জানুয়ারি থেকে। ভেরিফিকেশন-কাম-ইন্টারভিউ কল লেটার ২ জানুয়ারি থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.wbhrb.in

□

**রাজ্য পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিলচালিত মিসেলেনিয়াস সার্ভিস রিক্রুটমেন্ট** (ফাইনাল) এক্সামিনেশন ১৩ জানুয়ারি। পরীক্ষার অ্যাডমিট কার্ড ৭ জানুয়ারি থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে www.pscwbapplication.in

আজ
মঙ্গলবার
আজ
কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
এখন প্রতি মঙ্গলবার

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

# জীবিকাজিজ্ঞাসা

## পি এস সি

□ *ডব্লু বি সি এস-এর মেন লিখিত পরীক্ষায় ৬টি কম্পালসারি পেপারের প্রতিটিতেই কি মাল্টিপল চয়েস প্রশ্নের উত্তর দিতে হবে? —সৌমি দেবনাথ, মগরাহাট, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ডব্লু বি সি এস মেন পরীক্ষার ক্ষেত্রে ৬টি কম্পালসারি পেপারের মধ্যে পেপার-ওয়ান এবং পেপার-টু-এর ক্ষেত্রে কনভেনশনাল টাইপ লিখিত পরীক্ষা হবে। এ ছাড়া অন্য চারটি কম্পালসারি পেপারের ক্ষেত্রে মাল্টিপল চয়েস প্রশ্নের উত্তর করতে হবে। ওয়েবসাইট: pscwbonline.gov.in

□ *পশ্চিমবঙ্গ পি এস সি-র মাধ্যমে রাজ্য সরকারের অধীনস্থ বিভিন্ন সরকারি বিদ্যালয়ে (বাংলা ও ইংরেজি মাধ্যম) সহশিক্ষক নিয়োগের ক্ষেত্রে কীরকম শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —রাজর্ষি মজুমদার, চণ্ডীতলা, হুগলি।*

□□ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্য সরকারের অধীনস্থ বিভিন্ন বাংলা ও ইংরেজি মাধ্যম বিদ্যালয়ে সহশিক্ষক নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণিতে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। লাইফ সায়েন্সের ক্ষেত্রে জুলজিতে দ্বিতীয় শ্রেণিতে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। সহযোগী বিষয় হিসেবে বটানি পড়ে থাকতে হবে। অথবা বটানিতে দ্বিতীয় শ্রেণির নম্বর-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। এবং সহযোগী বিষয় হিসেবে জুলজি পড়ে থাকতে হবে। অথবা ফিজিওলজিতে দ্বিতীয় শ্রেণিতে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। সেক্ষেত্রে সহযোগী বিষয় হিসেবে বটানি ও জুলজি পড়ে থাকতে হবে। বি টি বা বি এড বা সমতুল ডিগ্রি থাকলে অগ্রাধিকার। ওয়েবসাইট: www.pscwbonline.gov.in

## উচ্চশিক্ষা

□ *'পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন-২০১৯'-এ কী বিষয়ে কত নম্বরের প্রশ্ন হবে? বিস্তারিত জানাবেন। —কাকলী মিত্র, বীরভূম।*

□□ 'পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন' পরীক্ষাটি হবে ২৬ মে। পরীক্ষাটি নেওয়া হবে দু'টি পত্রে— পেপার ওয়ান ও পেপার টু। পেপার ওয়ানে প্রশ্ন হবে ম্যাথমেটিক্স (১০০ নম্বর) এবং পেপার টুয়ে প্রশ্ন হবে ফিজিক্স (৫০ নম্বর) ও কেমিস্ট্রি (৫০ নম্বর) বিষয়ে। প্রশ্ন হবে মাল্টিপল চয়েস ধরনের। পরীক্ষার সময় পেপার ওয়ানের ক্ষেত্রে সকাল ১১টা থেকে দুপুর ১টা এবং পেপার টুয়ের ক্ষেত্রে দুপুর ২টো থেকে বিকেল ৪টে। ওয়েবসাইট: www.wbjeeb.in

## কোর্স, ট্রেনিং

□ *যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ফার্মাকো-ভিজিল্যান্সের সার্টিফিকেট কোর্স করতে চাই। বিস্তারিত জানাবেন। —দীপন মাইতি, জীরা, পশ্চিম মেদিনীপুর।*

□□ ফার্মাকোভিজিল্যান্সের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার। কোর্সটি কলকাতার এ এম আর আই হসপিটালের সঙ্গে যৌথ উদ্যোগে পড়ানো হবে। কোর্সটির পুরো নাম 'সার্টিফিকেট কোর্স ইন ফার্মাকোভিজিল্যান্স ইন ক্লিনিক্যাল রিসার্চ'। কোর্সের মেয়াদ ৯ মাস। শিক্ষাগত যোগ্যতা: বি এসসি, স্নাতক স্তরে লাইফ সায়েন্স পড়ে থাকতে হবে। অথবা এম বি বি এস বা বি ডি এস বা এম ডি বা এম ডি এস বা বি ফার্ম বা বি ফার্ম (আয়ুর্বেদ) বা এম ফার্ম বা এম ফার্ম (আয়ুর্বেদ) বা বি এইচ এম এস বা বি ভি এসসি বা নার্সিং অথবা প্যারামেডিক্যাল কোর্সে ডিপ্লোমা থাকলেও আবেদন করা যাবে। ভর্তির জন্য আবেদনপত্র সংগ্রহ করা যাবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন সেন্টার থেকে। আবেদনের শেষ তারিখ ১৮ জানুয়ারি। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.jaduniv.edu.in

□ *দিল্লি বিশ্ববিদ্যালয় থেকে এম বি এ কোর্স করতে চাই। বিস্তারিত জানাবেন। —অমিতাভ মান্না, কিলু, পূর্ব বর্ধমান।*

□□ এম বি এ কোর্সে ভর্তি নিচ্ছে দিল্লি বিশ্ববিদ্যালয়। স্পেশ্যালাইজেশন করা যাবে হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট এবং ইন্টারন্যাশনাল বিজনেসে। আসনসংখ্যা: প্রতি বিষয়ে ৭৪টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। তফসিলিদের ক্ষেত্রে পাশ নম্বর পেলেই আবেদন করা যাবে। এর পাশাপাশি ২০১৮-র ক্যাট (কমন অ্যাডমিশন টেস্ট) পরীক্ষায় বৈধ স্কোর করে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। কোর্স ফি: বছর প্রতি ১৫,৬৯৬ টাকা। প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতা, ক্যাট পরীক্ষায় প্রাপ্ত স্কোর, গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.du.ac.in আবেদনের শেষ তারিখ ৫ জানুয়ারি।

## অন্যান্য চাকরি

□ *ভারতীয় বিমানবাহিনীতে এয়ারম্যান পদের ক্ষেত্রে কী ধরনের দৈহিক মাপজোক থাকতে হবে? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানালে উপকৃত হব। —রাজীব মণ্ডল, সারেঙ্গাবাদ, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ভারতীয় বিমানবাহিনীতে এয়ারম্যান পদের ক্ষেত্রে উচ্চতা থাকতে হবে অন্তত ১৫২.৫ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। উচ্চতা ও বয়স অনুসারে ওজন হতে হবে। প্রার্থীকে অবশ্যই ভালো শ্রবণশক্তির অধিকারী হতে হবে। ৬ মিটার দূরত্ব থেকে চাপা স্বরের কথা দু'কানে স্পষ্ট শোনার ক্ষমতা থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে অনলাইন টেস্ট, অ্যাডাপ্টেবিলিটি টেস্ট, দৈহিক সক্ষমতার পরীক্ষার মাধ্যমে। সবশেষে হবে মেডিক্যাল এক্সামিনেশন। অনলাইন টেস্টে অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। গ্রুপ 'এক্স' প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজি, অঙ্ক ও ফিজিক্স এবং গ্রুপ 'ওয়াই' প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজি, রিজনিং ও জেনারেল অ্যাওয়্যারনেসের প্রশ্ন হবে। গ্রুপ 'এক্স' প্রার্থীদের ক্ষেত্রে ১ ঘণ্টার ও গ্রুপ 'ওয়াই' প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ মিনিটের পরীক্ষা। দুই গ্রুপের পরীক্ষার জন্য মোট সময় ১ ঘণ্টা ২৫ মিনিট। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড়, ১০টি পুশ আপ, ১০টি সিট আপ এবং ২০টি স্কোয়াট। দেখুন এই ওয়েবসাইট: www.airmenselection.cdac.in

□ *বি এস এন এলে ম্যানেজমেন্ট ট্রেনি পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —শুভজিৎ দাশ, বগুলা, নদিয়া।*

□□ বি এস এন এলে ম্যানেজমেন্ট ট্রেনি পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ টেলিকমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স বা কম্পিউটার বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়ে বি ই বা বি টেক, সঙ্গে এম বি এ বা এম টেক। প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন পরীক্ষা, গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষায় অবজেকটিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড (১৫০ নম্বর), কগনিটিভ এবিলিটি (১৫০ নম্বর) এবং টেকনিক্যাল নলেজ (১৫০ নম্বর) বিষয়ে। পরীক্ষা ১৭ মার্চ, সকাল ১০টা থেকে দুপুর ১টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। ২৬ জানুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bsnl.co.in

□ *ভারতীয় নৌবাহিনীতে 'সিনিয়র সেকেন্ডারি রিক্রুট' এন্ট্রিতে সেলর নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? —অনির্বাণ হাজরা, ঘোষপাড়া, মুর্শিদাবাদ।*

□□ ভারতীয় নৌবাহিনীতে 'সিনিয়র সেকেন্ডারি রিক্রুট' এন্ট্রিতে সেলর নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে প্রাথমিক তালিকা প্রস্তুত করা হবে উচ্চমাধ্যমিকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। তালিকাভুক্ত প্রার্থীদের কম্পিউটার বেসড পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল টেস্টের মাধ্যমে বাছাই করা হবে। পরীক্ষায় ইংরেজি, সায়েন্স, অঙ্ক ও জেনারেল নলেজের উচ্চমাধ্যমিক মানের অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময়সীমা ১ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে: ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠ-বস) ও ১০টি পুশ আপ। খুঁটিনাটি জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www. joinindiannavy. gov.in

□ *সি আর পি এফে খেলোয়াড় ক্যাটেগরিতে কনস্টেবল পদের ক্ষেত্রে কী ধরনের খেলাধুলার যোগ্যতা থাকা প্রয়োজন? —শান্তনু দে, মালিপোতা, উত্তর ২৪ পরগনা।*

□□ সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্সে খেলোয়াড় ক্যাটেগরিতে কনস্টেবল পদের ক্ষেত্রে খেলাধুলার যোগ্যতা: কনস্টেবল পদের ক্ষেত্রে সিনিয়র ও জুনিয়র বিভাগে আন্তর্জাতিক বা জাতীয় স্তরের কোনও প্রতিযোগিতায় যথাক্রমে দেশ বা রাজ্যের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ান ইউনিভার্সিটিজ আয়োজিত আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের বা স্কুল গেমস ফেডারেশন অব ইন্ডিয়া আয়োজিত ন্যাশনাল স্কুল গেমসে স্কুল টিমের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। সব ক্ষেত্রেই শেষ তিন বছরের মধ্যে সংশ্লিষ্ট প্রতিযোগিতায় অংশ নিয়ে থাকতে হবে। হেড কনস্টেবল পদের ক্ষেত্রে সিনিয়র বা জুনিয়র বিভাগে জাতীয় স্তরের কোনও প্রতিযোগিতায় ব্যক্তিগত বা দলগত ইভেন্টে পদক জিতে থাকতে হবে অথবা কোনও আন্তর্জাতিক প্রতিযোগিতায় ব্যক্তিগত বা দলগত ইভেন্টে দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। দেখুন এই ওয়েবসাইট: www.crpf.gov.in

□ *অসম রাইফেলসে হিন্দি ট্রান্সলেটর পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —অম্লান মল্লিক, দক্ষিণ দিনাজপুর।*

□□ অসম রাইফেলসে হিন্দি ট্রান্সলেটর পদের শিক্ষাগত যোগ্যতা: হিন্দি বা ইংরেজিতে স্নাতকোত্তর ডিগ্রি। স্নাতকোত্তরে হিন্দি পড়ে থাকলে স্নাতকে একটি বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে বা পরীক্ষার মাধ্যম হতে হবে ইংরেজি। স্নাতকোত্তরে ইংরেজি পড়ে থাকলে স্নাতকে একটি বিষয় হিসেবে হিন্দি পড়ে থাকতে হবে বা পরীক্ষার মাধ্যম হতে হবে হিন্দি। অথবা অন্য যে-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি, সেক্ষেত্রে স্নাতকস্তরে আবশিক বা ঐচ্ছিক বিষয় হিসেবে হিন্দি ও ইংরেজি পড়ে থাকতে হবে অথবা ইংরেজি ও হিন্দির মধ্যে কোনও একটি ভাষা পরীক্ষার মাধ্যম হলে আরেকটি ভাষা আবশ্যিক বিষয় হিসেবে পড়ে থাকতে হবে। ১৪ জানুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.assam rifles.gov.in

□ *ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশনে অফিস এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —দেবার্ঘ দে, হুগলি।*

□□ ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশনে অফিস এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। উচ্চমাধ্যমিকে ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকলে স্নাতকের নম্বরে কোনও কড়াকড়ি নেই। সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এই সব কোর্সগুলির কোনও একটি করে থাকতে হবে: ডোয়েক ও লেভেল কোর্স অথবা ১ বছরের কম্পিউটার অ্যাপ্লিকেশন কোর্স অথবা মডার্ন অফিস প্র্যাকটিস অ্যান্ড ম্যানেজমেন্টের ১ বছরের ডিপ্লোমা কোর্স অথবা কম্পিউটার অপারেশন অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট (বেসিক ও অ্যাডভান্স) কোর্স বা সেক্রেটারিয়াল প্র্যাকটিসেস (বেসিক ও অ্যাডভান্স) কোর্স। অথবা ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশ, সেক্ষেত্রে উচ্চমাধ্যমিকে কম্পিউটার ফান্ডামেন্টালস অ্যান্ড প্রোগ্রামিং ও কম্পিউটার অ্যাসেম্বলি অ্যান্ড মেইন্টেন্যান্স বা আই টি এনাবেল্ড সার্ভিসেস ও কম্পিউটার ফান্ডামেন্টালস অ্যান্ড প্রোগ্রামিং পড়ে থাকতে হবে। কম্পিউটার অ্যাপ্লিকেশন বা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে স্নাতক বি অথবা স্ট্যাটিস্টিক্সে অনার্স-সহ বি এসসি অথবা স্নাতকস্তরে অন্যতম বিষয় হিসেবে কম্পিউটার অ্যাপ্লিকেশন বা কম্পিউটার সায়েন্স এবং ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক প্রার্থীরাও আবেদনের যোগ্য। ওয়েবসাইট: www.wbsetcl.in

নাম : ..........

ঠিকানা : ..........

..........

..........

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন?

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:

চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯

ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in

পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ নিয়ে খেলা শিক্ষককে অবিলম্বে বহিষ্কার করা হোক

একটি অত্যন্ত গুরুতর বিষয়ের প্রতি বৃহত্তর পাঠকসমাজের দৃষ্টি আকর্ষণের জন্য আমার এই চিঠি। শিক্ষকরা সমাজের রূপকার। কিন্তু সেই শিক্ষকের বিরূপতার কারণেই ডুবতে বসেছিল আমার মতো কয়েকজন পড়ুয়ার ভবিষ্যৎ।

ঘটনাটি কলিকাতা বিশ্ববিদ্যালয়েরই কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের। চলতি বছরের গোড়ার দিকে এই বিভাগের এক শিক্ষক ও ছাত্রনেতার সঙ্গে গন্ডগোলের জেরে রাজ্য-রাজনীতিতে উত্তাপ ছড়িয়েছিল। সেই ঘটনার মূলে ছিল উক্ত শিক্ষকের হাতে ফেল করে যাওয়া পড়ুয়াদের বিক্ষোভ। পড়ুয়াদের দাবি ছিল, বাকি পেপারে পাশ করলেও ওই শিক্ষকের হাতে ফেল করে গিয়েছে প্রায় ২৪ জন পড়ুয়া। অন্যান্য পেপারে ৬০ বা ৭০ শতাংশ পাওয়া পড়ুয়ারা কী করে নির্দিষ্ট একটি পেপারে এত কম নম্বর পেতে পারে, তা নিয়েই আমরা প্রশ্ন তুলি। আমাদের হয়ে ওই ছাত্রনেতা শিক্ষকের সঙ্গে কথা বলতে গিয়েছিলেন। তারপরেই বচসার সূত্রপাত এবং সেই গন্ডগোলের জেরে বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটির সুপারিশে পরবর্তীকালে ওই ছাত্রনেতাকে বহিষ্কার করা হয়। তবুও সমস্ত দিক খতিয়ে দেখে অবশেষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ওই একটি পেপার বিভাগের অন্য শিক্ষককে দিয়ে পুনর্মূল্যায়নের সিদ্ধান্ত নেয়। এর পরই 'অভিযুক্ত' শিক্ষক উপাচার্যকে চিঠি দিয়ে জানান, স্পেশ্যাল রিভিউয়ের আগে পড়ুয়াদের খাতা দেখানো হোক। খাতা দেখার পর যদি পড়ুয়ারা মনে করে রিভিউয়ের প্রয়োজন আছে, তাহলেই রিভিউয়ের অনুমতি দেওয়া হোক। পাল্টা আমরা ওই অধ্যাপকের বিরুদ্ধে প্রতিহিংসাপরায়ণতা, পাঠক্রম-বহির্ভূত প্রশ্ন করা, পড়ুয়াদের সঙ্গে দুর্ব্যবহার, হুমকি দেওয়া-সহ একাধিক অভিযোগ আনি। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ স্পেশ্যাল রিভিউয়ের পক্ষেই মত দেওয়ায়।

> পড়ুয়াদের দাবি ছিল, বাকি পেপারে পাশ করলেও ওই শিক্ষকের হাতে ফেল করে গিয়েছে প্রায় ২৪ জন পড়ুয়া। অন্যান্য পেপারে ৬০ বা ৭০ শতাংশ পাওয়া পড়ুয়ারা কী করে নির্দিষ্ট একটি পেপারে এত কম নম্বর পেতে পারে, তা নিয়েই আমরা প্রশ্ন তুলি।

সম্প্রতি সেই স্পেশ্যাল রিভিউয়ের ফলাফল প্রকাশিত হয়েছে। নতুন ফলাফলে অনুত্তীর্ণ ২৪ জনের মধ্যে ২১ জনই ভাল নম্বর পেয়ে পাশ করে গিয়েছেন। গড়ে অন্তত ১৫ থেকে ২০ নম্বর বেড়েছে পড়ুয়াদের। কারও ৩২ থেকে বেড়ে হয়েছে ৫২, কারও ৩৯ থেকে বেড়ে হয়েছে ৬১— এমন উদাহরণ ভূরিভূরি। যে পেপারটি নিয়ে এত বিতর্কের সূত্রপাত, সেটি গণিতনির্ভর একটি পত্র। ফলে এক শিক্ষকের দেখা খাতার সঙ্গে অন্যজনের খাতার নম্বরের এতটা ফারাক কী করে হল, তা নিয়ে হতবাক বিশ্ববিদ্যালয়ের অনেকে। চাঞ্চল্যকর অভিযোগ তুলে শিক্ষক বলছেন, তাঁকে বিপাকে ফেলার জন্যই 'দু'নম্বরি' করে পড়ুয়াদের পাশ করিয়ে দেওয়া হয়েছে। বিভাগীয় প্রধানের বক্তব্য, ম্যাথামেটিক্যাল পেপারের ক্ষেত্রে স্টেপ মার্কিং করার কথা থাকলেও উক্ত শিক্ষক তা করেননি। উত্তর না মিললেই পুরো নম্বর কেটে দিয়েছেন। তাই এত জন ফেল করে গিয়েছিল। আমাদের দাবি, ওই শিক্ষককে এক্ষুনি কারণ দর্শানোর জন্য নোটিশ দেওয়া হোক। সন্তোষজনক উত্তর না পেলে অবিলম্বে তাঁকে বহিষ্কার করা হোক। পড়ুয়াদের ভবিষ্যৎ নিয়ে ছিনিমিনি খেলার অধিকার কারও নেই। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সুবিচারের আশায় রইলাম।

**নাম ও ঠিকানা প্রকাশে অনিচ্ছুক।**

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# রেলে ১৪০৩৩ ইঞ্জিনিয়ার, সায়েন্স গ্র্যাজুয়েট

*প্রথম পাতার পর*

হল। অন্য কোনও আর আর বি-র শূন্যপদ সম্পর্কে জানতে হলে সংশ্লিষ্ট আর আর বি-র ওয়েবসাইট দেখবেন।

মোট শূন্যপদ: **জুনিয়র ইঞ্জিনিয়ার:** ১৩০৩৪টি। **জুনিয়র ইঞ্জিনিয়ার (ইনফর্মেশন টেকনোলজি):** ৪৯টি। **ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট:** ৪৫৬টি। **কেমিক্যাল অ্যান্ড মেটালার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট:** ৪৯৪টি।

পদ অনুসারে শিক্ষাগত যোগ্যতা: **জুনিয়র ইঞ্জিনিয়ার:** নির্দিষ্ট বিভিন্ন শাখার যে-কোনও একটিতে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি বা ডিপ্লোমা। ইঞ্জিনিয়ারিং শাখাগুলি হল: মেকানিক্যাল, প্রোডাকশন, অটোমোবাইল, ম্যানুফ্যাকচারিং, মেকট্রনিক্স, ইন্ডাস্ট্রিয়াল, মেশিনিং, টুলস অ্যান্ড মেশিনিং, টুলস অ্যান্ড ডাই মেকিং, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, কমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি।

**জুনিয়র ইঞ্জিনিয়ার (ইনফর্মেশন টেকনোলজি):** কম্পিউটার সায়েন্সের বি এসসি ডিগ্রি বা বি সি এ বা কম্পিউটার অ্যাপ্লিকেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা অথবা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্সের বি টেক ডিগ্রি কিংবা ডোয়েকের তিন বছর মেয়াদের 'বি' লেভেল কোর্স পাশ।

**ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট:** ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় ডিগ্রি বা ডিপ্লোমা।

**কেমিক্যাল অ্যান্ড মেটালার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট:** প্রধান দু'টি বিষয় হিসেবে ফিজিক্স ও কেমিস্ট্রি নিয়ে মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ বি এসসি ডিগ্রি।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর ও প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, বিবাহবিচ্ছিন্ন এবং আইনত স্বামীবিচ্ছিন্ন মহিলা প্রার্থীরা ফের বিবাহ না করে থাকলে এবং ৩৫ (তফসিলিদের ক্ষেত্রে ৪০, ও বি সিদের ক্ষেত্রে ৩৮) বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন।

**মেডিক্যাল স্ট্যান্ডার্ড:** জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে এ-৩, জুনিয়র ইঞ্জিনিয়ার (ইনফর্মেশন টেকনোলজি) পদের ক্ষেত্রে বি-১, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট পদের ক্ষেত্রে বি-২ এবং কেমিক্যাল অ্যান্ড মেটালার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে সি-১ মানের হতে হবে।

**বেতন:** ৩৫,৪০০ টাকা। বেতনক্রম নির্ধারিত হবে সপ্তম পে কমিশন অনুসারে। এই নিয়োগের সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর ০৩/২০১৮।

**পশ্চিমবঙ্গের তিন আর আর বি-র শূন্যপদ: কলকাতা আর আর বি:** জুনিয়র ইঞ্জিনিয়ার (পার্মানেন্ট ওয়ে): ১২৩টি (সাধারণ ৫৯, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৩৭)। এর মধ্যে ১৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ব্রিজ): ২টি (সাধারণ ১, ও বি সি ১)। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল/ডিজাইন/ড্রয়িং ও এস্টিমেশন): ২২টি (সাধারণ ১১, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৮)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল/ডিজাইন/ড্রয়িং ও এস্টিমেশন): ২৮টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (পার্মানেন্ট ওয়ে): ২টি (সাধারণ)। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে মেট্রো রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (পার্মানেন্ট ওয়ে): ৪২টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। এর মধ্যে ৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল/ডিজাইন/ড্রয়িং ও এস্টিমেশন): ৬টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কসে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ওয়ার্কস): ১টি (ও বি সি ১)। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কসে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ওয়ার্কস): ৩৮টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১০)। এর মধ্যে ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ওয়ার্কস): ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে মেট্রো রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ওয়ার্কস): ৫৮টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৭)। এর মধ্যে ৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল/ওয়ার্কশপ): ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, ও বি সি ৩)। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ট্রাক মেশিন): ৩১টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ট্রাক মেশিন): ৬৯টি (সাধারণ ৩৬, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৮)। এর মধ্যে ৭টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ক্যারেজ অ্যান্ড ওয়াগন): ৮৩টি (সাধারণ ৪৩, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ২৪)। এর মধ্যে ৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ক্যারেজ অ্যান্ড ওয়াগন): ২৮টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল/ডিজাইন ড্রয়িং অ্যান্ড এস্টিমেশন): ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল/ডিজাইন ড্রয়িং অ্যান্ড এস্টিমেশন): ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ডিজেল মেকানিক): ১৪টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, ও বি সি ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ডিজেল মেকানিক): ১৬টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল/পাওয়ার): ২টি (সাধারণ)। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ডিজেল/মেকানিক্যাল): ১৯টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৪, ও বি সি ২)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কসে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ডিজেল/মেকানিক্যাল-ওয়ার্কশপ): ৭টি (সাধারণ ৬, ও বি সি ১)। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (জে আই জি অ্যান্ড টুল): ১১টি (সাধারণ ৬, ও বি সি ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল-ওয়ার্কশপ): ২৪৭টি (সাধারণ ১১৪, তফসিলি জাতি ৪১, তফসিলি উপজাতি ১৮, ও বি সি ৭৪)। এর মধ্যে ২৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী, ৫টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ প্রতিবন্ধীদের (অন্যান্য) জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল-ওয়ার্কশপ): ১৪৫টি (সাধারণ ৭৫, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩৯)। এর মধ্যে ১৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী, ২টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ডিজেল ইলেক্ট্রিক্যাল): ৮টি (সাধারণ ৫, ও বি সি ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ডিজেল ইলেক্ট্রিক্যাল): ৪টি (সাধারণ)। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ডিজেল ইলেক্ট্রিক্যাল ওয়ার্কশপ): ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/ডিজাইন ড্রয়িং অ্যান্ড এস্টিমেশন): ৫টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১)। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/ডিজাইন ড্রয়িং অ্যান্ড এস্টিমেশন): ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/এমু): ১৬টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী, ৫টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/জেনারেল সার্ভিস): ৩৮টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৫)। এর মধ্যে ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী, ২টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ডিজাইন/ইলেক্ট্রিক্যাল): ২৬টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৬)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী, ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল বিভাগে চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কসে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল): ৫৪টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫)। এর মধ্যে ৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল বিভাগে চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কসে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/টি আর ডি): ৩টি (সাধারণ)। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/টি আর ডি): ১৯টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/টি আর এস): ২৬টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১১)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী, ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/টি আর এস): ১০টি (সাধারণ ৭, ও বি সি ৩)। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল বিভাগে মেট্রো রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল টি আর এস): ২১টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী, ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল ওয়ার্কশপ): ২৫টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৮)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী, ২টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল ওয়ার্কশপ): ১৮টি (সাধারণ ১০, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (এস অ্যান্ড টি/ডিজাইন ড্রয়িং অ্যান্ড এস্টিমেশন): ১৩টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে এস অ্যান্ড টি বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (এস অ্যান্ড টি/সিগনাল): ২৯টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৫)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে এস অ্যান্ড টি বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (এস অ্যান্ড টি/সিগনাল): ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। নিয়োগ হবে এস অ্যান্ড টি বিভাগে দক্ষিণ মেট্রো রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (এস অ্যান্ড টি/টেলিকমিউনিকেশন): ৪০টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ৯)। এর মধ্যে ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে এস অ্যান্ড টি বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (এস অ্যান্ড টি/টেলিকমিউনিকেশন): ২টি (সাধারণ ১ও বি সি ১)। নিয়োগ হবে এস অ্যান্ড টি বিভাগে মেট্রো রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (এস অ্যান্ড টি/টেলিকমিউনিকেশন): ৬টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। নিয়োগ হবে এস অ্যান্ড টি বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ১১টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী, ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে স্টোর্স বিভাগে চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কসে। ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ১৫টি (সাধারণ ১০, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী, ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে স্টোর্স বিভাগে পূর্ব রেলে। ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট: ২৩টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী, ১টি করে শূন্যপদ অস্থি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে স্টোর্স বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। কেমিক্যাল অ্যান্ড মেটালার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট: ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কসে। কেমিক্যাল অ্যান্ড মেটালার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট: ৩৩টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে পূর্ব রেলে। কেমিক্যাল অ্যান্ড মেটালার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট: ৩২টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে দক্ষিণ পূর্ব রেলে।

**মালদা আর আর বি:** জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল/ডিজাইন/ড্রয়িং অ্যান্ড এস্টিমেশন): ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল/ডিজাইন/ড্রয়িং অ্যান্ড এস্টিমেশন): ৪৮টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (পার্মানেন্ট ওয়ে): ৪৪টি (সাধারণ ৩১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৪)। এর মধ্যে ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (পার্মানেন্ট ওয়ে): ২৮টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ওয়ার্কস): ১২টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ওয়ার্কস): ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ক্যারেজ অ্যান্ড ওয়াগন): ৬৮টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১২)। এর মধ্যে ৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ক্যারেজ অ্যান্ড ওয়াগন): ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ডিজেল মেকানিক্যাল): ২টি (সাধারণ ১, ও বি সি ১)। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল/পাওয়ার): ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ডিজেল ইলেক্ট্রিক্যাল): ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/জেনারেল সার্ভিসেস): ১৫টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/জেনারেল সার্ভিসেস): ২টি (সাধারণ ১, ও বি সি ২)। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/টি আর ডি): ১৬টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/টি আর ডি): ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/টি আর এস): ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১,তফসিলি উপজাতি ১)। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (এস অ্যান্ড টি/সিগনাল): ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ২)। নিয়োগ হবে সিগনাল ও টেলিকমিউনিকেশন বিভাগে পূর্ব রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (এস অ্যান্ড টি/সিগনাল): ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। নিয়োগ হবে সিগনাল অ্যান্ড টেলিকমিউনিকেশন বিভাগে দক্ষিণ পূর্ব রেলে। জুনিয়র

*এরপর তেইশের পাতায়*

RRB-JE Special
Batch শুরু 6th Jan.
● প্রতি ব্যাচে মাত্র 25 জন ছাত্রছাত্রী ● প্রতি সপ্তাহে ২ টি ONLINE MOCK TEST ● উপযুক্ত STUDY MAT ● সপ্তাহে ২ দিন ক্লাস।
B.TECH, DIPLOMA & I.T.I পাশ student দের সরকারি চাকরির প্রশিক্ষণ
Upcoming Govt job exams SAIL, DCL, TCL, DRDO, NS ইত্যাদিতে নিশ্চিত সাফল্যের জন্য COMBINED COURSE (TECH + NONTECH) এর নতুন ব্যাচ শুরু 5th & 7th January
www.iteeonlineportal.com
itee দমদম - 9830859046 বারাসাত - 9804820827
RPF, ARMY, NAVY, SSC, WBP, CLERK, KP, ইত্যাদি পরীক্ষার প্রশিক্ষণ।
Only Registration Fees দিতে হবে (ONE TIME)

RRB JE Special
Batch শুরু 3rd/6th January
ALP/TECH 2nd CBT
নতুন ব্যাচে ভর্তি চলছে
Combined Tech ব্যাচে ভর্তি চলছে
নন-টেকনিক্যাল কম্বাইন্ড ব্যাচে ভর্তি চলছে
আপনার মূল্যবান সময়কে কাজে লাগান একটা উপযুক্ত প্রতিষ্ঠানের অভিজ্ঞতার সাথে আর প্রতিষ্ঠা পান শীঘ্রই।
RAIL এবং Technical চাকরির ক্ষেত্রে পূর্বভারতের নিঃশব্দ বিপ্লব ঘটানো প্রতিষ্ঠান
M.: 8820022385, 9681026768
FOR ITI, DIPLOMA & B.TECH

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*সাফল্য পাওয়ার জন্য সামর্থ্যের দরকার তো হয়ই, কিন্তু একইভাবে গুরুত্বপূর্ণ মানসিকতা। ইতিবাচক মানসিকতাই তোমাকে সামর্থ্য অর্জনের পথে চালিত করবে।*
*— ওয়াল্টার স্কট (স্কটিশ সাহিত্যিক)*

*✓ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা করেছি। ডিপ্লোমায় প্রথম শ্রেণির নম্বর আছে। বর্তমানে একটি বেসরকারি নির্মাণ সংস্থায় চাকরি করছি। সরকারি চাকরির কথা জানাবেন।*

*অরূপ সরকার, দুর্গাপুর, বর্ধমান।*

☐ সরাসরি সরকারি এবং রাষ্ট্রায়ত্ত বিভিন্ন সংস্থাতেই চাকরির সুযোগ আছে। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে থাকুন।

***এখনই আবেদন করতে পারেন:*** ১৩০৩৪ জুনিয়র ইঞ্জিনিয়ার নেবে ভারতীয় রেল। সিভিল-সহ বিভিন্ন শাখার ইঞ্জিনিয়াররা আবেদন করতে পারবেন। অনলাইন আবেদন করতে হবে কোনও একটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে। 'কর্মক্ষেত্র'-র ২৬ ডিসেম্বর সংখ্যায় 'রেলে ১৪০৩৩ ইঞ্জিনিয়ার ও সায়েন্স গ্র্যাজুয়েট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ৩১ জানুয়ারির মধ্যে দরখাস্ত করতে হবে। আপনি আবেদন করতে পারেন। পশ্চিমবঙ্গের তিনটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের (আর আর বি) ওয়েবসাইট: কলকাতা আর আর বি: www.rrbkolkata.gov.in, শিলিগুড়ি আর আর বি: www.rrbsiliguri.org, মালদা আর আর বি: www.rrbmalda.gov.in

১৩০৩৪ জুনিয়র ইঞ্জিনিয়ার নেবে ভারতীয় রেল। সিভিল-সহ বিভিন্ন শাখার ইঞ্জিনিয়াররা আবেদন করতে পারবেন। অনলাইন আবেদন করতে হবে কোনও একটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে। 'কর্মক্ষেত্র'-র ২৬ ডিসেম্বর সংখ্যায় 'রেলে ১৪০৩৩ ইঞ্জিনিয়ার ও সায়েন্স গ্র্যাজুয়েট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ৩১ জানুয়ারির মধ্যে দরখাস্ত করতে হবে।

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। রাজ্যস্তরের পি ডব্লিউ ডি এবং কেন্দ্রীয় স্তরের সি পি ডব্লিউ ডি-সহ রাষ্ট্রায়ত্ত বিভিন্ন সংস্থাতেই জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় নজর রাখুন, সেইসব চাকরির খবর পাবেন।

*✓ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের গ্র্যাজুয়েট (বি বি এ)। এম বি এ পড়তে চাই। কিন্তু চাকরির খুবই প্রয়োজন হয়ে পড়েছে। চাকরির সন্ধান চাই।*

*তমালিনী মণ্ডল, মধ্যমগ্রাম, কলকাতা।*

☐ গ্র্যাজুয়েট যোগ্যতায় বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদন করতে পারবেন। তিন-চারটি চাকরি বাছাই করে নিতে পারলে আগে থেকেই সেইসব চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে সুবিধা হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশন কোম্পানি ১০০জন অফিস এক্সিকিউটিভ নেবে। 'কর্মক্ষেত্র'-র ২৬ ডিসেম্বর সংখ্যায় 'রাজ্য ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশনে ৩২২' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ১ বছরের ডিপ্লোমা কোর্স করা থাকলে যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই এই পদে আবেদন করতে পারবেন। গ্র্যাজুয়েশনে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। ১১ জানুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbsetcl.in

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারেন। পশ্চিমবঙ্গ সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের চাকরির পরীক্ষায় বসতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে ক্লার্ক ও প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিসার (জেনারেলিস্ট) এবং অফিস অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। ব্যাঙ্কের চাকরির জন্য ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের যোগ্যতামান নির্ধারণের পরীক্ষায় বসতে হবে। পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ক্লার্ক বা প্রবেশনারি অফিসার পদে চাকরির জন্য ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের পরীক্ষায় বসতে হয় না। স্টেট ব্যাঙ্ক কর্তৃপক্ষই প্রার্থী বাছাই করে থাকেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। আছে আরও নানা চাকরি।

*✓ পিওর সায়েন্স নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করেছি ২০১৮-য়। উচ্চমাধ্যমিকে ৫৮ শতাংশ নম্বর আছে। চাকরির প্রয়োজনে কলেজে ভর্তি না হয়ে কম্পিউটার হার্ডওয়্যার ও নেটওয়ার্কিং শিখছি। স্কুলে নিয়মিত খেলাধুলা করেছি। পরিশ্রমে ভয় নেই। আমি কী কী চাকরির জন্য আবেদন করতে পারব জানালে উপকৃত হব।*

*দীপক ঘোষ, বাঘাযতীন, কলকাতা।*

☐ উচ্চমাধ্যমিক যোগ্যতায় কিছু চাকরির জন্য আবেদন করতে পারবেন। চাকরির পরীক্ষায় বসতে হবে। পরীক্ষার প্রস্তুতিও নিতে হবে ভালো করে।

***এখনই আবেদন করতে পারেন:*** বেশ কিছু এয়ারম্যান নেবে ভারতীয় বিমানবাহিনী। অঙ্ক ও ফিজিক্স নিয়ে উচ্চমাধ্যমিক পাশ তরুণরা আবেদনের যোগ্য। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ এবং ইংরেজিতে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। উচ্চতা হতে হবে ১৫২.৫ সেমি। বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। আগ্রহী হলে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৪ ডিসেম্বর সংখ্যায় 'এয়ারফোর্সে এয়ারম্যান' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ২ থেকে ২১ জানুয়ারির মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.airmenselection.cdac.in

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইন্সপেক্টর পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। রেলে টিকিট এক্সামিনার ও ট্রেনস ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পশ্চিমবঙ্গের পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ এবং পুরসভায় সহায়ক বা অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন।

*✓ বাংলার গ্র্যাজুয়েট। ইংরেজি স্টেনোগ্রাফি জানি। স্টেনোগ্রাফারের চাকরির খোঁজ দেবেন।*

*সমরেশ মান্না, বাগনান, হাওড়া।*

☐ দক্ষ স্টেনোগ্রাফারের চাকরির বাজারে চাহিদা আছে। লিখিত পরীক্ষার জন্য প্রস্তুতি নিন। লিখিত পরীক্ষায় সফল হলে তবেই স্টেনোগ্রাফি টেস্টে ডাকা হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশন কোম্পানি ৩৭জন এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট নেবে। এই পদের জন্য স্টেনোগ্রাফি জানা বাধ্যতামূলক। গ্র্যাজুয়েশনে মোট অন্তত ৪০ শতাংশ নম্বর থাকতে হবে। 'কর্মক্ষেত্র'-র ২৬ ডিসেম্বর সংখ্যায় 'রাজ্য ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশনে ৩২২' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ১১ জানুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbsetcl.in

## একটা কৌতূহলী মন নিয়ে পেশার খোঁজখবর নিন



**প্রফেসর অশোক কুমার ব্যানার্জি**, প্রেসিডেন্ট, ক্যালকাটা ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েশন, প্রাক্তন চেয়ারম্যান ও চেয়ারম্যানস কাউন্সিল মেম্বার, আই আই এম ক্যালকাটা অ্যালামনি অ্যাসোসিয়েশন, কলকাতা

পেশার জগৎটা বদলে যাচ্ছে দ্রুত। অনেক নতুন নতুন পেশার উদ্ভব ঘটছে। এখনকার কলেজ বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের বলব, পড়াশোনা করতে করতেই নতুন পেশা, নতুন নতুন পেশা-সহায়ক কোর্স নিয়ে খোঁজখবর নিন। এই তো সম্প্রতি জানা গেল, পশ্চিমবঙ্গের হরিণঘাটায় লজিস্টিক্স হাব গড়ে তুলবে ই-কমার্স সংস্থা ফ্লিপকার্ট। রাজ্যের অর্থমন্ত্রী অমিত মিত্র জানিয়েছেন, হাবটি তৈরি হলে এখানে বেশ কয়েক হাজার চাকরির সুযোগ তৈরি হবে। এবার দেখুন, চাকরি নানা স্তরেই হতে পারে, কিন্তু বড়সড় একটা লজিস্টিক্স হাব চালাতে হলে লজিস্টিক্স ম্যানেজমেন্টের পেশাদারদের দরকার হয়। ফলে এক্ষেত্রের পেশাদারদেরও দরকার হবে। এখন, যাঁরা গ্র্যাজুয়েশনের পড়াশোনা করছেন বা গ্র্যাজুয়েশন সম্পূর্ণ করেছেন সম্প্রতি, তাঁরা একটু খোঁজ চালিয়ে লজিস্টিক্স ব্যাপারটা কী, এক্ষেত্রের পেশার বৈশিষ্ট্যগুলি কী কী, কোন কোন বিষয় জানতে হয়, সে সম্পর্কে জানতে পারেন। কেউ কেউ হয়তো লজিস্টিক্সের চাকরিতে আগ্রহী হবেন। তখন কীভাবে লজিস্টিক্স ম্যানেজমেন্ট পড়া যায় সে-বিষয়ে খোঁজখবর নিতে হবে। এটাও জানা থাকা দরকার যে, ম্যানেজমেন্টের ডিগ্রি বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পড়তে হলে ম্যাট বা ক্যাটের মতো ম্যানেজমেন্টের কোনও প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হতে হয়। প্রসঙ্গত বলি, কলকাতার ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্টে (আই আই এস ডব্লু বি এম) ট্রান্সপোর্টেশন ম্যানেজমেন্ট পড়া যায়। এই ট্রান্সপোর্টেশন ম্যানেজমেন্টের সঙ্গে লজিস্টিক্স ম্যানেজমেন্ট অঙ্গাঙ্গি যুক্ত।

কৌতূহলী মন নিয়ে খোঁজ করলে এরকম হরেক পেশারই হদিশ পাবেন। হ্যাঁ, এই কৌতূহলী মনটার দরকার রয়েছে। পড়াশোনাই হোক বা কাজের ক্ষেত্র, নতুন কিছু জানার আগ্রহ না থাকলে এগনো যায় না। একটা নির্দিষ্ট চৌহদ্দির মধ্যে আটকে থাকতে হয়। সাধারণ মানুষ গুডস অ্যান্ড সার্ভিসেস ট্যাক্স'কে (জি এস টি) একটি কর ব্যবস্থা হিসেবেই জানবেন। কিন্তু কমার্সের একজন ছাত্র বা ছাত্রীকে তো সেই ব্যবস্থাটাকে তলিয়ে দেখতে হবে, বুঝতেও হবে।

দেশের কোন কোন ক্ষেত্রে সমৃদ্ধি ঘটছে লক্ষ করুন। বৃদ্ধি ঘটছে যে-সব ক্ষেত্রে, সেখানে আরও বেশি করে কাজের লোকের দরকার হয়। ভারতে এখন হোটেল-রেস্তোরাঁর রমরমা। এক্ষেত্রে হোটেল ম্যানেজমেন্ট পড়ে আসা লোকের যেমন দরকার রয়েছে, তেমন খাদ্য পরিবেশনের লোকেরও দরকার রয়েছে। হোটেল ম্যানেজমেন্ট বা অ্যাডমিনিস্ট্রেশন নিয়ে যাঁরা পড়াশোনা করবেন, তাঁরা তো তাঁদের ট্রেডটা জেনেই আসছেন। কিন্তু ক্লাস এইট বা মাধ্যমিক পাশ একটি ছেলে বা মেয়ে যে ফুড সার্ভিস বা হাউসকিপিংয়ের কাজ শিখে বড় হোটেল রেস্তোরাঁয় চাকরি করতে পারেন, সেই তথ্যটি অনেক সময় স্বল্পশিক্ষিতদের কাছে থাকে না। তাই সকলের উদ্দেশ্যেই বলছি, শিক্ষাগত যোগ্যতা যা-ই হোক না কেন, আপনার জন্য পেশার জগতে কোন কোন দরজা খোলা আছে কিংবা একটু চেষ্টাচরিত্র করলে কোন কোন দরজা খুলে যেতে পারে, সে-সম্পর্কে অবহিত থাকার চেষ্টা করুন। একটা বহুতল বাড়ি তৈরির জন্য যেমন আর্কিটেক্ট, সিভিল ইঞ্জিনিয়ারের দরকার হয়, তেমন রাজমিস্ত্রি, প্লাম্বার, ইলেক্ট্রিশিয়ান ছাড়াও সে-বাড়িটি সম্পূর্ণ হওয়ার নয়। চিকিৎসা ক্ষেত্রে ডাক্তার ছাড়া চলবে না, কিন্তু নার্স, অ্যাটেনড্যান্ট, টেকনিশিয়ান ছাড়াও কি চলবে? সুযোগ আছে সবার জন্যই। সুযোগগুলোকে কাজে লাগানোর জন্য নিজেকে একটু গড়েপিটে নিতে হতে পারে। একটু চ্যালেঞ্জ নিতে হয়। খোঁজখবর করে পা রাখার একটা জায়গা বেছে নিয়ে সেই জায়গাটায় পৌঁছনোর জন্য একটু উদ্যোগ নিন। দু'দিন আগে বা পরে আপনি আপনার জায়গাটায় পৌঁছবেনই।

ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশন কোম্পানি ১০০জন অফিস এক্সিকিউটিভ নেবে। 'কর্মক্ষেত্র'-র ২৬ ডিসেম্বর সংখ্যায় 'রাজ্য ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশনে ৩২২' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ১ বছরের ডিপ্লোমা কোর্স করা থাকলে যে- কোনও শাখার গ্র্যাজুয়েটরাই এই পদে আবেদন করতে পারবেন।

জুনিয়র স্টেনোগ্রাফার নেবে কলকাতার সায়েন্স সিটি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ০৩/২০১৮। নির্দিষ্ট বয়ানে দরখাস্ত করতে হবে। দরখাস্তের বয়ান-সহ এই নিয়োগ-সংক্রান্ত খুঁটিনাটি তথ্য পাবেন এই ওয়েবসাইটে: www.sciencecitykolkata.org.in

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে প্রতিবছরই বিভিন্ন মন্ত্রক ও সংস্থায় স্টেনোগ্রাফার নিয়োগ করে। পরীক্ষা নেয় স্টাফ সিলেকশন কমিশন। আপনি এই পরীক্ষায় বসতে পারবেন। পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়। আছে আরও চাকরি।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad





সাইবার অপরাধ দমন ও নিরাপত্তার কোর্স
...পৃঃ ১৩

কর্মক্ষেত্র
# জীবিকার আটঘাট

স্বনির্ভরতার লক্ষ্যে
কর্মক্ষেত্র পুরস্কার
প্রতি মাসেই ৫০০০ টাকা
পুরস্কৃত প্রবন্ধ ১১ পাতায়

# কাজের নয়া দিশা দেখাচ্ছে অডিও-ভিশ্যুয়াল জগৎ

দ্রুত বাড়ছে ভারতের অডিও-ভিশ্যুয়াল শিল্পের জগৎ। প্রচুর কাজের সুযোগ রয়েছে এক্ষেত্রে। সার্টিফায়েড টেকনোলজি স্পেশ্যালিস্ট (সি টি এস) অডিও-ভিশ্যুয়াল শিল্পের পেশাদারি যোগ্যতা। এই সার্টিফিকেশন গ্রাহ্য হয় সারা বিশ্বেই। কীভাবে অর্জন করা যায় সি টি এস যোগ্যতা? সে-বিষয়ে প্রয়োজনীয় তথ্য-সহ বিশদ প্রতিবেদন।



নিজস্ব প্রতিনিধি: মিশরের পিরামিড, দিল্লির লালকেল্লা, পোর্টব্লেয়ারের সেলুলার জেলের মতো পৃথিবীর নানা ঐতিহাসিক জায়গায় প্রত্যেক সন্ধেবেলা অনুষ্ঠিত হয় লাইট অ্যান্ড সাউন্ড শো। আলো ও শব্দের সমন্বয়ে ইতিহাস মূর্ত হয় অডিও-ভিশ্যুয়াল প্রযুক্তির কেরামতিতে।

হাসপাতালের অপারেশন থিয়েটারে চলছে জটিল অস্ত্রোপচার। ক্লাসরুমে বসে কম্পিউটার বা টিভি বা পর্দায় তার চলমান ছবি দেখছেন ডাক্তারির ছাত্ররা। এক্ষেত্রে দৃশ্য বা ভিশ্যুয়াল প্রযুক্তি ব্যবহৃত হয়েছে।

বড় অডিটোরিয়ামে একটি সঙ্গীতানুষ্ঠান চলছে। বিভিন্ন যন্ত্রানুষঙ্গ ব্যবহৃত হচ্ছে সেখানে। ব্যবহৃত হচ্ছে একাধিক মাইক্রোফোন। কোন মাইক্রোফোন কত ডেসিবল শব্দতরঙ্গ সৃষ্টি করবে, তার হিসেব-নিকেশ করে রাখতে হয় আগে থেকেই। শব্দ বা অডিও প্রযুক্তির ভিত্তিতে সেই হিসেব-নিকেশটা করতে হয়।

এই যে দৃশ্য বা শব্দের ব্যবহার কিংবা একত্রিতভাবে দৃশ্য-শব্দের প্রয়োগ, তা যুক্ত হয়ে আছে একটা বিরাট শিল্পের সঙ্গে। অডিও-ভিশ্যুয়াল ইন্ডাস্ট্রি। দৃশ্য-শব্দের পরিসরে যোগাযোগের ব্যবস্থার বৈপ্লবিক পরিবর্তন ঘটিয়ে দিয়েছে এই শিল্প।

> সার্টিফায়েড টেকনোলজি স্পেশ্যালিস্ট (সি টি এস) একটি আন্তর্জাতিক মানের পেশাদারি যোগ্যতা। সি টি এস পরীক্ষায় উত্তীর্ণ হলে এই যোগ্যতার অধিকারী হওয়া যায়। অনলাইন কোর্সের মাধ্যমে পরীক্ষার প্রস্তুতি নেওয়া যায়। অডিও-ভিশ্যুয়াল অ্যান্ড ইন্টিগ্রেটেড এক্সপেরিয়েন্স অ্যাসোসিয়েশন (অ্যাভিক্সা) সি টি এস পরীক্ষা পরিচালনা করে। অ্যাভিক্সার ওয়েবসাইটের মাধ্যমেই ধাপে ধাপে এই পরীক্ষার জন্য প্রস্তুতির পাঠ পাওয়া যায়।

## অডিও-ভিশ্যুয়াল ইন্ডাস্ট্রি

অডিও-ভিশ্যুয়াল শিল্পের স্বরূপটি বুঝতে গেলে প্রথমত এই শিল্পের সঙ্গে যুক্ত অনুষঙ্গ বা সরঞ্জাম সম্পর্কে একটা ধারণা পেতে হবে। ধরা যাক, একটি গুরুত্বপূর্ণ কনফারেন্সে যোগ দিতে গিয়েছেন। হলের মধ্যে নিশ্চিতভাবেই যে জিনিসগুলি দেখবেন, তার মধ্যে থাকবে—পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের জন্য স্ক্রিন বা ডিসপ্লে বোর্ড, প্রোজেক্টর, মাইক্রোফোন, স্পিকার, ইন্টার‍্যাক্টিভ হোয়াইট বোর্ড ইত্যাদি।

এভাবেই একটি অডিও কনফারেন্সের জন্য দরকার হয় সামগ্রিক একটি অডিও কনফারেন্সিং ব্যবস্থার। দরকার হবে উইন্ড কন্ট্রোলার, মিউট সুইচ, ড্রাম প্যাড কন্ট্রোলার, কী বোর্ড কন্ট্রোলার, মাইক্রোফোন ইত্যাদির।

অ্যামপ্লিফায়ার, অ্যানালাইজার, অডিও মিক্সচার, অডিও প্রসেসর, স্টেজ বক্স, ব্রডকাস্ট প্রসেসর, ইলেক্ট্রিক প্রোজেকশন স্ক্রিন, পোর্টেবল

এরপর চোদ্দোর পাতায়

## অডিও-ভিশ্যুয়াল ইন্ডাস্ট্রির পরিসর বিরাট কাজের সুযোগও প্রচুর



গৌরব মজুমদার
রিজিওনাল ডিরেক্টর, অ্যাভিক্সা (অডিও ভিশ্যুয়াল অ্যান্ড ইন্টিগ্রেটেড এক্সপেরিয়েন্স আসোসিয়েশন)
ভারত ও মধ্যপ্রাচ্য

এই মুহূর্তে অডিও-ভিশ্যুয়াল ইন্ডাস্ট্রির রমরমা বিশ্বজুড়েই। ভবিষ্যতে এই শিল্পক্ষেত্রটির পরিসীমা আরও বাড়বে। ব্যতিক্রম নয় ভারতও। এদেশে ২০১২ সালের ২৬০ কোটি ডলারের অডিও-ভিশ্যুয়ালের বাজার ২০১৬ সালে বেড়ে দাঁড়িয়েছে ৫৪০ কোটি ডলারে। ২০২২ সাল নাগাদ ভারতের অডিও-ভিশ্যুয়ালের বাজার অন্তত ৮৪০ কোটি ডলার ছোঁবে বলে আশা করা যাচ্ছে।

খুব স্বাভাবিকভাবেই অডিও-ভিশ্যুয়াল বিজ্ঞান ও প্রযুক্তি জানা লোকের চাহিদা বাড়ছে। স্বাস্থ্যক্ষেত্র, যানবাহন নিয়ন্ত্রণ, শিক্ষা প্রভৃতি ক্ষেত্রে ব্যাপকভাবে অডিও-ভিশ্যুয়াল নেটওয়ার্ক ঢুকে পড়ছে। সেইসব নেটওয়ার্ক তৈরি, পরিচালনা, রক্ষণাবেক্ষণ ইত্যাদির জন্য অডিও-ভিশ্যুয়াল কোম্পানিগুলিতে এক্ষেত্রের বিজ্ঞান ও প্রযুক্তি জানা প্রচুর লোকের দরকার হচ্ছে। রয়েছে ব্যবসার সুযোগও। অডিও-ভিশ্যুয়াল সরঞ্জামের ব্যবসা করতে পারেন, অডিও-ভিশ্যুয়াল সিস্টেম গঠন, রক্ষণাবেক্ষণের ব্যবসা করতে পারেন। কনসালটেন্সির ব্যবসা করতে পারেন।

সামগ্রিকভাবে অডিও-ভিশ্যুয়ালের জগৎ সম্পর্কে অবহিত হতে পারলে এবং বিজ্ঞানটা সম্পর্কে ধারণা থাকলে তবেই এ জগতে কাজের উপযুক্ত হয়ে ওঠা যায়। অ্যাভিক্সা সার্টিফায়েড টেকনোলজিস্ট স্পেশ্যালিস্টের (সি টি এস) তালিম দেয়। সি টি এস-এর পরীক্ষায় উত্তীর্ণ হলে সার্টিফিকেশন পাওয়া যায়। শুধু সার্টিফায়েড টেকনোলজিস্টের তকমা পাওয়াটাই শেষ কথা নয়। অডিও-ভিশ্যুয়ালের জগৎটি খুব জীবন্ত একটা জগৎ। নতুন নতুন স্ট্যান্ডার্ড নির্ধারিত হচ্ছে এ ভি ইন্ডাস্ট্রিতে। এই স্ট্যান্ডার্ডগুলি সম্পর্কে প্রতিনিয়ত ওয়াকিবহাল থাকার দরকার রয়েছে। এই শিল্পক্ষেত্রটি নিয়ে আগ্রহীরা অ্যাভিক্সার সদস্য হতে পারেন। সদস্যরাই প্রস্তুতি নিয়ে সি টি এস-এর পরীক্ষায় বসতে পারেন। সেইসঙ্গে এ ভি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে প্রযোজ্য নিয়মকানুন, স্ট্যান্ডার্ড সম্পর্কে অবহিত থাকতে পারেন। প্রচুর গবেষণা হচ্ছে এক্ষেত্রে। অ্যাভিক্সার সদস্যরা নিখরচায় সেইসব গবেষণাপত্র পড়তে পারেন। থাকে এ ভি ইন্ডাস্ট্রির অভিজ্ঞ ব্যক্তিত্বদের সঙ্গে মতের আদানপ্রদানের ব্যবস্থাও।

মুম্বইয়ে খুব সংগঠিত হয়ে উঠেছে অডিও-ভিশ্যুয়াল ইন্ডাস্ট্রি। পশ্চিমবঙ্গের এই শিল্প সম্পর্কে তথ্যের অভাব রয়েছে বলে মনে হয়েছে আমাদের। কিন্তু বহুবিধ কাজের সুযোগ রয়েছে এক্ষেত্রে। আগ্রহীদের অ্যাভিক্সার ওয়েবসাইটটি দেখার অনুরোধ করব। অডিও-ভিশ্যুয়াল ইন্ডাস্ট্রির পরিসর কত দূর পর্যন্ত বিস্তৃত তার একটা ধারণা পাবেন।

## স্বনির্ভরতার নানা পথ

# দেশে-বিদেশে বিপণনের ব্যবসার প্রশিক্ষণ

বাংলার সবজি, ফল ও ফুলের একটা বড় বাজার অনেকদিন ধরেই তৈরি হয়ে গেছে ইউরোপ ও পশ্চিম এশিয়ায়। সঙ্গে অন্য নানা পণ্যেরও ব্যবসা হতে পারে। পাশাপাশি রয়েছে দেশীয় বাজার। দেশে-বিদেশে বিপণনের ব্যবসার প্রশিক্ষণ দিচ্ছে এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট।





নিজস্ব প্রতিনিধি: এই ক্রিসমাসের মরশুমে ভারত থেকে প্রচুর পরিমাণ মোমবাতি পাড়ি দিয়েছে ইউরোপের বাজারে। সেখান থেকে এ ধরনের পণ্য ছড়িয়ে পড়ে ফ্রান্সের প্যারিস, স্পেনের মাদ্রিদ, সুইডেনের স্টকহোম, এমনকী স্ক্যান্ডিনেভীয় দেশগুলিতেও। ইউরোপে সুতির ইউজ অ্যান্ড থ্রো গ্লাভসের প্রচুর চাহিদা। দক্ষিণ ভারতের বিভিন্ন রাজ্য থেকে রপ্তানিও হয়ে থাকে। নিয়মনীতি মেনে তৈরি করতে পারলে এই বাংলার গ্রামে তৈরি মোয়া, নাড়ু, আচার ইত্যাদি খাদ্যপণ্য রপ্তানি হতে পারে ইউরোপ এবং পশ্চিম এশিয়ায়।

আর বাংলার সবজি-ফলের রপ্তানির বাজার তো বেশ কয়েক বছর যাবৎ তৈরি হয়েই আছে।

এই শীতে বাংলার সবুজের ওপর ছোট ছোট সাদা ছোপওয়ালা লাউয়ের দারুণ চাহিদা লন্ডনের বাজারে। গ্রীষ্মে বাংলার কাজরী পটল, ভেন্ডি, কাঁকরোল পাড়ি দেয় ইউরোপের বিভিন্ন বাজারে। সবচেয়ে বড় কেন্দ্রটি হল লন্ডন। সেখান বাংলার সবজি-ফল ছড়িয়ে পড়ে ইউরোপের বিভিন্ন দেশে।

গ্রীষ্মে বাংলার আম, লিচু পাড়ি দেয় আমেরিকা, ইংল্যান্ডে। বাংলার সবজি-ফলের আরেকটা বড় বাজার রয়েছে পশ্চিম এশিয়ার দুবাই, কুয়েত, কাতার বাহরিনের মতো দেশগুলিতে। এককথায় বাংলার ফসলকে কেন্দ্র করে রপ্তানি বাণিজ্যের একটা দিগন্ত খুলে গেছে, যার পূর্ণ সুযোগ নিতে পারেন এ রাজ্যের শিক্ষিত তরুণ-তরুণীরা। তবে সব ক্ষেত্রেই জেনে নিতে হবে রপ্তানির ব্যবসার খুঁটিনাটি।

গ্রীষ্ম ও বর্ষার মরশুমে যে-

এরপর পনেরোর পাতায়

বিশেষ ভাবে প্রস্তুত বিশেষ সংখ্যা
কর্মক্ষেত্র-র পরিপূরক পত্রিকা
পেশাপ্রবেশ
চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী
সারা বছরের সব গুরুত্বপূর্ণ ঘটনা এক লহমায়
তথ্যেচিত্রে ২০১৮
চাকরি-পরীক্ষার উপযুক্ত করে সাজানো
মিশন ডব্লু বি সি এস ২০১৯
বিষয় ধরে ধরে বিগত ডব্লু বি সি এস পরীক্ষার প্রশ্নোত্তর
আরও অনেক কিছু
শীঘ্রই বেরচ্ছে
আপনার কপির জন্য সংবাদপত্র-বিক্রেতাকে বা পত্রিকা-স্টলে এখনই বলে রাখুন।
১৩২ পাতা ২৫ টাকা

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ফুটওয়্যার টেকনোলজি পড়ে কেরিয়ার

**নানান ডিজাইনের জুতোর কদর রয়েছে বিশ্ব জুড়ে। দেশীয় বাজারের সঙ্গে সঙ্গে বিদেশের বাজার ধরতে আগ্রহী কেন্দ্রীয় ও রাজ্য সরকারও। দেশেই ম্যানুফ্যাকচারিং ইউনিট গড়তে আগ্রহী সংস্থার হাত ধরে আসছে বিদেশি বিনিয়োগও। আগ্রার সেন্ট্রাল ফুটওয়্যার ট্রেনিং ইনস্টিটিউটে পড়া যায় ফুটওয়্যার টেকনোলজি-সংক্রান্ত নানা কোর্স। মাধ্যমিক উত্তীর্ণ হলেই নিতে পারেন প্রশিক্ষণ। আবেদন করতে পারেন এখনই।**

**নিজস্ব প্রতিনিধি:** বিশ্ব জুড়েই রয়েছে জুতোর বিরাট বাজার। ২০১৮-র মার্চে অনুষ্ঠিত হওয়া ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ফুটওয়্যার ফেয়ারে কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রী সুরেশ প্রভু বলেন, ভারতের ফুটওয়্যার ইন্ডাস্ট্রির উন্নতির প্রচুর সুযোগ রয়েছে। এই মুহূর্তে জুতো উৎপাদনের নিরিখে ভারতের স্থান দ্বিতীয়, চিনের পরেই। এদেশে প্রতিবছর উৎপাদিত জুতোর ৯০ শতাংশই বিক্রি হয়ে যায় দেশীয় বাজারে। বাকি ১০ শতাংশের মতো রপ্তানি হয় অন্যান্য দেশে। আগামী দিনে ভারতে তৈরি জুতো রপ্তানিতে জোর দেওয়া হবে আরও বেশি করে। ভারতের ফুটওয়্যার ইন্ডাস্ট্রিকে আন্তর্জাতিকভাবে আরও এগিয়ে নিয়ে যেতে কেন্দ্রীয় সরকারের তরফে মঞ্জুর করা হয়েছে প্রায় দু'হাজার ছশো কোটি টাকা।

ফ্যাশন এবং প্রয়োজনের কথা মাথায় রেখে বিভিন্ন ধরনের জুতো উৎপাদনের জন্য জুতো প্রস্তুতকারী সংস্থাগুলিতে সবসময়ই দক্ষ কর্মীর চাহিদা থাকে। তাছাড়াও জুতো উৎপাদনের খুঁটিনাটি শিখে নিয়ে নিজের উদ্যোগেই কাজ শুরু করে দিতে পারেন ব্যবসায় আগ্রহীরা।

## কোথায় পড়বেন

ফুটওয়্যার টেকনোলজি, ডিজাইন ও ম্যানুফ্যাকচারিং টেকনোলজি-সংক্রান্ত চারটি কোর্সে ভর্তি নিচ্ছে আগ্রার সেন্ট্রাল ফুটওয়্যার ট্রেনিং ইনস্টিটিউট। এটি কেন্দ্রের মাইক্রো, স্মল এবং মিডিয়াম এন্টারপ্রাইজ মন্ত্রকের অনুমোদিত একটি প্রতিষ্ঠান।

## কী কোর্স, কারা পড়বেন

● **পোস্ট-গ্র্যাজুয়েট হায়ার ডিপ্লোমা ইন ফুটওয়্যার টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট স্টাডিজ:** কোর্সটি ইংল্যান্ডের টেক্সটাইল ইনস্টিটিউট দ্বারা স্বীকৃত। আসনসংখ্যা ২০টি। কোর্সের মেয়াদ দেড় বছর। ছয় সপ্তাহের জন্য ইংল্যান্ডের লেসেস্টার কলেজে ছাত্রছাত্রীদের প্রশিক্ষণের জন্য নিয়ে যাওয়া হবে। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বা সায়েন্সে স্নাতক অথবা এম বি এ অথবা এম সি এ বা এম কম। বয়স: অন্তত ২০ বছর হতে হবে। মোট কোর্স ফি ৪,৬৫,০০০ টাকা। এর মধ্যে টিউশন ফি ২,১০,০০০ টাকা, র মেটেরিয়াল চার্জ ২৫,০০০ টাকা, ফেরতযোগ্য কশান মানি ৫,০০০ টাকা। বিদেশে যাওয়া-থাকা-খাওয়ার খরচ মোট ফিয়ের মধ্যে রয়েছে।

● **পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ফুটওয়্যার টেকনোলজি:** কোর্সের মেয়াদ দেড় বছর। আসনসংখ্যা ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক, বিজ্ঞান শাখার স্নাতকদের অগ্রাধিকার। বয়স: অন্তত ১৯ বছর হতে হবে। মোট কোর্স ফি ১,৫৩,০০০ টাকা। এর মধ্যে টিউশন ফি ১,২৫,০০০ টাকা, র মেটেরিয়াল চার্জ ২০,০০০ টাকা, ইউনিফর্ম ৩,০০০ টাকা, ফেরতযোগ্য কশান মানি ৫,০০০ টাকা।



● **অ্যাডভান্সড সার্টিফিকেট ইন ফুটওয়্যার ম্যানুফ্যাকচারিং টেকনোলজি:** আসনসংখ্যা ৫০টি। কোর্সের মেয়াদ এক বছর। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক পাশ। বয়স: অন্তত ১৭ বছর হতে হবে। মোট কোর্স ফি ৮০,০০০ টাকা। এর মধ্যে টিউশন ফি ৫০,০০০ টাকা, র মেটেরিয়াল চার্জ ২২,০০০ টাকা, ইউনিফর্ম ৩,০০০ টাকা, ফেরতযোগ্য কশান মানি ৫,০০০ টাকা।

● **সার্টিফিকেট ইন ফুটওয়্যার ডিজাইন অ্যান্ড প্রোডাকশন:** আসনসংখ্যা ৫০টি। কোর্সের মেয়াদ ছয় মাস। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক পাশ। বয়স: অন্তত ১৭ বছর হতে হবে। মোট কোর্স ফি ৪৩,০০০ টাকা। এর মধ্যে টিউশন ফি ৩০,০০০ টাকা, র মেটেরিয়াল চার্জ ১০,০০০ টাকা, ফেরতযোগ্য কশান মানি ৩,০০০ টাকা।

● **সার্টিফিকেট ইন শু কম্পিউটার এইডেড ডিজাইন (ক্যাড):** আসনসংখ্যা: ১৫টি। কোর্সের মেয়াদ তিন মাস। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক পাশ। বয়স: অন্তত ১৭ বছর হতে হবে। মোট কোর্স ফি ২১,০০০ টাকা। এর মধ্যে টিউশন ফি ১৫,০০০ টাকা, র মেটেরিয়াল চার্জ ৩,০০০ টাকা, ফেরতযোগ্য কশান মানি ৩,০০০ টাকা।

সবক'টি কোর্সের ক্ষেত্রেই তফসিলি প্রার্থীদের টিউশন ফি লাগবে না। নিয়মানুসারে তফসিলি ও মহিলা প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

থাকা-খাওয়ার খরচ-সহ হস্টেল ফি প্রতি মাসে ৪,৫০০ টাকা। সবক'টি কোর্সই শুরু হবে ফেব্রুয়ারিতে।

## কী শিখবেন

জুতো তৈরির বিভিন্ন খুঁটিনাটি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে ছাত্রছাত্রীদের। এর মধ্যে রয়েছে ডিজাইনিং, স্কেচিং, প্যাটার্ন মেকিং ও কাটিং, কোয়ালিটি কন্ট্রোল ও কোয়ালিটি ম্যানেজমেন্ট। এছাড়াও ফুট কমফর্ট অর্থাৎ পায়ের আরাম অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়। জুতো তৈরির সময় যে-মেটেরিয়াল ব্যবহার করা হয় তার গুণাগুণ, সেটি টেকসই ও একইসঙ্গে আরামপ্রদ কিনা তা মাথায় রাখতে হয়। প্রশিক্ষণ চলাকালীন জুতো তৈরির প্রথম থেকে শেষ পর্যায় অর্থাৎ ক্রেতার কাছে পৌঁছনো পর্যন্ত যাবতীয় বিষয়ই শেখানো হয় ছাত্রছাত্রীদের। শিখতে হয় শু ম্যানুফ্যাকচারিং ইউনিটে মেশিনের ব্যবহার ও রক্ষণাবেক্ষণও।

কোর্স চলাকালীন ছাত্রছাত্রীদের পাঠানো হয় বিভিন্ন জুতো প্রস্তুতকারক সংস্থায়। পাঠানো হয় মার্কেট সার্ভেতেও। শেখানো হয় মার্কেটিং স্ট্র্যাটেজি।

শু ডিজাইন সফটওয়্যারের মাধ্যমে কম্পিউটারে জুতোর ডিজাইন তৈরি, মাপজোক, প্যাটার্ন এসব কিছু তৈরির পদ্ধতি শেখানো হয় শু কম্পিউটার এইডেড ডিজাইন কোর্সে।

**আগ্রার সেন্ট্রাল ফুটওয়্যার ট্রেনিং ইনস্টিটিউটের ডিরেক্টর সনাতন সাহু জানালেন, কোর্স শেষে ব্যবস্থা করা হয় ক্যাম্পাস প্লেসমেন্টের। কাজের দক্ষতা অনুযায়ী ছাত্রছাত্রীদের চাকরি পেতে সহায়তা করা হয়। প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা চাকরি পেয়েছেন বিভিন্ন লেদার গুডস ম্যানুফ্যাকচারিং সংস্থা, বিশেষত শু প্রোডাকশন কোম্পানিগুলিতে, যেমন বাটা ইন্ডিয়া, লিবার্টি ফুটওয়্যার, রিল্যাক্সো গ্রুপ, তেজ গ্রুপ, সুপার হাউস গ্রুপ, দাওয়ার গ্রুপ ইত্যাদি। ডিজাইনিংয়ে দক্ষ হলে চাকরি হতে পারে ডিজাইনিং বা নকশা নির্মাণ বিভাগে।**

## প্রার্থী বাছাই পদ্ধতি

শু ক্যাড কোর্সটির ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে। অন্য সবক'টি কোর্সের ক্ষেত্রে প্রার্থী নির্বাচন করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১৯ জানুয়ারি, আগ্রায়।

## আবেদনের পদ্ধতি

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের ফর্ম ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.cftiagra.org.in

পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন: ✓ফি বাবদ ৬০০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি 'Director, CFTI, Agra'-এর অনুকূলে আগ্রায় প্রদেয় হতে হবে। ✓প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন এবং ফটোটি প্রত্যয়িত করিয়ে নেবেন। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের প্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।

নথিপত্রগুলি গেজেটেড অফিসার দ্বারা প্রত্যয়িত করিয়ে নেবেন।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ১৫ জানুয়ারির মধ্যে পৌঁছতে হবে উপরোক্ত ঠিকানায়: MSME Technology Development Centre, Central Footwear Training Institute, Agra, C-41 & 42, Site C, Industrial Area, Sikandra, Agra-282 007.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.cftiagra.org.in প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ৯৪১২৫৩৫৬১৮, ৭৯০৬৮০০৬৫৫। ই-মেল: info@cftiagra.org.in

## কাজের সুযোগ

আগ্রার সেন্ট্রাল ফুটওয়্যার ট্রেনিং ইনস্টিটিউটের ডিরেক্টর সনাতন সাহু জানালেন, কোর্স শেষে ব্যবস্থা করা হয় ক্যাম্পাস প্লেসমেন্টের। কাজের দক্ষতা অনুযায়ী ছাত্রছাত্রীদের চাকরি পেতে সহায়তা করা হয়। প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা চাকরি পেয়েছেন বিভিন্ন লেদার গুডস ম্যানুফ্যাকচারিং সংস্থা, বিশেষত শু প্রোডাকশন

এরপর পরের পাতায়




জীবনে আমি চাকরি পাইনি ব'লে দুঃখ ছিল। ফলে, 'কর্মক্ষেত্র' আমি গোগ্রাসে গিলি। প'ড়ে বুঝেছি, চাকরি পেতে যে এলেম দরকার আমার তা নেই। প্রশ্নোত্তরগুলো রপ্ত করার চেষ্টা করি। পরে বুঝি, খুব দেরি ক'রে ফেলেছি। কী করব, আমাদের বয়সকালে তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি। স্বনিযুক্তি প্রকল্পগুলো আত্মস্থ ক'রে তবু লাখপতি হওয়ার স্বপ্ন দেখি। এ বয়সেও হয়তো একবার কপাল ঠুকে দেখা যেতে পারে। তার চেয়েও বড় কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে কাজ না দিলেও অনেক কিছু শেখার পড়ায়।




কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
ইন্টারনেটে কর্মক্ষেত্র: www.ekarmakshetra.com

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার

ডিসেম্বর মাসের প্রতিযোগিতায় বিজয়ী শ্রী তপন কোলে ও সাদ্দাম আনসারী

দু'জনেই পেলেন ২,৫০০ টাকা পুরস্কার



বিচার করেছেন এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের ডিরেক্টর এবং বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের ডেপুটি সেক্রেটারি এম এন মাইতি



## অ্যাজোলা চাষ

**তপন কোলে,** বরগাছিয়া (রূপপুর)-হরিপাল, হুগলি

**বিচারক:** অ্যাজোলা চাষের জনপ্রিয়তা বাড়ছে। ড্রাই অ্যাজোলা সাধারণত ব্যবহার হয় পোলট্রি /অ্যানিম্যাল ফিড হিসেবে। গ্রিন অ্যাজোলা অর্গ্যানিক কাল্টিভেশনের জন্য উপযোগী। এই চাষের উপযোগিতা এবং কীভাবে করবেন ভালো লিখেছেন। তবে এটি লাভজনক ব্যবসা, সেজন্য একটা হিসেব দিলে ভালো হতো।

আমি বিগত পাঁচ বছর 'কর্মক্ষেত্র'-র একজন নিয়মিত পাঠক। 'কর্মক্ষেত্র' বেকার যুবক-যুবতীদের স্বনির্ভরতার পথ দেখায়। এক্ষেত্রে আমি আমার অভিজ্ঞতার কথা তুলে ধরছি। আশা করছি, আমার অভিজ্ঞতা থেকে 'কর্মক্ষেত্র'-র পাঠকরা উপকৃত হবেন।

অ্যাজোলা একপ্রকার জলজ ভাসমান ফার্ন জাতীয় উদ্ভিদ। আমাদের দেশে অ্যাজোলার ৭টি প্রজাতির মধ্যে অ্যাজোলা পিনাটা প্রজাতিটি সাধারণত দেখা যায়। অ্যাজোলা সালোকসংশ্লেষের মাধ্যমে বায়ুর নাইট্রোজেন গ্রহণ করে এবং পরে পচে গিয়ে মাটিতে সেই নাইট্রোজেনের পরিমাণ অধিক মাত্রায় ফিরিয়ে দেয়।

**অ্যাজোলার উপকারিতা:** হাঁস, মুরগিকে অ্যাজোলা খাওয়ালে তাদের ডিমের অংশ বৃদ্ধি পায়। অ্যাজোলা গরু, ছাগলকে খাওয়ালে দুধের পরিমাণ বৃদ্ধি পায়। জমিতে সবুজ সার হিসেবে ব্যবহৃত হয়।

> অ্যাজোলা একপ্রকার জলজ ভাসমান ফার্ন জাতীয় উদ্ভিদ। আমাদের দেশে অ্যাজোলার ৭টি প্রজাতির মধ্যে অ্যাজোলা পিনাটা প্রজাতিটি সাধারণত দেখা যায়।

### কেন এই চাষ বেছে নিলাম

- ছায়াযুক্ত পতিত জায়গায় সহজেই অ্যাজোলার চাষ করা যায়।
- এছাড়া ধান চাষের আগে খালি জমিতে সবুজ সার হিসাবে অথবা মূল জমিতেই ধানের সাথী-ফসলের মতো অ্যাজোলার চাষ করা যায়। অ্যাজোলাতে গাছের গ্রহণযোগ্য ১৬টি খাবারই রয়েছে। ১৫-৩০ ডিগ্রি তাপমাত্রায় অ্যাজোলার বৃদ্ধি বেশি হয়।
- একবার অ্যাজোলা পিট করলে সামান্য পরিচর্যায় সারা বছরই ফলন পাওয়া যাবে।
- অ্যাজোলা গাছের গোড়া জল ধারণ করে রাখতে পারে।
- জৈব সার হিসেবে চাহিদা রয়েছে অ্যাজোলার।

### অ্যাজোলা চাষের পদ্ধতি

**পিট তৈরি:** প্রথমে ৬ ফুট × ৩½ ফুট জায়গায় ৪ ফুট গর্ত করে তার উপর পলিথিন দিয়ে জল দিয়ে ১/২ অংশ পরিপূর্ণ করে দিতে হবে। এরপর ১০ কেজি মাটি, ১-২ কেজি কাঁচা গোবর, ২০ গ্রাম ফসফেট আর ৫০০ গ্রাম অ্যাজোলা দিয়ে ১/৩ অংশ পূর্ণ করে দিতে হবে। প্রথমবার অ্যাজোলা ছাড়ার ১০-১২ দিন পর পিট অ্যাজোলায় পূর্ণ হবে। তারপর ৫-৬ দিন ছাড়া পাওয়া যাবে। প্রতি সপ্তাহে পিটপ্রতি ৫ কেজি ফলন হবে।

এই বিষয়ে কোনও পাঠক আগ্রহী হলে বিনামূল্যে পরামর্শের জন্য আমার সঙ্গে যোগাযোগ করুন এই নম্বরে: ৭০৪৪৬-৬৩৭০৬।



## তরমুজ চাষ

**সাদ্দাম আনসারী,** কালিয়াবাসা-হুড়া, পুরুলিয়া

**বিচারক:** দু'বছর ধরে তরমুজ লাভজনকভাবে চাষ করছেন পুরুলিয়া জেলায়। লাভের হিসেবটা একটু বিস্তারিত হলে ভালো হতো। কত কেজি তরমুজ হয়েছে, সেটা লেখেননি। যাঁরা শিখতে চান তাঁদের তরমুজ চাষ দেখাবেন বলেছেন। এটা ভালো লাগল।



আমি 'কর্মক্ষেত্র' পত্রিকার একজন নিয়মিত পাঠক। এই পত্রিকা শুধু নতুন চাকরি বা কাজের সন্ধান দেয় না। সেই সঙ্গে স্বনির্ভর হয়ে ওঠার নানা পথও দেখায়। আমি পুরুলিয়া জেলার হুড়া থানার অন্তর্গত কালিয়াবাসা (ডাঙ্গাপাহাড়ি) নামে একটি ছোট গ্রামের বাসিন্দা। ক্লাস এইট পাশ। 'কর্মক্ষেত্র' পত্রিকায় 'কর্মসহায়ক' ও 'গড়ে তুলুন নিজেকে'— এই বিভাগদু'টি আমার খুব ভালো লাগে। চাষবাসের পাশাপাশি আমি বিভিন্ন ধরনের গ্রুপ-ডি পরীক্ষায় বসে থাকি। স্বনির্ভরতা বিষয়ে আমি আমার তরমুজ চাষের অভিজ্ঞতার কথা তুলে ধরছি, যা হয়তো অনেক কর্মহীন যুবক-যুবতীর কাজে লাগবে।

### কেন এই চাষ

তরমুজ খুব সুস্বাদু ফল। বিশেষ করে গ্রীষ্মকালে এর চাহিদা প্রচুর। তরমুজের চাষ করতে হলে কাছাকাছি জলের উৎস থাকা একান্ত প্রয়োজন। এই চাষের খরচের পরিমাণ একটু বেশি হলেও লাভ খুব বেশি পাওয়া যায়। প্রায় দু'বছর ধরে আমি তরমুজ চাষের সঙ্গে যুক্ত। এবছরও চাষের পরিকল্পনা নিয়েছি।

### কীভাবে এগোব

আমাদের নিজস্ব আড়াই বিঘে জমি ও জমির পাশে নদী থাকায় প্রায় দু'বছর ধরে তরমুজ চাষ করে আসছি। আড়াই বিঘে জমির সঙ্গে আরও ২ বিঘে জমিতে তরমুজ চাষের পরিকল্পনা করেছি।

**চাষের সময়কাল:** মাঘ মাসের মধ্যে বীজ বুনতে হবে।

### চাষের উপকরণ

জমি ও জল ছাড়াও এই চাষের জন্য যা প্রয়োজন তা হল: উন্নত মানের বীজ (সাকাতা), লাঙল, মই, কোদাল, গাঁইতি, নাইলনের দড়ি, স্প্রে-মেশিন, সার, পুরনো শুকনো গোবর, ভিটামিন, ধসার ঔষধ (সাফ), ব্রোন (তরমুজের আকৃতি বড় করার জন্য), কীটনাশক (রকেট)।

### চাষের পদ্ধতি

প্রথমে মাটিকে দুই থেকে চারবার কর্ষণ করে লেভেল করে নিতে হবে। এরপর লেভেল করা জমির উপর তিন ফুট অন্তর ডুবলি কেটে যেতে হবে। প্রস্থও তিন ফুট হবে। এরপর ডুবলির ভেতর পুরনো শুকনো গোবর ও হালকা পরিমাণ সুফলা সার দিতে হবে। তারপর ডুবলির ভেতর ত্রিভুজাকৃতি ভাবে তিনটি করে বীজ বসাতে হবে। বসানোর আগে ধসার পাউডার (সাফ) বীজের গায়ে মাখিয়ে নিতে হবে। আড়াই বিঘে জমিতে ২,০০০ ডুবলি হবে। বীজ বোনার কাজ শেষ হলে একদিন পর মেশিন দিয়ে পুরো জমিকে ভিজিয়ে দিতে হবে অথবা টিন বা কলসি করে প্রত্যেক ডুবলিতে জল দিতে হবে। ৫-৭ দিনের মধ্যে বীজ বার হবে। বীজ বার হওয়ার ১৫-২০ দিন পর প্রত্যেক গাছের গোড়ায় হালকা পরিমাণ ডি. এ. পি সার দিয়ে রিং কুড় দিতে হবে। একদিন পর সেচ দিতে হবে। ৮-১০ দিন পর পুরো জমিকে কুড়ে দিতে হবে ও সঙ্গে সঙ্গে বেড তৈরি করে দিতে হবে। ২-৫ দিন পর হালকা পরিমাণ কীটনাশক জলে গুলে পাতার উপর স্প্রে করতে হবে। তরমুজের ওজন যখন ১-২ কেজি হবে তখন ব্রোন জলে গুলে তরমুজের উপর স্প্রে করতে হবে। সেচ মোটামুটি ৫-৬ বার দিতে হবে (জমি অনুযায়ী)।

### আয়, ব্যয় ও লাভের হিসাব

**প্রাথমিক মূলধন:**

| | |
|---|---|
| স্প্রে-মেশিন | ৮০০ টাকা |
| কোদাল | ১২০ " |
| শ্রমিক (ডুবলিকাটা, তরমুজ লোডিং, পুরো জমিকে কুড় দেওয়া) | ৪,০০০ " |
| মোট খরচ | ৪,৯২০ টাকা |

**চলতি মূলধন:**

| | |
|---|---|
| বীজ ১৪ প্যাকেট (সাকাতা) | ৪,০১০ টাকা |
| সার ১০-২৬-২৬ (২ বস্তা) | ২,৪০০ " |
| গোবর ১ পিক আপ ভ্যান-নিজস্ব | |
| ধসার ঔষধ ৮ প্যাকেট | ২০০ " |
| কীটনাশক | ২০০ " |
| ভিটামিন | ২০০ " |
| ব্রোন | ১০০ " |
| মোট খরচ | ৭,১১০ টাকা |

**লাভের হিসাব:** ১৪ প্যাকেট তরমুজ বীজ বপন করে যে ফলন হয়েছে, খরচ বাদ দিয়ে তার থেকে আমার ২৫,০০০ টাকা লাভ হয়েছে।

যদি কোনও পাঠক তরমুজ চাষ করতে ইচ্ছুক হন তাহলে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৩৮২৫-১৪৪১৫। অথবা সরাসরি ফিল্ডে এসেও দেখে যেতে পারেন।


স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

প্রতি মাসেই ৫০০০ টাকা

আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**ফেব্রুয়ারি-এর প্রতিযোগিতার জন্য জানুয়ারি মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ ফেব্রুয়ারি-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:

**সম্পাদক, কর্মক্ষেত্র,** ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ফার্মাকোভিজিল্যান্সের পেশাদারদের ভালো চাহিদা এখন

**ওষুধপত্রের প্রতিক্রিয়ার উপর নজরদারির পেশা ফার্মাকোভিজিল্যান্স। ওষুধ প্রস্তুতকারী সংস্থা, হাসপাতাল, ক্লিনিক্যাল গবেষণা সংস্থাগুলিতে পেশাদারদের চাহিদা বাড়ছে। ফার্মাকোভিজিল্যান্স ও ক্লিনিক্যাল রিসার্চের কোর্স পড়া যায় যাদবপুর বিশ্ববিদ্যালয়ে। ভর্তির জন্য আবেদন করা যাচ্ছে।**




**নিজস্ব প্রতিনিধি:** ২০১৮-র ১২ সেপ্টেম্বর ৩২৮টি ওষুধের উৎপাদন, বিক্রি ও প্রয়োগের উপর নিষেধাজ্ঞা জারি করেছে ভারত সরকারের স্বাস্থ্য মন্ত্রক। কারণ : ওষুধগুলির প্রতিক্রিয়া ঝুঁকিপূর্ণ বলে স্বাস্থ্য মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে।

যে-সমস্যার সুরাহায় একটি ওষুধ প্রয়োগ করা হয়, সেই সমস্যাটি নিরসনের পাশাপাশি ওষুধটি শরীরের পক্ষে সর্বার্থে নিরাপদ হওয়াও জরুরি। না হলে একটি সমস্যার নিরসনের সঙ্গে সঙ্গে পার্শ্বপ্রতিক্রিয়ার প্রভাবে আরও নানা সমস্যা তৈরি হতে পারে।

তাই ছাড়পত্র পাওয়ার আগে কোনও ওষুধের সামগ্রিক প্রতিক্রিয়া সম্পর্কে অবহিত হওয়া জরুরি। প্রয়োজন ওষুধপত্রের উপর তীক্ষ্ণ নজরদারি ব্যবস্থা গড়ে তোলা।

আর এই জরুরি প্রয়োজনটিকে অবলম্বন করেই সৃষ্টি হয়েছে একটি নতুন পেশা। প্রকৃতপক্ষে তা ওষুধপত্রে নজরদারি এবং ওষুধ প্রয়োগের পর তার নানাবিধ প্রতিক্রিয়া নিয়ে গবেষণা। এই গবেষণাও আসলে নজরদারিরই গুরুত্বপূর্ণ অংশ। ফার্মাকোভিজিল্যান্স ও ক্লিনিক্যাল রিসার্চের পেশাদাররাই ওষুধপত্রে নিরন্তর নজরদারির কাজটি করেন।

ফার্মাকোভিজিল্যান্স ও ক্লিনিক্যাল রিসার্চের পেশাদারদের এখন পৃথিবী জুড়েই দারুণ কদর। এই ক্ষেত্রে ভারতে আগামী কয়েকবছরে অন্তত ৫০ হাজার পেশাদারের দরকার হবে বলে জানাচ্ছেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারের ডিরেক্টর ডঃ কে কোৎসু।

### চাকরির সুযোগ

ওষুধ প্রস্তুতকারক সংস্থাগুলিতে এখন ফার্মাকোভিজিল্যান্স ও ক্লিনিক্যাল রিসার্চের পেশাদারদের চাহিদা তৈরি হয়েছে। চাকরির সুযোগ রয়েছে ক্লিনিক্যাল গবেষণা সংস্থাগুলিতে। এ ছাড়াও ড্রাগ কন্ট্রোলার জেনারেল অব ইন্ডিয়া এবং সেন্ট্রাল ড্রাগস স্ট্যান্ডার্ড কন্ট্রোল অর্গানাইজেশনের মতো সংস্থাগুলিতে, বড় হাসপাতাল, নার্সিং হোমের ক্লিনিক্যাল রিসার্চ বিভাগে চাকরি হতে পারে। জে আই এস ইউনিভার্সিটির ডিন এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারের প্রাক্তন ডিরেক্টর ডঃ তপনকুমার চট্টোপাধ্যায় জানান, দক্ষ পেশাদারদের এখন চাকরির অভাব নেই।

### কোথায় পড়বেন

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারে ফার্মাকোভিজিল্যান্স ও ক্লিনিক্যাল রিসার্চের সার্টিফিকেট কোর্স করা যাচ্ছে। ৯ মাসের কোর্স। আমরি হসপিটালের সঙ্গে যৌথ উদ্যোগে পড়ানো হয় কোর্সটি।

প্রতি শনিবার দুপুর ১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ক্লাস। শেষ তিন মাস প্রোজেক্ট ওয়ার্ক।

### কী পড়তে হয়

ক্লিনিক্যাল ফার্মাকোলজি ও থেরাপিউটিক্স বিষয়টি দিয়ে পাঠ শুরু হয়। তারপর বিশদে জানতে হয় ক্লিনিক্যাল রিসার্চের পদ্ধতি-প্রকরণ। জানতে হয় ফার্মাকোভিজিল্যান্স সম্পর্কে। থাকবে ল্যাবরেটরির কাজ, প্রজেক্ট তৈরি, সেমিনার ইত্যাদি।

**প্রাণবিজ্ঞানের যে-কোনও শাখার গ্র্যাজুয়েট, ফার্মাসিউটিক্যাল টেকনোলজির গ্র্যাজুয়েট এবং পোস্ট-গ্র্যাজুয়েট, বি ফার্ম (আয়ুর্বেদিক), এম বি বি এস, এম ডি, বি ডি এস, এম ডি এস, বি এইচ এম এস, ভেটেরিনারি সায়েন্স, ফিজিওথেরাপি এবং নার্সিংয়ের ডিগ্রিধারীরা কোর্সটি পড়তে পারেন। প্যারামেডিকেল টেকনোলজির ডিপ্লোমাধারীরাও আবেদনের যোগ্য।**

### কারা পড়তে পারবেন

প্রাণবিজ্ঞানের যে-কোনও শাখার গ্র্যাজুয়েট, ফার্মাসিউটিক্যাল টেকনোলজির গ্র্যাজুয়েট এবং পোস্ট-গ্র্যাজুয়েট, বি ফার্ম (আয়ুর্বেদিক), এম বি বি এস, এম ডি, বি ডি এস, এম ডি এস, বি এইচ এম এস, ভেটেরিনারি সায়েন্স, ফিজিওথেরাপি এবং নার্সিংয়ের ডিগ্রিধারীরা কোর্সটি পড়তে পারেন। প্যারামেডিকেল টেকনোলজির ডিপ্লোমাধারীরাও আবেদনের যোগ্য।

ফি: ৯ মাসের সামগ্রিক ফি ৭০ হাজার টাকা। সঙ্গে প্রযোজ্য হারে জি এস টি যুক্ত হবে।

ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারের তরফে জানানো হয়েছে, কোর্স শেষে ভালো রেজাল্ট করা ছাত্রছাত্রীদের চাকরির ব্যাপারে তথ্য-পরামর্শ দিয়ে সহায়তা করা হয়।

ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার (নজরুল ভবনের বিপরীতে), যাদবপুর বিশ্ববিদ্যালয়, কলকাতা-৭০০ ০৩২। ফোন: ৯০৮৮৪-০১৩৫৪।

---

## স্বনির্ভরতার নানা পথ

# ব্যবসা পরিচালনা-সহায়ক প্রশিক্ষণ

**ব্যবসা করে নিজের পায়ে দাঁড়াতে তরুণ-তরুণীদের উৎসাহ দিচ্ছে কেন্দ্রীয় ও রাজ্য সরকার। আটঘাট বেঁধে ব্যবসা শুরু করার আগে জেনে নেওয়া প্রয়োজন ব্যবসা পরিচালনার খুঁটিনাটি। প্রশিক্ষণ দিচ্ছে এম এস এম ই ডেভেলপমেন্ট ইনস্টিটিউট। সুযোগ রয়েছে বিভিন্ন সংস্থায় অন জব ট্রেনিংয়েরও। ন্যূনতম উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন এখনই।**

**নিজস্ব প্রতিনিধি:** প্রথাগত পড়াশোনার পর আন্তরিক আগ্রহ থাকলে ব্যবসা করে নিজের পায়ে দাঁড়াতে পারেন। কীসের ব্যবসা করবেন এটা ঠিক করার পরে মাথায় আসে অনেক কিছু বিষয়। ব্যবসার রেজিস্ট্রেশন, উৎপাদন, সরবরাহ, জনসংযোগ, হিসাবরক্ষা, বিপণন এই সব বিষয়ে নিজের ধারণা না থাকলে এগোতে অসুবিধা হয়। ২০১৭ সালে ভারতে গুডস অ্যান্ড সার্ভিসেস ট্যাক্স (জি এস টি) ব্যবস্থা চালু হওয়ার পর আমূল পরিবর্তন এসেছে ভারতের কর ব্যবস্থায়। প্রয়োজন বেড়েছে অ্যাকাউন্টস ও জি এস টি বিষয়ে দক্ষ কর্মীর।



ছোট-বড় যে-কোনও আকারে ব্যবসা শুরু করার আগে জানতে হয় বেশ কিছু বিষয়। ব্যবসাকে সুষ্ঠুভাবে পরিচালনা করার পাশাপাশি প্রতিযোগিতার বাজারে নিজের ব্যবসাকে শুধু টিকিয়ে রাখাই নয়, সেটিকে আরও বাড়িয়ে তুলতে ঠিক করতে হয় নানা রকম সময়োপযোগী পরিকল্পনা। ছোট আকারে ব্যবসা শুরু করলে এই সব দিকই সামলানো যেতে পারে একা হাতে।

কিন্তু একটু বড় আকারে ব্যবসা করতে গেলে প্রয়োজন হবে অ্যাকাউন্টিং, মার্কেটিং, জনসংযোগ বিষয়ে দক্ষ কর্মীর। কেন্দ্রীয় ও রাজ্য সরকারের তরফে তরুণ উদ্যোগপতিদের উৎসাহ দিতে রয়েছে বেশ কিছু স্কিম। সেই সব কিছুর খোঁজ-খবর জানা পেশাদার কর্মীরও চাহিদা রয়েছে। যে-কোনও পণ্যই সাধারণ মানুষের কাছে কীভাবে পৌঁছচ্ছে এবং ক্রেতার প্রতিক্রিয়াই বা কী, সে বিষয়ে জানতে হয় এবং সেই অনুসারে তৈরি করতে হয় বিজনেস স্ট্র্যাটেজি। এই সব বিষয়েই প্রশিক্ষণ দিচ্ছে কলকাতার মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট।

কোর্সটি ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট স্টাডির সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে। কোর্সটির পুরো নাম: স্মল এন্টারপ্রাইজেস ম্যানেজমেন্ট অ্যাসিস্ট্যান্টস প্রোগ্রাম। কোর্সের মেয়াদ ছয় মাস। কোর্সটি শুরু হবে ফেব্রুয়ারিতে।

### আবেদনের যোগ্যতা

অন্তত উচ্চমাধ্যমিক পাশ হলেই আবেদন করা যাবে। আবেদন করতে পারেন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা বা ডিগ্রিধারী অথবা আই টি আই পাশ বা স্নাতকোত্তর ডিগ্রিধারীরা। বেকার যুবক-যুবতীরাও নিজের কর্মদক্ষতা বাড়াতে আবেদন করতে পারেন। অন্তত ১৮ বছর বয়স হতে হবে। আসনসংখ্যা ৬০টি। কোর্স ফি ৩০,০০০ টাকা।

### প্রশিক্ষণের খুঁটিনাটি

ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট স্টাডির মার্কেটিং বিভাগের সিনিয়র অ্যাসিস্ট্যান্ট প্রফেসর মৌমিতা সাহা 'কর্মক্ষেত্র'কে জানালেন প্রশিক্ষণের প্রথম ১০ সপ্তাহে ক্লাস রুম ট্রেনিং দেওয়া হবে ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট স্টাডিতে। পড়ানো হবে এই সব বিষয়ে: অন্ত্রেপ্রেনিউরিয়াল ইকনমিক্স, অ্যাকাউন্টিং, বিজনেস স্ট্যাটিস্টিক্স, বিজনেস কমিউনিকেশন, মার্কেটিং ম্যানেজমেন্ট, অন্ত্রেপ্রেনিউরিয়াল লার্নিং, এনহ্যান্সিং অ্যান্ড সাস্টেনিং কম্পিটিটিভনেস, ব্যাঙ্কিং প্রসিডিওর ফর ক্রেডিট ফ্লো অ্যান্ড অপারেশন, বিজনেস আইডিয়া, ইনোভেশন অ্যান্ড স্টার্ট আপ। ক্লাস হবে সোম থেকে শুক্র, সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

পরবর্তী ১০ সপ্তাহের জন্য অন জব ট্রেনিংয়ে হাতেকলমে কাজ শেখার জন্য পাঠানো হবে বিভিন্ন সংস্থায়। এম এস এম ই ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের তরফে ছাত্রছাত্রীদের পাঠানো হয় ফুড ইন্ডাস্ট্রি, টেক্সটাইল ইন্ডাস্ট্রি, এম এস এম ই টুল রুম, সার্ভিস এন্টারপ্রাইজ, ফুটওয়্যার ও লেদার ইন্ডাস্ট্রি এবং লাইট অ্যান্ড

এরপর পনেরোর পাতায়

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সাইবার অপরাধ দমন ও নিরাপত্তার কোর্স



দেশের নিরাপত্তার সঙ্গে জড়িত গুরুত্বপূর্ণ নথি বা ব্যক্তিগত আর্থিক তথ্য সবকিছুই রাখা আছে আন্তর্জালে। সেই সব আর্থিক, ব্যক্তিগত বা সামাজিক তথ্যকে অসৎ উপায়ে কাজে লাগাতে তৎপর এক দল সাইবার অপরাধী। সাইবার অপরাধ ঠেকাতে ও নিরাপত্তা নিশ্ছিদ্র করতে কাজের সুযোগ তৈরি হচ্ছে সারা পৃথিবী জুড়েই। সাইবার ক্রাইম ও সিকিউরিটির সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের লাইফলং লার্নিং বিভাগ। উচ্চমাধ্যমিক উত্তীর্ণ হলেই আবেদন করা যাবে।

**নিজস্ব প্রতিনিধি:** ইন্টারনেটের উপর নির্ভরতা বাড়ার সঙ্গে সঙ্গে অনেক সময়ই অসুরক্ষিত হয়ে পড়ছে ব্যক্তিগত ও সামাজিক তথ্য। অসদুপায়ে কারও ব্যক্তিগত তথ্য সংগ্রহ ও তা ব্যবহার করা অথবা সেই ব্যক্তির সম্পর্কে মিথ্যা কুৎসা রটনা—এসবই সাইবার ক্রাইম বলে গণ্য করা হয়। সারা পৃথিবী তো বটেই, এই দেশেও ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা বেড়েছে খুব দ্রুত। তার সঙ্গেই পাল্লা দিয়ে বাড়ছে সাইবার অপরাধ। এই মুহূর্তে ভারতে স্মার্ট ফোন ব্যবহারকারীর সংখ্যা ৩০ কোটিরও বেশি। ভবিষ্যতে স্মার্টফোন বা ট্যাবলেটের মতো ইলেক্ট্রনিক গ্যাজেটের ব্যবহার বাড়বে আরও। কিন্তু সাইবার সিকিউরিটি বিষয়ে সাধারণ মানুষের স্পষ্ট ধারণা না থাকার ফলে অত্যাধুনিক গ্যাজেট বা এ টি এম-কাম-ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ড জালিয়াতির ঘটনা ঘটছে প্রতিনিয়ত।

পৃথিবীর অন্যান্য দেশের মতো প্রযুক্তির পথে অগ্রসর হচ্ছে ভারতও। নগদ-বিহীন লেনদেনে জনগণকে উৎসাহিত করার জন্য অনেক রকম পদক্ষেপ করেছে সরকার। স্মার্ট ফোনে থাকা মোবাইল অ্যাপ্লিকেশনের মাধ্যমে অতি দ্রুত সম্পন্ন হচ্ছে সব রকমের আর্থিক লেনদেন। তার জন্যই নাগরিকদের ব্যক্তিগত, আর্থিক ও সামাজিক তথ্য নিরাপদ রাখতে চাহিদা বাড়ছে সাইবার সিকিউরিটি পেশাদারদের।

এই বছরের গোড়ার দিকে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় রাজ্যের বিভিন্ন কলেজে সাইবার সিকিউরিটি-সংক্রান্ত পাঠ্যক্রম চালু করার বিষয়ে পরিকল্পনার কথা জানান। তাছাড়াও সাইবার সিকিউরিটি নিয়ে একটি সেন্টার অব এক্সেলেন্স গড়ার কাজে উদ্যোগীও হয়েছে রাজ্যের তথ্যপ্রযুক্তি দপ্তর। এ থেকে সহজেই অনুমান করা যায় যে সাইবার অপরাধ ও সাইবার নিরাপত্তার বিষয়টি আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠবে আগামী দিনে। সেই সঙ্গে সাইবার অপরাধকে ঠেকিয়ে রাখতে প্রয়োজনীয়তা বাড়বে দক্ষ কর্মীর।

সাইবার ক্রাইম অ্যান্ড সিকিউরিটির সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের লাইফলং লার্নিং বিভাগ। কোর্সের মেয়াদ ৬ মাস।



নগদ-বিহীন লেনদেনের জন্য জনগণকে উৎসাহিত করার জন্য অনেক রকম পদক্ষেপ করেছে সরকার। স্মার্ট ফোনে থাকা মোবাইল অ্যাপ্লিকেশনের মাধ্যমে অতি দ্রুত সম্পন্ন হচ্ছে সব রকমের আর্থিক লেনদেন। তবে তার জন্যই নাগরিকদের ব্যক্তিগত, আর্থিক ও সামাজিক তথ্য নিরাপদ রাখার জন্য চাহিদা বাড়ছে সাইবার সিকিউরিটি পেশাদারদের।

### কী পড়বেন

বিশ্ববিদ্যালয়ের লাইফলং লার্নিং বিভাগের অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অরিজিৎ চট্টোপাধ্যায় জানালেন, প্রযুক্তিকে ব্যবহার করেই কী করে আধুনিক প্রযুক্তির সম্ভাব্য বিপদ এড়ানো যায়, তা-ই পড়ানো হয় সাইবার সিকিউরিটির এই কোর্সে। তার জন্য কম্পিউটারে ব্যবহৃত সাংকেতিক ভাষা এবং সেই ভাষার পাঠোদ্ধারের পদ্ধতিও শিখতে হয় ছাত্রছাত্রীদের।

### কারা পড়বেন

সাইবার সিকিউরিটির সার্টিফিকেট কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারেন যে-কোনও শাখার উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা। সঙ্গে কম্পিউটার অ্যাপ্লিকেশনের ছয় মাস মেয়াদের বেসিক কোর্স করে থাকতে হবে।

২৫টি আসন। ফি ৪,০০০ টাকা। ক্লাস হবে সপ্তাহে তিন দিন, বিকেল ৪টে থেকে সন্ধ্যা ৬টা। কোর্স শুরু হবে ১১ ফেব্রুয়ারি।

### কীভাবে ভর্তি

প্রার্থী বাছাইয়ের জন্য নেওয়া হবে একটি প্রবেশিকা পরীক্ষা। ৫০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল নলেজ, বেসিক ইংলিশ ও ম্যাথমেটিক্স বিষয়ে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের ফর্ম যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে সংগ্রহ করতে হবে

এরপর চোদ্দোর পাতায়

# আধুনিক কর্মজগতে প্রবেশের আগে ঝালিয়ে নিন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তরের পড়াশোনার শেষে শুরু হয় চাকরি খোঁজার পালা। এই সময়ে শুধু নিজের পাঠ্যবিষয়ে দক্ষ হলেই খোলে না চাকরির দরজা। চাকরির বাজার অনুযায়ী উপযুক্ত করতে হয় নিজেকে। ইন্টারভিউ বোর্ডের সামনে নিজেকে আরও আকর্ষণীয়ভাবে উপস্থাপন করতে করে নিতে পারেন কমিউনিকেশন স্কিল ও প্রফেশনাল ডেভেলপমেন্ট-সংক্রান্ত কোর্স। ভর্তি নিচ্ছে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এডুকেশন। স্নাতক প্রার্থীরা আবেদন করতে পারেন এখনই।

**নিজস্ব প্রতিনিধি:** আধুনিক কাজের জগতে প্রবেশ করার আগে পেরোতে হয় ইন্টারভিউ পর্ব। নিজের বিষয়ে জ্ঞান থাকার পাশাপাশি প্রয়োজন হয় মনোবল, সাহস ও স্মার্টনেসের। এর জন্য চাকরি প্রার্থীর সফট স্কিলের ওপর দখল থাকা জরুরি। এমনটাই জানালেন ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর প্রোডাক্টিভিটি, কোয়ালিটি অ্যান্ড রিলায়েবিলিটির ফ্যাকাল্টি ডঃ সুরজিত মুখোপাধ্যায়। সফট স্কিল অর্থাৎ ইন্টারভিউ বোর্ডে উপস্থিত ব্যক্তিদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শন,



কথোপকথনের মাধ্যমে নিজেকে প্রকাশ করা এসব কিছুই দেখা হয় ইন্টারভিউয়ের সময়। এই ক্ষেত্রে অনেক প্রার্থীই নার্ভাস হয়ে পড়েন। বিশেষত ইংরেজির উপর দক্ষতা না থাকার কারণে জানা বিষয়ে বলতে গেলেও আটকে যান। অনেক সময় ইন্টারভিউয়ারের করা প্রশ্নের উত্তর প্রার্থী জানেন কিনা সেটাই একমাত্র উদ্দেশ্য থাকে না। প্রশ্নটির উত্তর দেওয়ার সময় প্রার্থী কতটা উদ্ভাবনী শক্তির ব্যবহার করতে পারছে তার

এরপর পনেরোর পাতায়


স্বর্ণাক্ষরে ছোটদের বই

অমরেন্দ্র চক্রবর্তীর
গরিলার চোখ
মধ্য আফ্রিকার রোয়াণ্ডার আদিম অরণ্যে গরিলাদের মুখোমুখি। কিশোর উপন্যাস। ₹৮০
সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত



মহাশ্বেতা দেবীর
টুকুল ৩য় মুদ্রণ ₹৩০



কানাইলাল চক্রবর্তীর
কুমির হয়ে জলে গেল ₹৩০
চলো দেখে আসি ₹২০
চড়ুইয়ের সঙ্গে ₹১৫



মৈত্রেয়ী নাগের
আষাঢ়ে গল্প ₹৬০
নেকড়ের চোখ ₹৬০
বাঘ বেড়ালের ছড়া ছবি ₹৩০
প্রখ্যাত ফরাসি লেখক দানিয়েল পেনাক-এর L'OEIL DU LOUP বইয়ের অনুবাদ

সুভাষ মুখোপাধ্যায়ের বকবকম ₹১৫
পূর্ণেন্দু পত্রীর আমার ছেলেবেলা ₹১৮
পবিত্র সরকারের
কথামালা: ছড়ায় ঢালা ₹১৫

অমরেন্দ্র চক্রবর্তীর সব বয়সের ছোটদের বই



কলকাতা ও ঢাকা থেকে একসঙ্গে বেরচ্ছে
দুরুদুরু

আমাজনের জঙ্গলে
আমাজনের গভীরে রহস্যে ঢাকা অরণ্যবাসীদের নিয়ে বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০

হীরু ডাকাত



পাগলকরা ছন্দে দম বন্ধ করা ডাকাতের গল্প। ১০ম মুদ্রণ ₹১২০
সঙ্গে বিনামূল্যে দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি

চোখে দেখা গল্প
মোঙ্গোলিয়ার যাযাবরদের তাঁবুতে, সিরিয়ার মরুভূমিতে বেদুইনদের সঙ্গে, আফ্রিকার জঙ্গলে গরিলাদের মুখোমুখি, শ্রীলঙ্কার ভেলায় চড়ে ভারত মহাসাগর। চোখে দেখা সব সত্যি গল্প। যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫০



বরফের বাগান
পরিমার্জিত ও পরিবর্ধিত সংস্করণ
দুঃসাহসিক সমুদ্র-অভিযানের রুদ্ধশ্বাস কাহিনি।
পাতায় পাতায় ছবি
₹১২০

শাদা ঘোড়া



ছোটদের স্বপ্ন আর যুদ্ধের রূপকথা। পাতায় পাতায় দেবব্রত ঘোষের ছবি। নানা ভাষায় অনূদিত। ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০



নতুন ছড়ার বই
জল-বাতাসা
প্রত্যেক পাতায় দেবব্রত ঘোষের প্রাণঢালা চিত্রাঙ্কন।
মূল্য ৮০ টাকা

সঙ্গে বিনামূল্যে
লেখকের কার্টুন কিশোর উপন্যাস
ঋষিকুমার

লেখকের অন্যান্য বই: লিচুবাগানের চৌকিদার ₹৮০ ছেঁড়াকাঁথার গল্প ₹৭৫ ঋষিকুমার ₹২০ ভূতের বাঁশি ₹৪০ পাখির খাতা ₹৪০ তালগাছের ডোঙা ₹২০ মাতলাগাছের ভূত ₹৭৫ গৌর যাযাবর ₹১২০

স্বর্ণাক্ষরের বই সারা বছর পাবেন
অভিযান বুক স্টোর, ১০/২এ, রমানাথ মজুমদার স্ট্রিট, কলকাতা-৯ ☎ ৮০১৭০ ৯০৬৫৫ দে বুক স্টোর (আদি), দে বুক স্টোর (দীপু), বলাকা বুক স্টল ইত্যাদি। বাংলাদেশে চট্টগ্রাম ও ঢাকায় 'বাতিঘর' (☎ +৮৮০-১৯১১৫০৯৬৯৬/০১৭১৩৩০৪৩৪৪)

স্বর্ণাক্ষর
Phone: +91 98363 09170 (11 AM-6 PM)
E-mail: swarnakshar.books@gmail.com

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কাজের নয়া দিশা দেখাচ্ছে অডিও-ভিশ্যুয়াল জগৎ

*নয়ের পাতার পর*



প্রোজেকশন স্ক্রিন, প্রোজেক্টর ল্যাম্প ও লেন্স, হেডফোন, ইয়ারসেট, অডিও কেবল কানেক্টর, ব্লুটুথ স্পিকার, হোম ইন্টারকম সিস্টেম, সিসিটিভি-র মতো হাজারো সরঞ্জাম এই অডিও-ভিশ্যুয়াল শিল্পক্ষেত্রের অন্তর্ভুক্ত।

আর অডিও-ভিশ্যুয়াল সরঞ্জামের উৎপাদক, ডিলার, দৃশ্য-শ্রাব্য ব্যবস্থা গঠনের পেশাদার, প্রোগ্রামার, প্রযুক্তি বিশেষজ্ঞ প্রভৃতি একত্রিতভাবে অডিও ভিশ্যুয়াল শিল্প। সুবিস্তৃত এর পরিসর।

সম্প্রতি এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে (ই ডি আই) 'কেরিয়ার অ্যান্ড বিজনেস অপারচুনিটিজ ইন মাল্টি-বিলিয়ন-ডলার এ ভি ইন্ডাস্ট্রি' শীর্ষক একটি ওয়ার্কশপে উইপ্রোর টেলিকম, মিডিয়া, এন্টারটেনমেন্ট বিভাগের প্রাক্তন গ্রুপ হেড সৌমিত্রকুমার বোস বলেন, ভারতে অডিও-ভিশ্যুয়াল শিল্প বছরে ২০ শতাংশ হারে বাড়ছে। তিনি বলেন, সারা বিশ্বেই অডিও-ভিশ্যুয়াল শিল্পের দারুণ রমরমা এখন। ভারতে সংগঠিতভাবে এই শিল্পক্ষেত্রের বিকাশের ইতিহাস খুব বেশি দিনের না হলেও, বর্তমানে দুরন্ত গতিতে এক্ষেত্রে বৃদ্ধি ঘটছে।

টাটা কনসালটেন্সি সার্ভিসেসের ফ্রন্ট সিস্টেমস, ইনফ্রাস্ট্রাকচার সার্ভিসেস, ডেটা সেন্টার ম্যানেজমেন্ট সলিউশন এবং ইন্টারনাল আই টি বিভাগের প্রমোদ ফার্নান্ডেজ জানাচ্ছেন, হাসপাতাল, পরিবহণ ব্যবস্থা, নিরাপত্তা এবং শিক্ষাক্ষেত্রের সঙ্গে অডিও-ভিশ্যুয়াল ব্যবস্থার সংযুক্তি ঘটেছে। সেই ব্যবস্থাকে আরও কার্যকর করার জন্য সেই ব্যবস্থার সঙ্গে তথ্যপ্রযুক্তির মেলবন্ধন ঘটছে। অডিও-ভিশ্যুয়াল শিল্পের এ এক নতুন পর্যায়। এভাবেই পর্যায়ক্রমে ভারতের অডিও-ভিশ্যুয়াল শিল্প একইসঙ্গে ব্যাপকতর ও সূক্ষ্মতর রূপ নিচ্ছে। পেশার পরিসরও বাড়ছে।

## কাজের সুযোগ

সামগ্রিক অডিও-ভিশ্যুয়াল শিল্পক্ষেত্রে চাকরি ও ব্যবসা, দুইয়েরই সুযোগ আছে। অডিও-ভিশ্যুয়াল কোম্পানিগুলিতে চাকরি হতে পারে সিস্টেম ডিজাইনার, সিস্টেম প্রোগ্রামার, প্রেজেন্টেশন প্রফেশনাল, কাস্টমার সার্ভিস রিপ্রেজেন্টেটিভ, টেকনিশিয়ান, ম্যানেজার প্রভৃতি পদে। অডিও-ভিশ্যুয়াল কনসালট্যান্ট হিসেবে কাজ করার সুযোগ রয়েছে।

অডিও-ভিশ্যুয়াল সরঞ্জামের ডিলার এবং ডিস্ট্রিবিউটার হিসেবে ব্যবসার সুযোগও যথেষ্ট।

**সামগ্রিক অডিও-ভিশ্যুয়াল শিল্পক্ষেত্রে চাকরি ও ব্যবসা, দুইয়েরই সুযোগ আছে। অডিও-ভিশ্যুয়াল কোম্পানিগুলিতে চাকরি হতে পারে সিস্টেম, ডিজাইনার, সিস্টেম প্রোগ্রামার, প্রেজেন্টেশন প্রফেশনাল, কাস্টমার সার্ভিস রিপ্রেজেন্টেটিভ, টেকনিশিয়ান, ম্যানেজার প্রভৃতি পদে। অডিও-ভিশ্যুয়াল কনসালট্যান্ট হিসেবে কাজ করার সুযোগ রয়েছে। অডিও-ভিশ্যুয়াল সরঞ্জামের ডিলার এবং ডিস্ট্রিবিউটার হিসেবে ব্যবসার সুযোগও যথেষ্ট।**

বিভিন্ন সরকারি ও কর্পোরেট সংস্থায় অডিও-ভিশ্যুয়াল ব্যবস্থা গড়ে তোলার কাজ করে ডি আর এস সলিউশন। সংস্থার কর্ণধার দ্বৈপায়ন বিশ্বাস জানাচ্ছেন, এই শিল্পে নানাভাবেই কাজের সুযোগ রয়েছে। কাজের ক্ষেত্রটা খুবই বড়। তিনি বলেন, একটা কনফারেন্স হল তৈরি করার জন্য শুধু অডিও-ভিশ্যুয়াল সরঞ্জামগুলির মধ্যে যোগাযোগ ঘটিয়ে দিলেই চলে না। হলের দেওয়াল, ছাদ, অন্যান্য সরঞ্জাম কতটা শব্দ শোষণ করবে, শব্দের প্রতিধ্বনি হবে কিনা, সেদিকেও খেয়াল রাখতে হয়। এক্ষেত্রে অডিও ভিশ্যুয়াল ব্যবস্থা এবং ইন্টিরিয়র ডেকরেশন হাত ধরে চলে। পরিষ্কার করে অডিও-ভিশ্যুয়াল সায়েন্সটা জানা থাকলে অনেক কাজই করা যায়।

ট্রান্সকম সলিউশনসের কর্ণধার বোধিসত্ত্ব বসু বলেন, আমি অডিও-ভিশ্যুয়াল সরঞ্জামের ব্যবসা করি। ডিলারশিপ আছে। কত যে সরঞ্জাম এই শিল্পের আওতাভুক্ত তা বলে শেষ করা যায় না। আপনি যখন একটি অডিও সিস্টেম একটি টেবিলের উপর রাখবেন, তখন সেই টেবিলটিও একটি অডিও-ভিশ্যুয়াল সরঞ্জাম। টেবিলটি গঠনগত ও শৈল্পিক দিক থেকে সংশ্লিষ্ট অডিও সরঞ্জামের সঙ্গে তুল্যমূল্য হলে সেটি একটি আদর্শ সহায়ক-সরঞ্জামের স্বীকৃতি পাবে। এভাবে একজন কার্পেন্টারও এই শিল্পক্ষেত্রের একজন সৃষ্টিশীল কর্মী হয়ে উঠতে পারেন।

## পেশাদারি কোর্স

সার্টিফায়েড টেকনোলজি স্পেশ্যালিস্ট (সি টি এস) একটি আন্তর্জাতিক মানের পেশাদারি যোগ্যতা। সি টি এস পরীক্ষায় উত্তীর্ণ হলে এই যোগ্যতার অধিকারী হওয়া যায়। অনলাইন কোর্সের মাধ্যমে পরীক্ষার প্রস্তুতি নেওয়া যায়। অডিও-ভিশ্যুয়াল অ্যান্ড ইন্টিগ্রেটেড এক্সপেরিয়েন্স অ্যাসোসিয়েশন (অ্যাভিক্সা) সি টি এস পরীক্ষা পরিচালনা করে। অ্যাভিক্সার ওয়েবসাইটের মাধ্যমেই ধাপে ধাপে এই পরীক্ষার জন্য প্রস্তুতির পাঠ পাওয়া যায়।

প্রসঙ্গত, অ্যাভিক্সা (পূর্ববর্তী ইনফোকম ইন্টারন্যাশনাল) একটি অলাভজনক ট্রেড অ্যাসোসিয়েশন। গঠিত হয় ১৯৩৯ সালে, আমেরিকায়। এই সংস্থাটি বিশ্বব্যাপী অডিও-ভিশ্যুয়াল এবং ইনফর্মেশন কমিউনিকেশন টেকনোলজি শিল্পকে সুসংহত করার কাজে নিয়োজিত রয়েছে।

একমাত্র অ্যাভিক্সার মাধ্যমেই সি টি এস যোগ্যতা পাওয়া যায়। এই যোগ্যতা আমেরিকান ন্যাশনাল স্ট্যান্ডার্ডস ইনস্টিটিউট (এ এন এস আই) কর্তৃক স্বীকৃত।

## সি টি এস কোর্সের যোগ্যতা

নির্দিষ্ট কোনও শিক্ষাগত যোগ্যতার দরকার নেই। অডিও-ভিশ্যুয়াল শিল্পে কেরিয়ার গড়তে আগ্রহীরা সি টি এস কোর্সে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় বসতে পারেন। বয়সেরও উর্ধ্বসীমা কিছু নেই। কার্যত একটি মুক্ত পেশাদারি শিক্ষা ব্যবস্থা।

## কীভাবে কোর্স করা যায়

প্রথম পর্যায়ে অ্যাভিক্সার সদস্য হতে হবে। ভারতীয় মুদ্রায় সদস্য হওয়ার ফি ৩,০০০ টাকা। রেজিস্টার করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.avixa.org ওয়েবসাইটের 'বিকাম এ মেম্বার'-এ ক্লিক করলে অ্যাভিক্সা মেম্বারশিপের উইন্ডো পাবেন। এখানে 'প্রিমিয়াম ৪৯ ডলার'-সংলগ্ন 'অ্যাড টু কার্ট'-এ ক্লিক করে নিজের অ্যাকাউন্ট খুলতে হবে। ব্যক্তিগতভাবে মেম্বার হওয়ার জন্য 'ইন্ডিভিজুয়াল মেম্বারশিপ'-এর অধীনে নাম নথিভুক্ত করবেন। কারণ, কোনও সংস্থাও সদস্য হতে পারে। অ্যাকাউন্ট খোলার পরে ফি জমা দেওয়া যাবে অনলাইনে।

সদস্য হওয়ার পরে ধাপে ধাপে সি টি এস পরীক্ষায় বসার জন্য নিজেকে তৈরি করা যায়। নতুন যাঁরা এক্ষেত্রে কেরিয়ার তৈরি করতে চান তাঁদের চারটি ধাপে প্রস্তুতি নিতেই হবে। ধাপগুলি হল কুইক স্টার্ট এ ভি ইন্ডাস্ট্রি অনলাইন, এ ভি এসেনশিয়াল, এ ভি অনলাইন টেস্ট, সি টি এস অনলাইন টেস্ট। সবটাই প্রস্তুতি পর্বের অন্তর্গত। এরপর সি টি এস-এর মূল পরীক্ষায় বসা যায়। সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে মাস চারেকের মধ্যেই প্রস্তুতি নেওয়া যায়। সি টি এসের মূল পরীক্ষায় বসার জন্য ফি লাগবে ভারতীয় মুদ্রায় ১০ হাজার টাকা। ভারতের নির্দিষ্ট বিভিন্ন কেন্দ্রে মূল সি টি এস পরীক্ষা আয়োজিত হয়। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। প্রতিষ্ঠানের তরফ থেকে জানানো হয়েছে, বিশ্বের যে-কোনও প্রান্তেই অডিও-ভিশ্যুয়াল ইন্ডাস্ট্রিতে সি টি এস সার্টিফিকেট গ্রাহ্য হয়।

সংস্থার পক্ষ থেকে আরও জানানো হয়েছে, অন্তত ৩ থেকে ৪ দিন ক্লাসরুমে প্রশিক্ষণের ব্যবস্থা থাকবে। সদস্যপদ পাওয়া যায়। বছরান্তে সদস্যপদ রিনিউ করা যায়।

আগ্রহীরা অনলাইন অডিও-ভিশ্যুয়াল কোর্স এবং সি টি এস পরীক্ষা সম্পর্কে বিশদে জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইটটি: www.avixa.org/training-certification/certification/CTS




অনলাইনেও গ্রাহক হওয়া যায়
www.swarnakshar.in

কলেজে পড়তে পড়তেই নিয়মিত পড়ুন
পেশাপ্রবেশ
আর স্নাতক হয়েই যে কোনও চাকরির পরীক্ষা দিন নিশ্চিন্তে

- 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার ফসল।
- 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয় সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।

ঘরে বসে নিয়মিত 'পেশাপ্রবেশ' পেতে ২৩০ (ক্যুরিয়ারে ৪৯০) টাকার চেক/ড্রাফট নীচের ঠিকানায় পাঠিয়ে বার্ষিক গ্রাহক হোন:

Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-19
Ph: 2283-2320 □ E-mail: swarnakshar.prakasani@gmail.com


# সাইবার অপরাধ দমন ও নিরাপত্তার কোর্স

*তেরোর পাতার পর*



বর্ধমান বিশ্ববিদ্যালয়ের লাইফলং লার্নিং বিভাগ থেকে। প্রতিষ্ঠানের ঠিকানা: The University of Burdwan, Rajbati, Bardhaman-713 104.

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ২১ জানুয়ারি বিকেল ৩টের মধ্যে জমা দিতে হবে-সংশ্লিষ্ট বিভাগে।

খুঁটিনাটি তথ্যের জন্য আগ্রহীরা দেখতে পারেন এই ওয়েবসাইট: www.buruniv.ac.in প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৪২) ২৬৩৪৯৭৫, এক্সটেনশন ২৮৬।

## কাজের সুযোগ

সাইবার সিকিউরিটি অ্যানালিস্টদের চাকরির ভালো সুযোগ রয়েছে আর্থিক পরিষেবা প্রদানকারী বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, ব্যাঙ্ক, বহুজাতিক রিটেল সংস্থায় এবং তথ্যপ্রযুক্তি পরিষেবা প্রদানকারী সংস্থাগুলিতে। যারা ভবিষ্যতে পুলিশের চাকরিতে যোগ দিতে চান তারাও জেনে রাখতে পারেন সাইবার নিরাপত্তার নানা দিক। সরকারি বিভিন্ন দপ্তরে সাইবার বিশেষজ্ঞদের জন্য কাজের প্রচুর সুযোগ রয়েছে।

সাইবার বিশেষজ্ঞরা এথিক্যাল হ্যাকার হিসেবেও চাকরি পেতে পারেন। কোনও অ্যাপ্লিকেশন বা ওয়েবসাইট হ্যাক হওয়ার সম্ভাবনা কতটা, সেই ব্যাপারটি তাঁরাই পরীক্ষা করেন।

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# দেশে-বিদেশে বিপণনের ব্যবসার প্রশিক্ষণ

নয়ের পাতার পর





সবজিটি ঘরোয়া বাজারে রাজত্ব করে তা হল পটল। বাংলার যে-গুণমানের পটল হয়, তা ভূ-ভারতের আর কোথাও হয় না। সবুজের ওপর সাদা ডোরাকাটা পুরু খোসার কাজরী পটল ফি বছর এ রাজ্য থেকে পৌঁছে যায় ইউরোপে, আমেরিকায়। একই কথা বলা যায় কাঁকরোল সম্পর্কেও। হুগলি, উত্তর ২৪ পরগনায় যে-মানের কাঁকরোল হয় তা দেশের আর কোথাও উৎপাদিত হয় না। বাংলাদেশেও এই গুণমানের কাঁকরোল হয় না। এমনিতে দুবাই, কুয়েত, কাতার, বাহরিনের মতো পশ্চিম এশিয়ার দেশগুলিতে বছরভরই বাংলাদেশের ব্যবসায়ীরা প্রচুর সবজি রপ্তানি করেন। কিন্তু পটল ও কাঁকরোলের বাজার শাসন করে পশ্চিমবঙ্গ। সেখানে বাংলার নটে বা কলমী শাক, কচুরলতির জয়গাথাও লেখা হয়ে গেছে অনেক আগেই।

কয়েক বছর আগে এ রাজ্যের মাটিতে জন্মানো ডবল-স্টিক রজনীগন্ধা নেদারল্যান্ডসে আন্তর্জাতিক ফুলের বাজারে এ-ওয়ান স্বীকৃতি পায়। রজনীগন্ধার মতোই বিভিন্ন প্রজাতির গোলাপেরও দারুণ কদর বিদেশে। একইভাবে বঙ্গের আম, জাম, লিচু, পেয়ারা, কাঁঠালের বাজার তেজি লন্ডনে। লন্ডন থেকে এইসব ফল ছড়িয়ে পড়ে ইংল্যান্ড-সহ ইউরোপের বাজারে।

**জমির ব্যবস্থা থাকলে একা বা কয়েকজন মিলে রপ্তানিযোগ্য ফসলের চাষ এবং রপ্তানির ব্যবসা একইসঙ্গে করা যায়। আবার ব্যক্তিগতভাবে এগুলির চাষ না করলেও চলে। বাজার থেকে বা সরাসরি চাষিদের কাছ থেকে জিনিসগুলো সংগ্রহ করে বিপণন করা যায়। তবে চাষিদের কাছ থেকে পণ্য সংগ্রহ করাই শ্রেয়। কারণ রপ্তানির জন্য সবজি, ফুল বা ফলের নির্দিষ্ট গুণমান থাকতে হয়। যেমন, আমের গায়ে গড়িয়ে আসা কষের ছাপ থাকলে বা কার্বাইডে পাকানো হলে সে আম বাতিল হবে। রপ্তানিযোগ্য ভেন্ডির দৈর্ঘ্য দুই থেকে আড়াই ইঞ্চির বেশি হলে চলবে না। ভেন্ডির গায়ের রোঁয়া অক্ষত থাকতে হবে।**

একটু ধৈর্য ধরে যদি রপ্তানির ব্যবসাটা নিয়মিতভাবে চালানো যায়, তাহলে ব্যবসার প্রসার ঘটবেই। বিদেশের আমদানিকারকরা সময়ে সময়ে রপ্তানিকারকদের নিয়মিত সামগ্রী ছাড়াও অন্যান্য পণ্য সরবরাহেরও বরাত দিয়ে থাকেন। একই ইমপোর্ট-এক্সপোর্ট লাইসেন্স ব্যবহার করে বিভিন্ন সামগ্রীই রপ্তানি করা যায়।

দেশের মধ্যেও বাংলার সবজি আর ফল কম বাণিজ্য করে না। বেনারস, মথুরা, বৃন্দাবনে যায় এ রাজ্যের ফুল। এ রাজ্যে খুব ভালো মানের স্ট্রবেরির চাষ হচ্ছে এখন। সেখানেও দেখা দিয়েছে বাণিজ্য-সম্ভাবনা।

জমির ব্যবস্থা থাকলে একা বা কয়েকজন মিলে রপ্তানিযোগ্য ফসলের চাষ এবং রপ্তানির ব্যবসা একইসঙ্গে করা যায়। আবার ব্যক্তিগতভাবে এগুলির চাষ না করলেও চলে। বাজার থেকে বা সরাসরি চাষিদের কাছ থেকে জিনিসগুলো সংগ্রহ করে বিপণন করা যায়। তবে চাষিদের কাছ থেকে পণ্য সংগ্রহ করাই শ্রেয়। কারণ রপ্তানির জন্য সবজি, ফুল বা ফলের নির্দিষ্ট গুণমান থাকতে হয়। যেমন, আমের গায়ে গড়িয়ে আসা কষের ছাপ থাকলে বা কার্বাইডে পাকানো হলে সে আম বাতিল হবে। রপ্তানিযোগ্য ভেন্ডির দৈর্ঘ্য দুই থেকে আড়াই ইঞ্চির বেশি হলে চলবে না। ভেন্ডির গায়ের রোঁয়া অক্ষত থাকতে হবে। রপ্তানি করা সামগ্রী বিক্রির জন্য বাজারে পৌঁছতে বেশ কয়েকদিন সময় লাগে। তা সত্ত্বেও সেগুলি তরতাজা থাকা চাই। তাছাড়া এসব পণ্যই পচনশীল। সেজন্যই বাক্সবন্দি করে পাঠানোর সময় নিতে হয় বাড়তি সতর্কতা। মেনে চলতে হয় নির্দিষ্ট কিছু আইনকানুন। পণ্য অনুসারে সংশ্লিষ্ট আইনকানুন প্রযোজ্য হয়। সেইসঙ্গে বিদেশের নিরাপদ ক্রেতা খুঁজে পাওয়া, লাভ-সহ জিনিসের দাম ফেরত পাওয়ার জন্য নির্দিষ্ট পদ্ধতি রয়েছে। তাই স্বল্প মেয়াদের হলেও রপ্তানি ব্যবসার প্রশিক্ষণ নিতে পারলে সুবিধা হয়।

## কোথায় প্রশিক্ষণ

এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট সবজি, ফল ও ফুলের রপ্তানি ব্যবসার ৫ সপ্তাহের প্রশিক্ষণ দিচ্ছে। 'এক্সপোর্ট ওরিয়েন্টেড ট্রেনিং ইন ফ্লোরিকালচার, হর্টিকালচার অ্যান্ড অ্যালায়েড বিজনেস' নামের এই প্রশিক্ষণ কোর্সটিতে যেসব বিষয় সম্পর্কে পড়ানো হয় তার মধ্যে রয়েছে— রপ্তানিযোগ্য সবজি, ফল ও ফুলের চাষে উন্নত প্রযুক্তির ব্যবহার, উন্নতমানের সবজি উৎপাদন ও তার বিজ্ঞানসম্মত রক্ষণাবেক্ষণ, ফুলের চাষ, ফলের বাগান তৈরি, দেশের মধ্যে ও আন্তর্জাতিক বাজারে বিপণন, রপ্তানির নিয়মকানুন, রপ্তানির ব্যবসায় সরকারি সহায়তার ব্যবস্থা, পণ্যের দরদাম স্থির করার পদ্ধতি, ক্রেতাদের সঙ্গে যোগাযোগের পদ্ধতি, আমদানি-রপ্তানি সংক্রান্ত নিয়মকানুন। এসবের সঙ্গে থাকবে ফিল্ড ভিজিট, প্রোজেক্ট তৈরি, রপ্তানিকারকদের সঙ্গে সাক্ষাৎ।

শিক্ষাগত যোগ্যতা অন্তত মাধ্যমিক। বয়সের বিধিনিষেধ নেই। সপ্তাহে ৩ দিন— সোম, বুধ, শুক্র ক্লাস। ফি ৬,০০০ টাকা, সঙ্গে প্রযোজ্য হারে জি এস টি যুক্ত হবে।

সংস্থার ডিরেক্টর এম এন মাইতি জানালেন, এই প্রশিক্ষণ সম্পূর্ণ করার পর রপ্তানি বা দেশের মধ্যেই বিপণন-ব্যবসায় আগ্রহীরা প্রতিষ্ঠান থেকে প্রয়োজনীয় তথ্য-পরামর্শ পাবেন। তিনি বলেন, রপ্তানি ব্যবসার মূল নিয়মকানুনগুলো জানা থাকলে সুযোগ-সুবিধা অনুসারে বিভিন্ন পণ্যই রপ্তানি করা যেতে পারে।

আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি শুরু হয়েছে। আগ্রহীরা এখনই যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (ই ডি আই), ব্লক: আই বি, প্লট-১৯৪, সেক্টর-থ্রি, সল্টলেক, কলকাতা-৭০০ ১০৬। ফোন: ২৩৩৫-৭৬৮১। ওয়েবসাইট: www.edikolkata.org

# ফুটওয়্যার টেকনোলজি পড়ে কেরিয়ার

দশের পাতার পর



কোম্পানিগুলিতে, যেমন বাটা ইন্ডিয়া, লিবার্টি ফুটওয়্যার, রিল্যাক্সো গ্রুপ, তেজ গ্রুপ, সুপার হাউস গ্রুপ, দাওয়ার গ্রুপ ইত্যাদি। ডিজাইনিংয়ে দক্ষ হলে চাকরি হতে পারে ডিজাইনিং বা নকশা নির্মাণ বিভাগে। এই শিল্পে প্রযুক্তির ব্যবহার বাড়ার ফলে উন্নত মানের বিভিন্ন মেশিন চালানোর জন্য প্রয়োজন রয়েছে দক্ষ কর্মীর। চাকরি হতে পারে প্রোডাকশন বা জুতো তৈরি বিভাগেও। ক্রেতার সংখ্যা দ্রুত বৃদ্ধি পাওয়ায় আন্তর্জাতিক জুতো নির্মাতা-সংস্থাগুলি ভারতে ব্যবসা করার পাশাপাশি দেশেই ম্যানুফ্যাকচারিং ইউনিট তৈরিতে আগ্রহ দেখাচ্ছে। এছাড়া রপ্তানি ক্ষেত্রেও জোর বাড়াতে আগ্রহী ভারত সরকার। এর ফলে বাড়ছে কর্মসংস্থান।

তবে শুধু চাকরিই নয়, কোনও ছাত্রছাত্রী নিজস্ব ব্যবসা শুরু করতে চাইলেও তাকে প্রতিষ্ঠানের তরফে সবরকমের সহায়তা দেওয়া হয়।

## অন্যান্য প্রতিষ্ঠানে আরও কিছু প্রশিক্ষণ

● কেন্দ্রীয় সরকারের অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগ দপ্তরের অধীনস্থ, চেন্নাইয়ের **সেন্ট্রাল ফুটওয়্যার ট্রেনিং ইনস্টিটিউটে** পড়ানো হয় ফুটওয়্যার শিল্প-সংক্রান্ত আরও বেশ কিছু দীর্ঘ ও স্বল্পমেয়াদি কোর্স।

কোর্সগুলি হল: **ডিপ্লোমা ইন ফুটওয়্যার ম্যানুফ্যাকচার অ্যান্ড ডিজাইন:** শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক পাশ। কোর্সের মেয়াদ ২ বছর।

**পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ফুটওয়্যার টেকনোলজি:** শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। বিজ্ঞান শাখায় স্নাতকরা অগ্রাধিকার পান।

**পোস্ট-গ্র্যাজুয়েট হায়ার ডিপ্লোমা ইন ফুটওয়্যার টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট স্টাডিজ:** শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বা সায়েন্সের যে- কোনও শাখায় স্নাতকরাও আবেদন করতে পারেন।

**অ্যাডভান্সড সার্টিফিকেট ইন ফুটওয়্যার ম্যানুফ্যাকচারিং টেকনোলজি:** শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক।

আগ্রহীরা দেখতে পারেন চেন্নাইয়ের সেন্ট্রাল ফুটওয়্যার ট্রেনিং ইনস্টিটিউটের এই ওয়েবসাইট: www.cftichennai.in

● স্নাতক এবং স্নাতকোত্তরে ফুটওয়্যার ডিজাইনিং অ্যান্ড প্রোডাকশন পড়ানো হয় কেন্দ্রীয় সরকারের শিল্প ও বাণিজ্য মন্ত্রকের অধীনস্থ **ফুটওয়্যার ডিজাইনিং অ্যান্ড ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে**। আগ্রহীরা দেখতে পারেন ফুটওয়্যার ডিজাইনিং অ্যান্ড ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের নিজস্ব এই ওয়েবসাইট: www.fddiindia.com

# আধুনিক কর্মজগতে প্রবেশের আগে ঝালিয়ে নিন নিজেকে

তেরোর পাতার পর

পরীক্ষা নেওয়া হয়। সংস্থায় বিভিন্ন ধরনের মানুষের সঙ্গে মিশে কাজ করার মানসিকতা আছে কিনা দেখা হয় তা-ও।

প্রতি মুহূর্তেই প্রযুক্তি ও কাজের ধরনে পরিবর্তন হয়ে চলেছে। তার জন্য নিজেকে তৈরি রাখাটাও খুব জরুরি। এমপ্লয়েবিলিটি বাড়িয়ে তুলতে নিতে পারেন প্রফেশনাল ডেভলপমেন্ট-সংক্রান্ত প্রশিক্ষণ। কোর্সটি ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর প্রোডাক্টিভিটি, কোয়ালিটি অ্যান্ড রিলায়েবিলিটি এবং নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এডুকেশনের অধীনস্থ সেন্টার ফর ডিসেবিলিটি স্টাডিজ অ্যান্ড এডুকেশনাল রিসার্চের যৌথ উদ্যোগে করানো হবে। কোর্সটির পুরো নাম ডিপ্লোমা কোর্স অব এম্পাওয়ারিং কমিউনিকেশন স্কিলস অ্যান্ড প্রফেশনাল ডেভেলপমেন্ট। কোর্সের মেয়াদ ৬ মাস। কোর্সটি শুরু হবে ফেব্রুয়ারিতে।

## কারা পড়বেন

যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই নিতে পারেন এই প্রশিক্ষণ। আসনসংখ্যা ৩০টি। কোর্স ফি ৮,০০০ টাকা।

কোর্সটি শুরু হবে ২ ফেব্রুয়ারি থেকে। ক্লাস হবে প্রতি শনিবার, সকাল সাড়ে ১১টা থেকে বিকেল ৪টে।

**প্রতি মুহূর্তেই প্রযুক্তি ও কাজের ধরনে পরিবর্তন হয়ে চলেছে। তার জন্য নিজেকে তৈরি রাখাটাও খুব জরুরি। এমপ্লয়েবিলিটি বাড়িয়ে তুলতে নিতে পারেন প্রফেশনাল ডেভলপমেন্ট-সংক্রান্ত প্রশিক্ষণ।**

## কী শিখবেন

ছয় মাসের এই কোর্সে কমিউনিকেশন স্কিল ছাড়াও ছাত্রছাত্রীদের চাকরি ক্ষেত্রে ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজির ব্যবহার শেখানো হয়। গ্রুপ ডিসকাশন, পাবলিক স্পিকিং সেশনের মাধ্যমে তাঁদের আত্মপ্রত্যয় বাড়ানো হয়। ব্যবস্থা করা হয় মক ইন্টারভিউয়েরও। এছাড়া স্ব-চেষ্টায় ব্যবসা শুরু করতে আগ্রহীদের জানানো হয় অন্ত্রেপ্রেনারশিপের নানা খুঁটিনাটি দিক।

## আবেদনের পদ্ধতি

(a) শিব (b) সূর্য (c) বিষ্ণু (d) দুর্গা
47. ডঃ বি আর আম্বেদকরকে 'ভারতীয় সংবিধানের স্থপতি' (Father of Indian Constitution) আখ্যা দেন:
(a) মহাত্মা গান্ধী (b) জওহরলাল নেহরু (c) রাজেন্দ্র প্রসাদ (d) লাল বাহাদুর শাস্ত্রী
48. 'সচ্চিদানন্দ' কোন ব্যক্তির উপাধি?
(a) নন্দলাল বসু (b) চিত্তরঞ্জন দাশ (c) নরেন্দ্রনাথ দত্ত (d) এঁদের কেউই নন
49. আন্তর্জাতিক ভূমি দিবস (International Earth Day) কোন দিন?
(a) 22 মার্চ (b) 22 এপ্রিল (c) 21 এপ্রিল (d) 23 জুন
50. ভীম সেন জোশী কোন ঘরানার সঙ্গে যুক্ত?
(a) রামপুর (b) জয়পুর (c) বেনারস (d) কিরানা
51. 20 মিটার দৈর্ঘ্য 5 মিটার প্রস্থ ও 4 মিটার উচ্চতাবিশিষ্ট একটি ঘরের মধ্যে সবচেয়ে বড় মাপের লম্বা রড রাখা যাবে?
(a) 30 মিটার (b) 28 মিটার (c) 25 মিটার (d) 21 মিটার
52. $\frac{1}{4}$ অংশে জলপূর্ণ একটি সমকোণী চৌপল আকৃতির চৌবাচ্চার দৈর্ঘ্য 20 সেন্টিমিটার, প্রস্থ 15 সেন্টিমিটার ও গভীরতা 10 সেন্টিমিটার। ওই চৌবাচ্চায় 525 ঘন সেন্টিমিটার জল ঢালা হলে পাত্রে জলের উচ্চতা বাড়বে:
(a) 1 সেন্টিমিটার (b) 1.25 সেন্টিমিটার (c) 1.5 সেন্টিমিটার (d) 1.75 সেন্টিমিটার
53. একটি জাহাজ A স্থান থেকে যাত্রা শুরু করে 12 কিলোমিটার দক্ষিণে B স্থানে পৌঁছায়। আবার B স্থান থেকে যাত্রা শুরু করে 5 কিলোমিটার পূর্বে C স্থানে পৌঁছায়। A থেকে C স্থানের সরল দূরত্ব কত?
(a) 17 কিলোমিটার (b) 15 কিলোমিটার (c) 13 কিলোমিটার (d) 10 কিলোমিটার
54. একটি শ্রেণির 30 জন ছাত্রের গড় বয়স 15 বছর এবং 20 জন ছাত্রীর গড় বয়স 14 বছর। ওই শ্রেণির আরও কয়েক জন নতুন ছাত্রছাত্রী ভর্তি হয় যাদের গড় বয়স 14 বছর। এখন ওই শ্রেণির সমস্ত ছাত্রছাত্রীদের বয়সের গড় $14\frac{1}{2}$ বছর। নতুন কত জন ছাত্রছাত্রী ভর্তি হয়েছিল?
(a) 8 (b) 9 (c) 10 (d) 12
55. একটি গোলকের পৃষ্ঠতলে কালো ও সাদা রঙের অনুপাত 2 : 3। উত্তর গোলার্ধে কালো ও সাদার অনুপাত 1 : 4 হলে, দক্ষিণ গোলার্ধে দুই রঙের অনুপাত:
(a) 5 : 3 (b) 4 : 3 (c) 3 : 2 (d) 3 : 4
56. দু'টি বৃত্তের ক্ষেত্রফলের অনুপাত 9 : 25 হলে, পরিধির অনুপাত:
(a) 3 : 5 (b) 3 : 25 (c) 9 : 5 (d) 9 : 25
57. একটি শ্রেণির 40 জন ছাত্রের গড় বয়স 8 বছর ও 50 জন ছাত্রীর গড় বয়স 5 বছর। যদি ওই শ্রেণির ছাত্র ও ছাত্রীর সংখ্যার অনুপাত 1 : 2 হয়, তাহলে, শ্রেণির সকল ছাত্রছাত্রীর গড় বয়স হবে:
(a) 5 বছর (b) 6 বছর (c) 7 বছর (d) 7.5 বছর
58. একজন দোকানদার 7 দিন গড়ে 1500 দ্রব্য বিক্রয় করে। প্রথম 6 দিনের গড় বিক্রয় 1506টি দ্রব্য হলে, সপ্তম দিনে ক'টি দ্রব্য বিক্রয় করে?
(a) 1506 (b) 1536 (c) 1464 (d) 1476
59. বার্ষিক 8% সরল সুদে A, B-কে 500 টাকা এবং C-কে কিছু টাকা ধার দেয়। টাকা ধার দেওয়ার 4 বছর পর A মোট সুদ পায় 210 টাকা। A, C-কে কত টাকা ধার দিয়েছিল?
(a) 150 টাকা (b) 156.25 টাকা (c) 160 টাকা (d) 165.25 টাকা
60. A মোট মূলধনের অর্ধেক অংশ 15% সরল সুদে, এক-তৃতীয়াংশ 18% সরল সুদে এবং অবশিষ্ট 12% সরল সুদে বিনিয়োগ করে। A-এর প্রাপ্ত সুদের হারের গড়:
(a) $15\frac{1}{2}$ % (b) $16\frac{3}{4}$ % (c) 14% (d) $15\frac{3}{4}$ %
61. A বছরের শুরুতে 12000 টাকা মূলধন নিয়ে ব্যবসা শুরু করে। B ও C যথাক্রমে 3 মাস পরে ব্যবসায় যোগ দেয়। বছরের শেষে A, B ও C-এর লভ্যাংশের অনুপাত 2 : 3 : 5 হলে, B কত টাকা ব্যবসায় বিনিয়োগ করেছিল?
(a) 18000 টাকা (b) 24000 টাকা (c) 30000 টাকা (d) 36000 টাকা
62. 24 মিটার × 16 মিটার মাপের একটি আয়তাকার হলঘরের চারদিকে সমপরিসর বারান্দা আছে। বারান্দার ক্ষেত্রফল হলঘরের ক্ষেত্রফলের সমান হলে, বারান্দার প্রশস্ততা কত?
(a) 2 মিটার (b) 2.5 মিটার (c) 3 মিটার (d) 4 মিটার
63. দু'টি ট্রেনের প্রথমটি হাওড়া থেকে দিল্লি যাচ্ছে ও দ্বিতীয়টি দিল্লি থেকে হাওড়া আসছে। তারা একসঙ্গে রওনা হল। তাদের সাক্ষাৎ হওয়ার পর প্রথম ট্রেনটি 4 ঘণ্টা 48 মিনিট পরে দিল্লিতে পৌঁছয় ও দ্বিতীয় ট্রেনটি 3 ঘণ্টা 20 মিনিট পর হাওড়া পৌঁছায়। তবে ট্রেন দু'টি গতিবেগের অনুপাত হয়:
(a) 6 : 5 (b) 5 : 6 (c) 4 : 5 (d) 5 : 4
64. এক ব্যক্তি মোট 10 ঘণ্টায় তাঁর যাত্রাপথ সম্পূর্ণ করেন। যদি তাঁর যাত্রাপথের প্রথম অর্ধেক ঘণ্টায় 21 কিলোমিটার বেগে ও পরের দ্বিতীয় অর্ধেক ঘণ্টায় 24 কিলোমিটার বেগে যান। তাহলে মোট যাত্রাপথের দূরত্ব কত?
(a) 120 কিলোমিটার (b) 330 কিলোমিটার (c) 224 কিলোমিটার (d) 1000 কিলোমিটার
65. কোনও গ্রন্থাগারে হিন্দি বইয়ের সংখ্যা 20%, অবশিষ্টের 50% ইংরেজি এবং

এরপর একুশের পাতায়

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রাজ্য সরকারের খাদ্য দপ্তরে

# সাব-ইনস্পেক্টর

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

কুড়ির পাতার পর

তার অবশিষ্টের 30% হল বাংলা। বাকি বইগুলি হল বিজ্ঞানের। বিজ্ঞানের বইয়ের সংখ্যা 6300 হলে, গ্রন্থাগারে মোট বইয়ের সংখ্যা কত?
(a) 20,500 (b) 22,500 (c) 23,500 (d) 25,000

66. যদি 30 জন লোক দৈনিক 8 ঘণ্টা কাজ করে 720 টাকা মজুরি পায়, তাহলে 45 জন লোক দৈনিক 6 ঘণ্টা কাজ করে কত টাকা মজুরি পাবে?
(a) 810 টাকা (b) 850 টাকা (c) 900 টাকা (d) 960 টাকা

67. দু'টি নল A ও B একটি ট্যাঙ্ক ভর্তি করতে পারে 24 ও 22 মিনিটে। নল দু'টি একসঙ্গে খোলা হল। কতক্ষণ পরে B নলটি বন্ধ করলে ট্যাঙ্কটি 18 মিনিটে ভর্তি হবে?
(a) 5 মিনিটে (b) 8 মিনিটে (c) 10 মিনিটে (d) 12 মিনিটে

68. একটি নৌকা স্রোতের অনুকূলে নির্দিষ্ট দূরত্ব অতিক্রম করে 10 ঘণ্টায় এবং প্রতিকূলে ফিরে আসে 20 ঘণ্টায়। স্থির জলে নৌকার গতিবেগ 9 কিলোমিটার হলে যাত্রাপথের দূরত্ব কত?
(a) 60 কিলোমিটার (b) 90 কিলোমিটার (c) 120 কিলোমিটার (d) 240 কিলোমিটার

69. এক ব্যক্তি 132 কিলোমিটার যাত্রাপথের কিছুটা পথ স্টিমারে এবং অবশিষ্ট পথ ট্রেনে যাত্রা করেন। স্টিমারে প্রতি কিলোমিটারে ভাড়া 6 পয়সা এবং ট্রেনে প্রতি কিলোমিটারে ভাড়া 10 পয়সা। যদি ওই ব্যক্তি সমগ্র পথ যাত্রা করতে 9.60 টাকা খরচ করেন, তাহলে কতটা পথ ট্রেনে গিয়েছিলেন?
(a) 42 কিলোমিটার (b) 90 কিলোমিটার (c) 36 কিলোমিটার (d) 44 কিলোমিটার

70. $\frac{1}{4}$ অংশ জলপূর্ণ একটি সমকোণী চৌপল আকৃতির চৌবাচ্চার দৈর্ঘ্য 20 সেন্টিমিটার, প্রস্থ 15 সেন্টিমিটার ও গভীরতা 10 সেন্টিমিটার। ওই চৌবাচ্চায় 525 ঘন সেন্টিমিটার জল ঢালা হলে, পাত্রের জলের উচ্চতা বাড়বে:
(a) 1 সেন্টিমিটার (b) 1.25 সেন্টিমিটার (c) 1.5 সেন্টিমিটার (d) 1.75 সেন্টিমিটার

71. $99\frac{97}{99} \times 99$ -এর সরল মান:
(a) 9996 (b) 9997 (c) 9998 (d) 9898

72. $\frac{7}{16}, \frac{5}{12}$ ও $\frac{1}{3}$-কে মানের উর্ধক্রমে সাজালে হয়:
(a) $\frac{1}{3}, \frac{7}{16}, \frac{5}{12}$ (b) $\frac{7}{16}, \frac{5}{12}, \frac{1}{3}$ (c) $\frac{5}{12}, \frac{1}{3}, \frac{7}{16}$ (d) $\frac{1}{3}, \frac{5}{12}, \frac{7}{16}$

73. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 653, 869 এবং 1229-কে ভাগ করলে সবক্ষেত্রে সমান অবশিষ্ট থাকবে?
(a) 36 (b) 54 (c) 72 (d) 108

74. 2, 9 ও 5 দ্বারা গঠিত তিন অঙ্কের সংখ্যাগুলির যোগফল:
(a) 5325 (b) 5352 (c) 3552 (d) 3352

75. 300 থেকে 500 পর্যন্ত কতগুলি সংখ্যা আছে যেগুলি হয় 3 দ্বারা শুরু অথবা 3 দ্বারা শেষ?
(a) 99 (b) 100 (c) 109 (d) 110

76. 50 জন লোক প্রতিদিন 6 ঘণ্টা কাজ করে একটি কাজ 12 দিনে শেষ করতে পারে। ওই কাজের দ্বিগুণ কাজ 60 জন লোক দৈনিক কত ঘণ্টা করে করলে 8 দিনে শেষ করতে পারবে?
(a) 15 ঘণ্টা (b) $6\frac{2}{3}$ ঘণ্টা (c) $21\frac{3}{5}$ ঘণ্টা (d) $9\frac{3}{5}$ ঘণ্টা

77. A ও B একত্রে একটি কাজ 30 দিনে এবং B ও C একত্রে 40 দিনে করতে পারে। যদি C একা ওই কাজটি 60 দিনে শেষ করে, তবে A একা কাজটি কতদিনে করবে?
(a) 40 দিনে (b) 60 দিনে (c) 30 দিনে (d) 20 দিনে

78. একটি ট্রেন 225 মিটার লম্বা একটি সেতু অতিক্রম করে 30 সেকেন্ডে এবং 350 মিটার প্ল্যাটফর্ম অতিক্রম করে 40 সেকেন্ডে। ট্রেনটির গতি ঘণ্টায়:
(a) 40 কিলোমিটার (b) 42 কিলোমিটার (c) 45 কিলোমিটার (d) 50 কিলোমিটার

79. একটি চোর 50 মিটার দূরে একজন পুলিশকে দেখে 4 কিলোমিটার গতিতে দৌড় দেয়। পুলিশটি তৎক্ষণাৎ $4\frac{1}{2}$ কিলোমিটার গতিতে চোরটিকে তাড়া করে। চোরটি ধরা পড়ার আগে কতটা দৌড়য়?
(a) 300 মিটার (b) 400 মিটার (c) 450 মিটার (d) 500 মিটার

80. এক ব্যক্তি 1,550 টাকার কিছু অংশ বার্ষিক 5% সরল সুদে এবং অবশিষ্ট টাকা 8% সরল সুদে ধার দেয়। 3 বছর পর উভয় অংশের মোট সুদ 300 টাকা হলে, 5% ও 8% সুদে ধার দেওয়া টাকার অনুপাত:
(a) 8 : 5 (b) 13 : 8 (c) 31 : 16 (d) 16 : 15

81. একটি ঘড়ি 150 টাকায় বিক্রি করায় 20% ক্ষতি হয়। ঘড়িটি 200 টাকায় বিক্রি করলে শতকরা কত লাভ হবে?
(a) $6\frac{1}{4}$ % (b) $6\frac{2}{3}$ % (c) $8\frac{1}{2}$ % (d) $9\frac{1}{11}$ %

82. একটি বাক্সে মোট 384টি মুদ্রা আছে। যদি 1 টাকা, 50 পয়সা ও 25 পয়সার মুদ্রার সংখ্যার অনুপাত 2 : 3 : 7 হয়, তবে বাক্সের মুদ্রাগুলির মোট মূল্য:
(a) 170 টাকা (b) 168 টাকা (c) 186 টাকা (d) 180 টাকা

83. A ও B-র মাসিক বেতনের অনুপাত 3 : 5, যদি প্রত্যেকের বেতন 200 টাকা বৃদ্ধি পায়, পরিবর্তিত বেতনের অনুপাত হয় 13 : 21। A-র মাসিক বেতন কত টাকা?
(a) 2,000 টাকা (b) 2,200 টাকা (c) 2,400 টাকা (d) 2,500 টাকা

84. দুটি সংখ্যার যোগফলের 40%, সংখ্যাদুটির বিয়োগফলের 50%-এর সমান হলে, বড় ও ছোট সংখ্যার অনুপাত:
(a) 4 : 5 (b) 5 : 4 (c) 9 : 1 (d) 3 : 1

85. A যদি 3 টাকা পায়, B পায় 4 টাকা, আবার B যদি 5 টাকা পায়, C পায় 6 টাকা। যে সময়ে A পায় 20 টাকা একই সময়ে C পায়:
(a) 30 টাকা (b) 32 টাকা (c) 36 টাকা (d) 40 টাকা

86. একটি বৃত্তাকার মাঠের চারদিকে সমপরিসরে রাস্তা আছে। রাস্তার ভেতরের ও বাইরের দিকের পরিধির পার্থক্য 88 মিটার হলে রাস্তার প্রশস্ততা:
(a) 7 মিটার (b) 14 মিটার (c) 3.5 মিটার (d) 10.5 মিটার

87. B বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য A বর্গক্ষেত্রের কর্ণের সমান। A ও B বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের অনুপাত:
(a) 1 : 4 (b) 1 : 2 (c) 2 : 1 (d) 2 : 3

88. 60 টাকা ও 80 টাকা কিলোগ্রাম দরের চা 2 : 3 অনুপাতে মিশ্রিত করে প্রতি কিলোগ্রাম কত টাকায় বিক্রি করলে 25% লাভ হবে?
(a) 75 টাকা (b) 80 টাকা (c) 85 টাকা (d) 90 টাকা

89. একদিনে কতবার ঘড়ির দুটি কাঁটা উপর্যুপরি হয়?
(a) 24 বার (b) 23 বার (c) 22 বার (d) 21 বার

90. 1 জানুয়ারি, 2001 সোমবার হলে, 1 জানুয়ারি, 2002 কী বার হবে?
(a) সোমবার (b) মঙ্গলবার (c) বুধবার (d) রবিবার

91. একটি জামার 10% এবং 15% লাভে বিক্রয়মূল্যের পার্থক্য 10 টাকা হলে জামাটির ক্রয়মূল্য:
(a) 110 টাকা (b) 115 টাকা (c) 150 টাকা (d) 200 টাকা

92. 8 জন মহিলা 180 কিলোগ্রাম গম 5 দিনে ভাঙতে পারে। 28 জন মহিলা 3,780 কিলোগ্রাম গম কতদিনে ভাঙতে পারবে?
(a) 32 (b) 45 (c) 60 (d) 30

93. 54 টাকা কিলোগ্রাম দরের চায়ের সঙ্গে 72 টাকা কিলোগ্রাম দরের চা মিশিয়ে একটি ব্লেন্ড তৈরি করা হল। মিশ্রণটি 70 টাকা কিলোগ্রাম দরে বিক্রি করায় $16\frac{2}{3}$ % লাভ হয়। মিশ্রণে দুইপ্রকার চায়ের অনুপাত:
(a) 2 : 1 (b) 1 : 2 (c) 3 : 4 (d) 4 : 3

94. একজন দোকানদার 34 টাকায় 8টি কলম কেনে। ওই দোকানদার 57 টাকায় 12টি কলম বিক্রি করে। ওই দোকানদার যদি 900 টাকা লাভ করতে চায় তবে তাকে মোট কলম বিক্রি করতে হবে:
(a) 1,400টি (b) 1,600টি (c) 1,800টি (d) 2,000টি

95. যখন A 3 টাকা লাভ করে তখন B 4 টাকা লাভ করে। যখন B 5 টাকা লাভ করে তখন C 6 টাকা লাভ করে। যদি A-র লাভ 20 টাকা হয়, তাহলে C-র ওই সময়ে কত লাভ হয়?
(a) 30 টাকা (b) 32 টাকা (c) 24 টাকা (d) 36 টাকা

96. 3 বছরের জন্য নির্দিষ্ট সরল সুদের হারে কিছু টাকা জমা রাখা হল। যদি আরও 2% বেশি হারে টাকাটা জমা রাখা হত তবে আরও 72 টাকা বেশি পাওয়া যেত। কত টাকা জমা রাখা হয়েছিল?
(a) 1,250 টাকা (b) 1,400 টাকা (c) 1,200 টাকা (d) 1,500 টাকা

97. কিছু টাকার নির্দিষ্ট সুদের হারে $6\frac{1}{4}$ বছরের শেষে সুদ, আসলের $\frac{3}{8}$ অংশ হয়। সুদের হার কত?
(a) 7% (b) 6% (c) 5% (d) $5\frac{1}{2}$ %

98. এক ব্যক্তি ঘণ্টায় 3 কিলোমিটার, 4 কিলোমিটার এবং 5 কিলোমিটার বেগে সমদূরত্ব যায় এবং 47 মিনিটে যাত্রা সম্পূর্ণ করে। মোট কত দূরত্ব সে যাত্রা করেছিল?
(a) 2 কিলোমিটার (b) 3 কিলোমিটার (c) 4 কিলোমিটার (d) 5 কিলোমিটার

99. একটি ট্রেন 45 মিনিটে A থেকে B স্টেশনে যায়। যদি ট্রেনটির গতিবেগ ঘণ্টায় 5 কিলোমিটার হ্রাস পেত তবে ওই দূরত্ব যেতে ট্রেনটির 48 মিনিট সময় লাগত। A এবং B-র মধ্যেকার দূরত্ব:
(a) 60 (b) 64 (c) 80 (d) 55

100. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 50 ও 60-কে ভাগ করলে যথাক্রমে 8 ও 4 ভাগশেষ থাকে?
(a) 14 (b) 12 (c) 22 (d) 18

### উত্তর

1(a), 2(b), 3(c), 4(c), 5(c), 6(b), 7(d), 8(b), 9(a), 10(b), 11(a), 12(d), 13(c), 14(a), 15(c), 16(a), 17(c), 18(d), 19(a), 20(a), 21(c), 22(d), 23(a), 24(c), 25(d), 26(a), 27(b), 28(d), 29(a), 30(b), 31(c), 32(a), 33(d), 34(b), 35(a), 36(b), 37(a), 38(b), 39(c), 40(c), 41(a), 42(d), 43(a), 44(c), 45(a), 46(c), 47(c), 48(c), 49(b), 50(d), 51(d), 52(d), 53(c), 54(c), 55(c), 56(a), 57(b), 58(c), 59(b), 60(a), 61(b), 62(d), 63(b), 64(c), 65(b), 66(a), 67(b), 68(c), 69(a), 70(d), 71(d), 72(d), 73(c), 74(c), 75(d), 76(a), 77(a), 78(c), 79(b), 80(d), 81(b), 82(b), 83(c), 84(c), 85(b), 86(b), 87(b), 88(d), 89(c), 90(b), 91(d), 92(d), 93(a), 94(c), 95(b), 96(c), 97(b), 98(b), 99(a), 100(a).

### সমাধান

51(d): রডের দৈর্ঘ্য $= \sqrt{20^2 + 5^2 + 4^2} = \sqrt{441} = 21$ মিটার।

52(d): জলের উচ্চতা বাড়বে $= 525 \div (20 \times 15) = 1.75$ সেন্টিমিটার।

53(c): A থেকে C স্থানের দূরত্ব $= \sqrt{12^2 + 5^2} = 13$ কিলোমিটার।

54(c): $(30 + 20) = 50$ জন ছাত্রের গড় বয়স $= \left[\frac{(15 \times 30) + (14 \times 20)}{30 + 20}\right]$
$= 14.6$ বছর
অর্থাৎ পুরনো ও নতুন ছাত্রের সংখ্যার অনুপাত $= (14.5 - 14) : (14.6 - 14.5)$
$= 5 : 1$
∴ নতুন ছাত্রের সংখ্যা $= \left(50 \times \frac{1}{5}\right) = 10$ জন।

55(c): $2 + 3 = 5$ এবং $1 + 4 = 5$
অনুপাতের সমষ্টি সমান
$2 : 3 = 4 : 6 - 1 : 4 = 3 : 2$.

56(a): দু'টি বৃত্তের পরিধির অনুপাত $= \sqrt{9} : \sqrt{25} = 3 : 5$.

57(b): নির্ণেয় গড় বয়স $= \frac{1 \times 8 + 2 \times 5}{1 + 2} = 6$ বছর।

58(c): সপ্তম দিনে বিক্রয় করে $= 1500 - 6(1506 - 1500)$
$= (1500 - 36) = 1464$.

59(b): A মোট সুদ পায় $= (4 \times 8)\% = 32\%$
অর্থাৎ A মোট ঋণ নিয়েছিল $= \left(210 \times \frac{100}{32}\right) = 656.25$ টাকা
∴ C-কে ঋণ দিয়েছিল $= (656.25 - 500) = 156.25$ টাকা।

60(a): মূলধনের অনুপাত $= \frac{1}{2} : \frac{1}{3} : \left(1 - \frac{1}{2} - \frac{1}{3}\right) = \frac{1}{2} : \frac{1}{3} : \frac{1}{6} = 3 : 2 : 1$
∴ গড় সুদের হার $= \frac{(3 \times 15\%) + (2 \times 18\%) + (1 \times 12\%)}{(3 + 2 + 1)} = 15\frac{1}{2}\%$.

61(b): ধরি, B ব্যবসায় x টাকা বিনিয়োগ করেছিল
∴ $\frac{12000 \times 12}{x \times 9} = \frac{2}{3}$
বা, $3x = 72000$ বা, $x = 24000$ টাকা।

62(d): বারান্দার প্রশস্ততা $= x$ মিটার হলে,
$2(24 + 16) \times x + 4x^2 = 24 \times 16$
বা, $4x^2 + 80x - 384 = 0$ ∴ $(x + 24)(x - 4) = 0$ ∴ $x = 4$ মিটার।

63(b): দু'টি ট্রেনের গতিবেগের অনুপাত $= \sqrt{\frac{\text{3 ঘণ্টা 20 মিনিট}}{\text{4 ঘণ্টা 48 মিনিট}}}$
$= \sqrt{\frac{200}{288}} = \sqrt{\frac{25}{36}} = \frac{5}{6} = 5 : 6$.

64(c): মোট যাত্রাপথের দূরত্ব = গড় গতিবেগ × সময় $= \left(\frac{2 \times 21 \times 24}{21 + 24}\right) \times 10$
$= \frac{2 \times 21 \times 24}{45} \times 10 = 2 \times 7 \times 8 \times 2 = 224$ কিলোমিটার।

65(b): মোট বইয়ের সংখ্যা $= 6300 \times \frac{100}{(100 - 30)} \times \frac{100}{(100 - 50)} \times \frac{100}{(100 - 20)} = 6300 \times \frac{100}{70} \times \frac{100}{50} \times \frac{100}{80} = 90 \times 250 = 22500$টি।

66(a): 45 জন লোক 6 ঘণ্টা কাজ করে মজুরি পায় $= \left(\frac{720 \times 45 \times 6}{30 \times 8}\right) = 810$ টাকা।

67(b): $A(24) = \frac{4}{96}$, $B(32) = \frac{3}{96}$ [∵ 24 ও 32 এর ল.সা.গু. = 96]
B নল চলে $= \frac{96 - (18 \times 4)}{3} = \frac{24}{3} = 8$ মিনিট।

68(c): অনুকূল : প্রতিকূল সময়ের অনুপাত = 1 : 2 হলে
∴ নৌকা ও স্রোতের গতির অনুপাত = 3 : 2 হবে
∴ অনুকূল ও প্রতিকূলের সময়ের অনুপাত = 10 : 20 = 1 : 2
∴ নৌকার গতিবেগ 9 হলে, স্রোতের গতিবেগ $= \left(9 \times \frac{1}{3}\right) = 3$ হবে
∴ মোট দূরত্ব $= 10 \times (9 + 3) = 120$ কিলোমিটার।

69(a): 132 কিলোমিটার স্টিমারে যেতে মোট খরচ $= (132 \times 6)$ পয়সা $= 7.92$ টাকা
132 কিলোমিটার ট্রেনে যেতে মোট খরচ $= (132 \times 10)$ পয়সা $= 13.20$ টাকা

স্টিমার ট্রেন
7.92 13.20
9.60
(13.20 − 9.60) = 3.60 (9.60 − 7.92) = 1.68
= 15 : 7

∴ ট্রেনে যান $= 132 \times \frac{7}{(15 + 7)} = 42$ কিলোমিটার।

70(d): জলের উচ্চতা বাড়বে $= 525 \div (20 \times 15) = 1.75$ সেন্টিমিটার।

71(d): $99\frac{97}{99} \times 99 = (99 \times 99) + \left(\frac{97}{99} \times 99\right) = 9801 + 97 = 9898$
অথবা
$(100 \times 99) - (99 - 97) = 9900 - 2 = 9898$.

72(d): $\frac{7}{16} = \frac{21}{48}$, $\frac{5}{12} = \frac{20}{48}$, $\frac{1}{3} = \frac{16}{48}$ [যেহেতু, হর ⇒ 16, 12 ও 3-র ল.সা.গু. = 48] ∴ $\frac{1}{3} < \frac{5}{12} < \frac{7}{16}$.

73(c): $869 - 653 = 216$ এবং $1229 - 869 = 360$
∴ 216 এবং 360-র গ.সা.গু. = 72.

74(c): সংকেত: শূন্য ছাড়া যে-কোনও তিনটি পৃথক অঙ্ক দ্বারা গঠিত তিন অঙ্কের সংখ্যাগুলির সমষ্টি = অঙ্কসমষ্টি × 222
∴ নির্ণেয় সংখ্যার সমষ্টি $= (2 + 9 + 5) \times 222 = 3552$
অথবা
$(295 + 259) + (529 + 592) + (925 + 952) = 3552$.

75(d): 300 থেকে 399 পর্যন্ত 100টি সংখ্যা 3 দ্বারা শুরু এবং 400 থেকে 500 পর্যন্ত 10টি সংখ্যা (403, 413, 423, ..., 493) 3 দ্বারা শেষ
∴ নির্ণেয় সংখ্যা $= (100 + 10) = 110$টি।

76(a): নির্ণেয় সময় $= \frac{50 \times 6 \times 12 \times 2}{60 \times 8} = 15$ ঘণ্টা।

এরপর সমাধান আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# দিল্লি ডেভেলপমেন্ট অথরিটিতে ১৭৩

*প্রথম পাতার পর*

জিওগ্রাফিক্ ইনফর্মেশন সিস্টেম বা জিও-ইনফর্মেটিক্স বা সমতুল বিষয়ে ডিগ্রি বা ডিপ্লোমা থাকলে বা ইনস্টিটিউট অব টাউন প্ল্যানার্স (ইন্ডিয়া)-র অ্যাসোসিয়েট মেম্বার হলে অগ্রাধিকার। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড ০৫: **অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (আর্কিটেকচার)**: ১৩টি (সাধারণ ৮, ওবি সি ৫)। শিক্ষাগত যোগ্যতা: আর্কিটেকচারে স্নাতক, সঙ্গে আর্কিটেকচার বা আর্বান ডিজাইন বা কনজারভেশন বা ল্যান্ডস্কেপ বা বিল্ডিং ইঞ্জিনিয়ারিংয়ে পোস্ট-গ্র্যাজুয়েশন করে থাকতে হবে, সঙ্গে কাউন্সিল অব আর্কিটেকচারের মেম্বার হতে হবে। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড ০৬: **অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (সিস্টেম)**: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: প্রথম শ্রেণির নম্বর-সহ কম্পিউটার সায়েন্সে এম ই বা আই টিতে এম ই বা এম টেক অথবা কম্পিউটার সায়েন্স বা আই টিতে বি ই বা বি টেক বা এম এসসি অথবা এম সি এ। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড ০৭: **অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (মিনিস্টেরিয়াল)**: ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ৪)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: পার্সোনেল বা হিউম্যান রিসোর্স বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশন বা রিয়েল এস্টেট বা আর্বান ম্যানেজমেন্ট বা ফিনান্স বা মার্কেটিংয়ে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড ০৮: **অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার**: ১৮টি (তফসিলি উপজাতি ৮, ও বি সি ৭, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ১, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ২)। শিক্ষাগত যোগ্যতা: সি এ বা সি এস বা আই সি ডব্লু এ অথবা ফিনান্সিয়াল কন্ট্রোলে মাস্টার্স ডিগ্রি অথবা ফিনান্সে এম বি এ বা সমতুল। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড ১০: **প্ল্যানিং অ্যাসিস্ট্যান্ট**: ৪৫টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৪)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং বৌদ্ধিক প্রতিবন্ধী বা একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: প্ল্যানিং বা আর্কিটেকচারে ব্যাচেলর্স ডিগ্রি। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড ১১: **প্রোগ্রামার**: ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্সে বি ই বা বি টেক। অথবা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা ডোয়েক বি লেভেল কোর্স পাশ। এর পাশাপাশি সফটওয়্যার ডেভেলপমেন্ট, ডেটা প্রসেসিং এবং ডেটাবেস ম্যানেজমেন্ট সিস্টেম-সংক্রান্ত কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড ১২: **জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)**: ৩টি (শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ১, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ২)। শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড ১৪: **আর্কিটেকচারাল অ্যাসিস্ট্যান্ট**: ১০টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। এর মধ্যে ১টি শূন্যপদ বৌদ্ধিক প্রতিবন্ধী বা একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: আর্কিটেকচারে ডিগ্রি। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড ১৫: **নায়েব তহসিলদার**: ৬টি (সাধারণ ৫, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। ল্যান্ড ও এস্টেট সম্পর্কিত বিভিন্ন অ্যাক্ট, রেগুলেশন বিষয়ে জ্ঞান থাকলে, আইনের ডিগ্রি থাকলে অগ্রাধিকার। বয়স: ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড ১৬: **অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার**: ৪টি (দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ২, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ১, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ১)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে কম্পিউটারের জ্ঞান থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড ১৭: **সার্ভেয়র**: ১৩টি (তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। শিক্ষাগত যোগ্যতা: সার্ভেয়িংয়ে ডিপ্লোমা বা ২ বছর মেয়াদের ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট কোর্স পাশ। এর পাশাপাশি সার্ভে ওয়ার্কে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড ১৮: **স্টেনোগ্রাফার গ্রেড ডি**: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১০, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ৮০টি শব্দের দ্রুততা থাকতে হবে। এই গতিতে ১০ মিনিট ধরে নেওয়া ডিক্টেশন ইংরেজিতে ৫০ মিনিটে ও হিন্দিতে ৬৫ মিনিটে কম্পিউটারে লেখার দক্ষতা থাকতে হবে। অফিস ম্যানেজমেন্ট ও সেক্রেটারিয়াল প্র্যাক্টিসে ডিপ্লোমা থাকলে অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড ১৯: **অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (ল্যান্ডস্কেপ)**: ৫টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ৩)। শিক্ষাগত যোগ্যতা: আর্কিটেকচার বা বটানি বা এগ্রিকালচার বা হর্টিকালচারে স্নাতক, সঙ্গে ল্যান্ডস্কেপ আর্কিটেকচারে স্নাতকোত্তর ডিপ্লোমা। ল্যান্ডস্কেপ প্ল্যানিং-সংক্রান্ত কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে।

সব ক্ষেত্রেই তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। বিধবা, বিবাহবিচ্ছিন্ন, আইনত স্বামীবিচ্ছিন্ন মহিলা প্রার্থীরা পুনরায় বিবাহ না করে থাকলে ও ৩৫ বছরের মধ্যে বয়স থাকলে সার্ভেয়র ও স্টেনোগ্রাফার পদের জন্য আবেদন করতে পারবেন।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে ইন্টারভিউ, কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট এবং স্কিল টেস্টের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র দিল্লি। ১২০ নম্বরের অনলাইন পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে রিজনিং, কোয়ান্টিটেটিভ অ্যাপটিটিউড, জেনারেল অ্যাওয়ারনেস এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ বিষয়ে। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার নেওয়া হবে তিন পর্যায়ের অনলাইন পরীক্ষা (অবজেক্টিভ ও ডেসক্রিপটিভ) এবং কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্টের মাধ্যমে। সব ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dda.org.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের শেষ তারিখ ২২ জানুয়ারি। দরখাস্তের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা ফটো এবং সই (উভয়ই ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ফি লাগবে না। ফি দিতে হবে অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। ফি-সহ দরখাস্ত সাবমিট করার শেষ তারিখ ২৫ জানুয়ারি। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্যের সরকারি হাসপাতালে ১২৪৭ স্পেশ্যালিস্ট মেডিক্যাল অফিসার

পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর ১,২৪৭ জন স্পেশ্যালিস্ট মেডিক্যাল অফিসার নেবে। নিয়োগ করা হবে ওয়েস্ট বেঙ্গল হেলথ সার্ভিসে (বেসিক গ্রেড)। প্রার্থী বাছাই করবে ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ড। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R/MO(Sp.)/60(1)/1/2018.

মোট শূন্যপদ: ১,২৪৭টি। স্পেশ্যালাইজেশন অনুসারে শূন্যপদ: জেনারেল মেডিসিন: ১৫৬টি, জেনারেল সার্জারি: ১৬৫, গাইনিকোলজি অ্যান্ড অবস্টেট্রিক্স: ৮৬টি, অ্যানেস্থিসিয়া: ২১০, অপথ্যালমোলজি: ৮৭, অটোরাইনোল্যারিঙ্গোলজি: ৮৮টি, ডার্মাটোলজি: ৩টি, প্যাথলজি: ৩৭টি, বায়োকেমিস্ট্রি: ৫৭টি, মাইক্রোবায়োলজি: ২টি, পেডিয়াট্রিক মেডিসিন: ১২৭টি, অর্থোপেডিক সার্জারি: ৯৭টি, অঙ্কোলজি: ৬টি, রেডিওডায়াগনসিস: ১০৩টি, সাইকিয়াট্রি: ২, মেডিকোলিগ্যাল: ২১টি।

শিক্ষাগত যোগ্যতা: এম বি বি এস, সঙ্গে স্পেশ্যালাইজেশন বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েশন করে থাকতে হবে। এর পাশাপাশি স্টেট মেডিক্যাল কাউন্সিল বা মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়ায় নাম নথিভুক্ত থাকতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in অনলাইন দরখাস্ত করা যাবে ১০ জানুয়ারি থেকে ১৭ জানুয়ারি।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীরা দেখতে পারেন উপরোক্ত ওয়েবসাইট।

# ইলেক্ট্রনিক কর্পোরেশনে ২১০০

*প্রথম পাতার পর*

টাকা। জন্মতারিখ হতে হবে ৩১-১২-১৯৮৮-এর পরে।

**জুনিয়র কনসাল্ট্যান্ট-ফিল্ড অপারেশন (গ্রেড-ওয়ান)**: শূন্যপদ: ৯৭টি (সাধারণ ৫০, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৬)। **শিক্ষাগত যোগ্যতা**: স্টেট বোর্ড অব টেকনিক্যাল এডুকেশন কর্তৃক স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্সে ডিপ্লোমা। **বেতন**: নির্দিষ্ট মাসিক ১৭,৬৫৪ টাকা। **জন্মতারিখ** হতে হবে ৩১-১২-১৯৯৩-এর পরে।

**জুনিয়র কনসাল্ট্যান্ট-ফিল্ড অপারেশন (গ্রেড-টু)**: শূন্যপদ: ৯৮টি (সাধারণ ৫১, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৬)। **শিক্ষাগত যোগ্যতা**: ইলেক্ট্রনিক মেকানিক বা রেফ্রিজারেটর অ্যান্ড টিভি বা ইলেক্ট্রিক্যাল বা ফিটার ট্রেডে ২ বছরের আই টি আই কোর্স পাশ করে থাকতে হবে। **বেতন**: নির্দিষ্ট মাসিক ১৬,০৪২ টাকা। **জন্মতারিখ** হতে হবে ৩১-১২-১৯৯৩-এর পরে।

সংশ্লিষ্ট কাজের ক্ষেত্রে অন্তত ছয় মাসের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে।

তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে। বয়সে তফসিলিরা ৫ বছর, ও বি সি-রা ৩ বছর এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নথিপত্র যাচাই করা হবে এই ঠিকানায়: ECIL ZONAL OFFICE, Apeejay House, 4th & 2nd Floor, 15-Park Street, KOLKATA – 700 016. প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পরে সাত দিনের মধ্যে প্রার্থীকে কাজে যোগদান করতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://careers.ecil.co.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৫ জানুয়ারি। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (৫০ কেবি সাইজের মধ্যে) এবং কালো কালিতে করা সই (২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে অথবা অফলাইনে এস বি আই প্রি অ্যাকনলেজমেন্ট পেমেন্ট সিস্টেমের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ০৩৩-২২১৭০০২৮, ২২১৭২৯৯৬।

# রাজ্য বিদ্যুৎ বিতরণ নিগমে ১১৭৯

*প্রথম পাতার পর*

এনেবলড সার্ভিসেস এবং কম্পিউটার ফান্ডামেন্টালস অ্যান্ড প্রোগ্রামিং পড়ে থাকতে হবে। বি বি এ বা বি সি এ ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। তবে উচ্চমাধ্যমিক বা স্নাতকস্তরে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। অথবা স্ট্যাটিস্টিক্স বা কম্পিউটার সায়েন্সে অনার্স-সহ বি এসসি। উচ্চমাধ্যমিক বা স্নাতকস্তরে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। অথবা যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে স্নাতকে একটি পূর্ণ পত্র হিসেবে কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশন বা ইনফর্মেশন টেকনোলজি পড়ে থাকতে হবে। উচ্চমাধ্যমিক বা স্নাতকস্তরে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। অথবা এম সি এ, এক্ষেত্রেও উচ্চমাধ্যমিক বা স্নাতকস্তরে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে।

**জুনিয়র অপারেটর টেকনিশিয়ান কাম টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট**: ৪৩৪টি (সাধারণ ২০৩, তফসিলি জাতি ৯২, তফসিলি উপজাতি ২৭, ও বি সি-এ ৪৪, ও বি সি-বি ৩১, দৈহিক প্রতিবন্ধী ১৫, প্রাক্তন সমরকর্মী ২২)। এক্সেম্পটেড ক্যাটেগরির জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে ইলেক্ট্রনিক মেকানিক বা ওয়্যারম্যান বা ইলেক্ট্রিশিয়ান ট্রেডে এন সি ভি টি স্বীকৃত ২ বছরের আই টি আই ট্রেড সার্টিফিকেট পাশ, অথবা এন সি ভি টি স্বীকৃত আই টি আই থেকে ব্রড বেসড বেসিক ট্রেনিং সার্টিফিকেট এবং ইলেক্ট্রিক্যাল সেক্টরে অ্যাডভান্সড/স্পেশ্যালাইজড মডিউল পড়ে থাকতে হবে (সব মিলিয়ে ২ বছরের কোর্স), অথবা ইলেক্ট্রনিক মেকানিক বা ওয়্যারম্যান বা ইলেক্ট্রিশিয়ান ট্রেডে ৩ বছরের ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট।

**বয়স**: ১-১-২০১৮ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম**: ৬,৩০০-২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে অফিস এক্সিকিউটিভের ক্ষেত্রে ৩,৬০০ টাকা ও অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে ২,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা (১০০ নম্বর), কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট (২০ নম্বর) ও পার্সোনাল ইন্টারভিউয়ের (৩০ নম্বর) মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র কলকাতা। তবে কর্তৃপক্ষ মনে করলে দুর্গাপুর বা শিলিগুড়িতেও পরীক্ষা নেওয়া হতে পারে। অফিস এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় থাকবে জেনারেল অ্যাওয়ারনেস (১৫ নম্বর), রিজনিং (১৫ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপটিটিউড (২০ নম্বর), ইংলিশ গ্রামার অ্যান্ড কম্প্রিহেনশন (২০ নম্বর), ডেটা অ্যানালিসিস, ডেটা ইন্টারপ্রিটেশন অ্যান্ড ডেটা সাফিশিয়েন্সি (২০ নম্বর), কম্পিউটার অ্যাওয়ারনেস (১০ নম্বর)। সময় ২ ঘণ্টা। জুনিয়র অপারেটর টেকনিশিয়ান কাম টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে থাকবে জেনারেল ইন্টেলিজেন্স/রিজনিং (১০ নম্বর), টেস্ট অব এলিমেন্টারি ইংলিশ (১৫ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপটিটিউড/এলিমেন্টারি ম্যাথ (১৫ নম্বর), জেনারেল নলেজ (১০ নম্বর), ডোমেন নলেজ (৫০ নম্বর)। সময় ২ ঘণ্টা। উভয় পদের ক্ষেত্রেই কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্টে থাকবে এম এস ওয়ার্ড, এম এস এক্সেল ও পাওয়ার পয়েন্ট। সময় ৩০ মিনিট। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের অন্তত ৪০ শতাংশ, তফসিলি জাতি এবং ও বি সিদের ৩৫ শতাংশ, তফসিলি উপজাতি ও দৈহিক প্রতিবন্ধীদের অন্তত ৩০ শতাংশ নম্বর পেতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbsedcl.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৮ জানুয়ারি। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো এবং সই আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা (ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত)। পশ্চিমবঙ্গের তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। চালানের মাধ্যমে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দিতে হবে। চালানের প্রিন্ট আউট পাবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। ফি জমা দেওয়ার পর চালানের প্রার্থীর কপি ও সংস্থার কপি নিজের কাছে রেখে দেবেন। পরে প্রয়োজন হবে। ফি জমা দিয়ে পাওয়া ট্রানজ্যাকশন আই ডি এবং এস ও এল আই ডি অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রয়োজন হবে।

অনলাইন দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর রেজিস্ট্রেশন স্লিপের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ফোন করতে পারেন এই হেল্পলাইন নম্বর: ৯৩১৯৩-২৮৭৭২, ৯৩১৯৪-৪১২০৪।

banglajobgude.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# দুর্গাপুর স্টিল প্ল্যান্ট হসপিটালে নার্সকে প্রশিক্ষণ

৭০ জন প্রশিক্ষিত নার্সকে 'প্রফিশিয়েন্সি ট্রেনিং' দেবে দুর্গাপুর স্টিল প্ল্যান্ট হসপিটাল। এটি ৬০০ শয্যাবিশিষ্ট একটি মাল্টি-স্পেশ্যালিটি হাসপাতাল। প্রশিক্ষণের মেয়াদ দেড় বছর। প্রশিক্ষণ দেওয়া হবে আই সি ইউ, এন আই সি ইউ, সার্জারি, অর্থোপেডিক্স-সহ বিভিন্ন বিভাগে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। প্রার্থী বাছাই করা হবে একটি ওয়াক-ইন-ইন্টারভিউ-এর মাধ্যমে। ইন্টারভিউ ৬ জানুয়ারি, দুর্গাপুর স্টিল প্ল্যান্ট হসপিটালে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: DSP/M&HS/2018/PT(N)-2.

**আসনসংখ্যা:** ৭০টি। **শিক্ষাগত যোগ্যতা:** কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে নার্সিংয়ে বি এসসি বা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। সঙ্গে স্টেট নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। তবে, রেজিস্ট্রেশন সার্টিফিকেট না থাকলেও আবেদন করা যাবে। সেক্ষেত্রে প্রশিক্ষণ শুরুর তিন মাসের মধ্যে রেজিস্ট্রেশন সার্টিফিকেট দাখিল করতে হবে। বয়স: ৩০-৪-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ৮,০০০ টাকা। সঙ্গে নলেজ এনহান্সমেন্ট অ্যালাওয়েন্স।

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউ এবং শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে। ওয়াক-ইন-ইন্টারভিউ ৬ জানুয়ারি, সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: Director's Conference Hall, Durgapur Steel Plant (DSP) Main Hospital, Durgapur-713205.

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.sail.co.in দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে। পূরণ করা দরখাস্ত স্ক্যান করে ৪ জানুয়ারির মধ্যে পাঠাতে পারেন এই ই-মেল আই ডি-তে: dspintake@saildsp.co.in

### ওয়াক-ইন-ইন্টারভিউয়ে সঙ্গে নিয়ে যাবেন

- ✓পূরণ করা দরখাস্ত।
- ✓প্রার্থীর পাঁচ কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে ১টি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓নির্দিষ্ট বয়ানে পূরণ করা একটি আন্ডারটেকিং (অ্যানেক্সচার-এ)।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓স্টেট নার্সিং কাউন্সিল কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ইন্টার্নশিপ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓প্রার্থীর পরিচয়পত্র হিসেবে ভোটার কার্ড বা প্যান বা আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

ওয়াক-ইন-ইন্টারভিউয়ের দিন উপরোক্ত নথিপত্রের ২ কপি স্বপ্রত্যয়িত নকল এবং মূল নথি সঙ্গে নিয়ে যাবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ডি সি দাস, ডেপুটি ম্যানেজার: ৯৪৩৪৭-৯১৩৮০।

## কবে কোন পরীক্ষা

**বিজ্ঞপ্তি নম্বর19 of 2018 অনুসারে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত** সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল), অ্যাকাউন্ট্যান্ট ও ক্যাশিয়ার পদে নিয়োগের পরীক্ষা ৬ জানুয়ারি এবং অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল), সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (এল সি ই), ক্লার্ক ও টাইপিস্ট পদে নিয়োগের পরীক্ষা ১৩ জানুয়ারি। তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.mscwb.org

□

**বিজ্ঞপ্তি নম্বর 20 of 2018 অনুসারে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন দ্বারা** পরিলচালিত সার্ভেয়র পদে নিয়োগের পরীক্ষা ১৩ জানুয়ারি এবং অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল), সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল ও ইলেক্ট্রিক্যাল), অ্যাসিস্ট্যান্ট প্ল্যানার এবং লোয়ার ডিভিশন ক্লার্ক পদে নিয়োগের পরীক্ষা ৬ জানুয়ারি। তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.mscwb.org

# যোধপুর এইমসে ১১৭

*প্রথম পাতার পর*

বিষয়ে। সময়সীমা ৩ ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsjodhpur.edu.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্তের শেষ তারিখ ২ ফেব্রুয়ারি। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা স্বপ্রত্যয়িত ফটো, সই এবং বাঁ হাতের বুড়ো আঙুলের ছাপ আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,০০০ টাকা (মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০০ টাকা)। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# মধ্যপ্রদেশ হাইকোর্টে ১৯০ সিভিল জজ

*প্রথম পাতার পর*

**বেতনক্রম:** ২৭,৭০০-৪৪,৭৭০ টাকা।

প্রার্থী বাছাই হবে অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা, মেন পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষা ২৩ ফেব্রুয়ারি। ১৫০ নম্বরের অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই পরীক্ষায়।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mponline.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২০ জানুয়ারি। ফি বাবদ পশ্চিমবঙ্গের প্রার্থীদের দিতে হবে ১,০০০ টাকা। অনলাইনেই ফি দিতে হবে।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 610/Exam/CJ/2019. খুঁটিনাটি তথ্যের জন্য দেখবেন উপরোক্ত ওয়েবসাইট।

# নেভিতে খেলোয়াড়

*প্রথম পাতার পর*

স্কোয়াশ, বেস্ট ফিজিক (দেহসৌষ্ঠব), ফেন্সিং, গল্ফ, টেনিস, কায়াকিং অ্যান্ড কানোয়িং, রোয়িং, শুটিং, সেইলিং অ্যান্ড উইন্ড সার্ফিং এবং ইক্যুয়েস্ট্রিয়ান (হর্স পোলো)।

**এন্ট্রি অনুসারে শিক্ষাগত যোগ্যতা: ডাইরেক্ট এন্ট্রি পেটি অফিসার: শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। **খেলাধুলার যোগ্যতা:** দলগত ইভেন্টের ক্ষেত্রে জুনিয়র বা সিনিয়র পর্যায়ে আন্তর্জাতিক বা জাতীয় বা রাজ্য স্তরে প্রতিনিধিত্ব করে থাকতে হবে। ব্যক্তিগত ইভেন্টের ক্ষেত্রে সংশ্লিষ্ট খেলায় জাতীয় স্তরে সিনিয়র লেভেলে অন্তত ষষ্ঠ স্থান বা জুনিয়র লেভেলে অন্তত তৃতীয় স্থান বা ইন্টার ইউনিভার্সিটি মিটে তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে। **বয়স:** কোর্স শুরুর দিনে ১৭ থেকে ২২ বছরের মধ্যে। জন্মতারিখ হতে হবে ১-২-১৯৯৭ থেকে ৩১-১-২০০২-এর মধ্যে।

**সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস: শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। **খেলাধুলার যোগ্যতা:** আন্তর্জাতিক বা জাতীয় বা রাজ্য স্তরে অংশগ্রহণ করে থাকতে হবে। আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিত্ব করে থাকলেও আবেদন করা যাবে। **বয়স:** কোর্স শুরুর দিনে ১৭ থেকে ২১ বছরের মধ্যে। জন্মতারিখ হতে হবে ১-২-১৯৯৮ থেকে ৩১-১-২০০২-এর মধ্যে।

**ম্যাট্রিক রিক্রুটস: শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। **খেলাধুলার যোগ্যতা:** আন্তর্জাতিক বা জাতীয় বা রাজ্য স্তরে অংশগ্রহণ করে থাকতে হবে। **বয়স:** কোর্স শুরুর দিনে ১৭ থেকে ২১ বছরের মধ্যে। জন্মতারিখ হতে হবে ১-৪-১৯৯৮ থেকে ৩১-৩-২০০২-এর মধ্যে। এই এন্ট্রির মাধ্যমে লজিস্টিক্স (শেফ ও স্টুয়ার্ড) অথবা হাইজিনিস্ট পদে নিয়োগ হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫৭ সেমি। বুকের ছাতি ৫ সেমি পর্যন্ত ফোলানোর ক্ষমতা থাকতে হবে। বয়স ও উচ্চতা অনুসারে ওজন হতে হবে। রং চেনার ক্ষমতা সি পি-টু মানের হতে হবে।

**দৃষ্টিশক্তি:** সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস এন্ট্রির ক্ষেত্রে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯, চশমা-সহ উভয় চোখে ৬/৬। ম্যাট্রিক রিক্রুটস এন্ট্রির ক্ষেত্রে চশমা ছাড়া উভয় চোখে ৬/৩৬, চশমা-সহ উভয় চোখে ৬/৯।

প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে। শিরাস্ফীতি, চ্যাটালো পায়ের পাতা, তির্যক চাউনি থাকলে চলবে না। বর্ণান্ধতা বা রাতকানা অসুখ থাকলে চলবে না।

খেলাধুলার যোগ্যতার ভিত্তিতে প্রাথমিক তালিকা প্রস্তুত করা হবে। তালিকাভুক্ত প্রার্থীদের ট্রায়ালের জন্য ডাকা হবে। উত্তীর্ণদের মেডিক্যাল এক্সামিনেশন হবে মুম্বইয়ের আই এন এস হামলায়।

ট্রেনিং হবে আই এন এস চিলিকায়।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে নির্দিষ্ট মাসিক ১৪,৬০০ টাকা। সফল ট্রেনিং শেষে বেতনক্রম: ২১,৭০০-৪৩,১০০ টাকা। সঙ্গে মিলিটারি সার্ভিস পে ৫,২০০ টাকা। মাস্টার চিফ পেটি অফিসার-১ (সুবেদার মেজর র‍্যাঙ্ক সমতুল) র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.joinindiannavy.gov.in পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓দু'কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। ফটোদু'টি দরখাস্ত ও আইডেন্টিফিকেশন ফর্মের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন।
- ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓শিক্ষাগত ও খেলোধুলার যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ডোমিসাইল সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓এন সি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (থাকলে)।
- ✓নিজের নাম-ঠিকানা লেখা ২২×১০ সেমি মাপের দুটি খাম। একটি খামের উপর ১০ টাকার স্ট্যাম্প সেঁটে দেবেন।
- ✓যথাযথভাবে পূরণ করা আইডেন্টিফিকেশন ফর্ম।

দরখাস্ত ভরা খয়েরি রঙের খামের উপর এন্ট্রি, ব্যাচ নম্বর, যে খেলার সঙ্গে যুক্ত তার নাম ও কোন স্তরে প্রতিনিধিত্ব করেছেন, লিখবেন। যেমন, 'SSR 01/2019 KABBADI - NATIONAL LEVEL.'

সাধারণ ডাকে ২৬ জানুয়ারির মধ্যে দরখাস্ত পৌঁছনো চাই এই ঠিকানায়: THE SECRETARY, INDIAN NAVY SPORTS CONTROL BOARD, 7th Floor, Chankya Bhavan, INTEGRATED HEADQUARTERS, MoD (NAVY), NEW DELHI 110 021. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রেলে ১৪০৩৩ ইঞ্জিনিয়ার, সায়েন্স গ্র্যাজুয়েট

*সাতের পাতার পর*

ইঞ্জিনিয়ার (এস অ্যান্ড টি/টেলিকমিউনিকেশন): ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। নিয়োগ হবে সিগনাল অ্যান্ড টেলিকমিউনিকেশন বিভাগে দক্ষিণ পূর্ব রেলে।

**আর আর বি শিলিগুড়ি:** জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল/ডিজাইন ড্রয়িং অ্যান্ড এস্টিমেশন): ২৯টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে উত্তর সীমান্ত রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (পার্মানেন্ট ওয়ে): ৭৪টি (সাধারণ ৩৬, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২০)। এর মধ্যে ৭টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে উত্তর সীমান্ত রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ওয়ার্কস): ৩৭টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইঞ্জিনিয়ারিং বিভাগে উত্তর সীমান্ত রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ক্যারেজ অ্যান্ড ওয়াগন): ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ৩)। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে উত্তর সীমান্ত রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ডিজেল মেকানিক্যাল): ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে উত্তর সীমান্ত রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ডিজেল ইলেক্ট্রিক্যাল): ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। নিয়োগ হবে মেকানিক্যাল বিভাগে উত্তর সীমান্ত রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/জেনারেল সার্ভিসেস): ২টি (সাধারণ)। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল বিভাগে উত্তর সীমান্ত রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/টি আর ডি): ১৪টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল বিভাগে উত্তর সীমান্ত রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (এস অ্যান্ড টি/সিগনাল): ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, ও বি সি ২)। নিয়োগ হবে এস অ্যান্ড টি বিভাগে উত্তর সীমান্ত রেলে। জুনিয়র ইঞ্জিনিয়ার (এস অ্যান্ড টি/টেলিকমিউনিকেশন): ১১টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, ও বি সি ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ হবে এস অ্যান্ড টি বিভাগে উত্তর সীমান্ত রেলে।

প্রার্থী বাছাই হবে দুই পর্বের কম্পিউটারভিত্তিক পরীক্ষা, নথিপত্র যাচাই ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে।

প্রথম পর্বের কম্পিউটারভিত্তিক পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: ম্যাথমেটিক্স, জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল সায়েন্স। সময়সীমা দেড় ঘণ্টা। প্রিলিমিনারি পরীক্ষা একটি স্ক্রিনিং টেস্ট। এই পরীক্ষায় পাশ করলে দ্বিতীয় পর্বের পরীক্ষায় বসার ডাক পাওয়া যাবে। দ্বিতীয় পর্বের কম্পিউটারভিত্তিক পরীক্ষাও অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস ধরনের। এক্ষেত্রে ১৫০টি প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়ারনেস, ফিজিক্স ও কেমিস্ট্রি, কম্পিউটার বেসিকস, এনভায়রনমেন্ট অ্যান্ড পলিউশন কন্ট্রোল এবং সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয় থেকে। সময়সীমা ২ ঘণ্টা। দুই পরীক্ষাতেই ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে।

দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীরা স্ক্রাইবের সাহায্য নিলে প্রিলিমিনারি পরীক্ষায় ৩০ মিনিট এবং মেন পরীক্ষায় ৪০ মিনিট অতিরিক্ত সময় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে নিম্নোক্ত আর আর বি-গুলির কোনও একটির ওয়েবসাইটের মাধ্যমে। একাধিক আর আর বি-র শূন্যপদে আবেদন করবেন না। দরখাস্তে পছন্দের একাধিক পদ এবং সংশ্লিষ্ট আর আর বি-র আওতাধীন রেল ও রেলওয়ে ওয়ার্কশপ উল্লেখের সুযোগ আছে। অনলাইন দরখাস্ত করা যাবে ৩১ জানুয়ারি পর্যন্ত। অনলাইন দরখাস্তে প্রার্থীর স্ক্যান করা ফটো ও সই আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (মহিলা প্রার্থী, তফসিলি, প্রাক্তন সমরকর্মী, দৈহিক প্রতিবন্ধী, সংখ্যালঘু প্রার্থী, অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া প্রার্থী এবং রূপান্তরকামী প্রার্থীদের ক্ষেত্রে ফি ২৫০ টাকা)। প্রথম পর্বের পরীক্ষায় বসলে সাধারণ এবং ও বি সি ক্যাটেগরির প্রার্থীরা ফিয়ের ৪০০ টাকা ফেরত পাবেন। মহিলা প্রার্থী, তফসিলি, প্রাক্তন সমরকর্মী, দৈহিক প্রতিবন্ধী, সংখ্যালঘু প্রার্থী, অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া প্রার্থী এবং রূপান্তরকামী প্রার্থীরা প্রথম পর্বের পরীক্ষায় বসলে সমগ্র ফি অর্থাৎ ২৫০ টাকাই ফেরত পাবেন। উভয় ক্ষেত্রেই ব্যাঙ্ক চার্জ বাদ দিয়ে রেল ফিয়ের টাকা ফেরত দেবে। তাই অনলাইন দরখাস্তে ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর উল্লেখ করবেন। যে সব প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় ৫০ হাজার টাকার নীচে তারা অর্থনৈতিক দিক থেকে অনগ্রসর বলে বিবেচিত হবে। ফি দেওয়া যাবে অনলাইনে, ক্রেডিট বা ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এস বি আই চালান বা পোস্ট অফিস চালানের মাধ্যমেও ফি জমা দেওয়া যাবে। ৩১ জানুয়ারি তারিখে দরখাস্ত করলে অনলাইনে অর্থাৎ নেট ব্যাঙ্কিং বা ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ডের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে ৫ ফেব্রুয়ারি পর্যন্ত এবং অফলাইনে ফি জমা দিতে চাইলে ফি জমা দিতে হবে ৪ ফেব্রুয়ারির মধ্যে। ফি-সংক্রান্ত তথ্য অনলাইন দরখাস্তে আপলোড করতে হবে। সেক্ষেত্রে ফি জমা-সংক্রান্ত তথ্য আপলোড করার পরে অনলাইন দরখাস্ত সাবমিট করার শেষ দিন ৭ ফেব্রুয়ারি।

বিশদ তথ্য পাবেন নিচের আর আর বি-গুলির ওয়েবসাইটে: কলকাতা আর আর বি: www.rrbkolkata.gov.in, শিলিগুড়ি আর আর বি: www.rrbsiliguri.org, মালদা আর আর বি: www.rrbmalda.gov.in, আমেদাবাদ আর আর বি: www.rrbahmedabad.gov.in, আজমের আর আর বি: www.rrbajmer.gov.in, এলাহাবাদ আর আর বি: www.rrbald.gov.in, ব্যাঙ্গালোর আর আর বি: www.rrbbnc.gov.in, ভোপাল আর আর বি: www.rrbbpl.gov.in, ভুবনেশ্বর আর আর বি: www.rrbbbs.gov.in, বিলাসপুর আর আর বি: www.rrbbilaspur.gov.in, চণ্ডিগড় আর আর বি: www.rrbcdg.gov.in, চেন্নাই আর আর বি: www.rrbchennai.gov.in, গোরখপুর আর আর বি: www.rrbgkp.gov.in, গুয়াহাটি আর আর বি: www.rrbguwahati.gov.in, জম্মু-শ্রীনগর আর আর বি: www.rrbjammu.nic.in, মুম্বই আর আর বি: www.rrbmumbai.gov.in, মুজফফরপুর আর আর বি: www.rrbmuzaffarpur.gov.in, পাটনা আর আর বি: www.rrbpatna.gov.in, রাঁচি আর আর বি: www.rrbranchi.gov.in, সেকেন্দ্রাবাদ আর আর বি: www.rrbsecunderabad.nic.in, তিরুঅনন্তপুরম আর আর বি: www.rrbthiruvananthapuram.gov.in